রাঁচি, মঙ্গলবার
07:11:2023

বাংলা দৈনিক
# জাতীয় খবর
JATIO KHOBOR
BANGLA DAINIK

04

web : www.rashtriyakhabar.com

Page >> 8 Rate >> 3 Rupee >> Year >> 04 Vol >>034 >>20 Kartik 1430 >> epaper.rashtriyakhabar.com পৃষ্ঠা >> ০৮ মূল্য >> ৩ টাকা বর্ষ >> ০৪ অংক >> ০৩৪ >> << ২০শে, কার্তিক ১৪৩০>>



### মেইনে নিহত ১৮ জনের পরিবারের সঙ্গে দেখা করলেন বাইডেন দম্পতি

**নিউ ইয়র্ক ঃ** যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও তার স্ত্রী ফার্স্ট লেডি জিল বাইডেন ২৫ অক্টোবরের গুলি চালনার ঘটনায় মেইন অঙ্গরাজ্যের লুইস্টানে যে ১৮ জন প্রাণ হারান তাদের পরিবারের সঙ্গে দেখা করতে সেই শহরে যান। বাইডেন পরিবারের সদস্য এবং যারা প্রাণে রক্ষা পেয়েছেন তাদের উদ্দেশ্যে বলেন, ১৮টি মূল্যবান আত্মা চুরি গেছে, তেরো জন আহত হয়েছেন। তারা সকলেই ভালেঅবাসা , সেবা ও আত্মত্যাগের জীবন যাপন করেছেন । তিনি আরও বলেন , আমাদের রাজনীতি নির্বিশেষে, গুলির শিকার না হয়ে এবং নিহত না হয়ে বোলিং অ্যালেতে, রেস্টুরেন্টে , স্কুলে, গির্জায় এটি আমাদের স্বাধীনতাকে সুরক্ষা দেয়ার বিষয়। হোয়াইট হাউসের বন্দুক সহিংসতা প্রতিরোধ দপ্তরের প্রধান স্টিফ্যানি ফেল্ডম্যান এক বিবৃতিতে জানান যে বাইডেন, বন্দুক সহিংসতার সংক্রমণ যা আমাদের সমাজকে টুকরো টুকরো করে দিচ্ছে তা বন্ধ করতে এবং বন্দুক সুরক্ষা আইনের ব্যাপারে কংগ্রেসের উপর চাপ দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

**বাজার দর**

SENSEX : 64958.69 +594.91
NIFTY : 19411.75 +181.16

**রাঁচি PARA UPDATE**

| সর্বোচ্চ | সর্বনিম্ন |
|---|---|
| 27.00 °c | 14.00 °c |

সূর্যাস্ত (আজ) >> 17 .07 টা
সূর্যোদয় (কাল) >> 05 .57 টা

**গহনার বাজার**

সোনা (বিক্রী) 58,760 টাকা./10 গ্রাম
সোনা (ক্রয়) 55,420 টাকা./10 গ্রাম
রুপা >> 73,100 টাকা./কিলো

## রাষ্ট্রীয় খবর সংক্ষিপ্ত খবর

### গাজায় আড়াই হাজারের বেশি লক্ষ্যবস্তুতে আঘাত করা হয়েছে, বলছে ইসরাইল

**ইসরাইল ঃ** রবিবার ইসরাইল বলছে, তারা ৭ অক্টোবর হামাসের বিরুদ্ধে যুদ্ধ শুরুর পর থেকে আড়াই হাজারেরও বেশি লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম হয়েছে। ইসরাইল বলছে, এই লক্ষ্যবস্তুগুলোতে ইসরাইলের স্থল, বিমান ও নৌবাহিনীর সমন্বিত কার্যক্রমের মাধ্যমে আঘাত হানা হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যম টেলিগ্রামে ইসরাইল সেনাবাহিনীর চ্যানেলে পোস্ট করা বিবৃতিতে বলা হয়, রাতভর আইডিএফের (ইসরাইলি প্রতিরক্ষা বাহিনী) সেনারা যুদ্ধবিমানের মাধ্যমে হামাসের সামরিক কমপাউন্ডে হামলা চালায়, যার মধ্যে আছে নিয়ন্ত্রণ ও পরিচালনা কেন্দ্র, পর্যবেক্ষণ চৌকি ও হামাসের ব্যবহৃত বাড়তি অবকাঠামো। অতর্কিত হামলায় ইসরাইলের ১ হাজার ৪০০ জনের চেয়েও বেশি নাগরিককে হত্যা ও ২০০ জনের বেশি নাগরিককে জিম্মি করার পর হামাসের বিরুদ্ধে পালটা হামলার অভিযান শুরু করে ইসরাইল। যুক্তরাষ্ট্র ১৯৯৭ সালে হামাসকে সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে। ইসরাইল, মিশর, ইউরোপীয় ইউনিয়ন এবং জাপানও হামাসকে সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে বিবেচনা করে। ইতোমধ্যে ফিলিস্তিনি এক স্বাস্থ্য কর্মকর্তা জানিয়েছেন, রবিবার গাজা ভূখণ্ডের কেন্দ্রে দুইটি শরণার্থী শিবিরে ইসরাইল বোমাবর্ষণ করলে অন্তত ৫৩ জন ফিলিস্তিনি নিহত এবং অনেকে আহত হন। রয়টার্স নিরপেক্ষভাবে ওয়াফার এই প্রতিবেদনের সত্যতা যাচাই করতে পারেনি। এ বিষয়ে ইসরাইলি সামরিক বাহিনীর কাছে মন্তব্য চাওয়া হলেও তারা তাৎক্ষনিকভাবে সাড়া দেয়নি। এ ধরনের হামলায় উত্তর গাজার মহল্লাগুলোতে বড় অংশ জুড়ে সব অবকাঠামো মাটির সঙ্গে মিশে গেছে। জাতিসংঘের অবকাঠামোগুলোতে এ অঞ্চলের প্রায় ৩ লাখ বাসিন্দা আশ্রয় নিয়েছে। এরকম এক অবকাঠামো শনিবার আক্রান্ত হয়। এতে ১৫ জন নিহত হন ও আরও কয়েক ডজন মানুষ আহত হন। জাতিসংঘের ফিলিস্তিনি শরণার্থী বিষয়ক ত্রাণ ও কর্মসংস্থান সংস্থার (ইউএনআরডব্লিউএ) যোগাযোগ বিষয়ক পরিচালক জুলিয়েট তুমা রয়টার্সকে বলেন, জাবালিয়া জেলার আলফাখৌরা স্কুলে হাজার হাজার মানুষ আশ্রয় নিয়েছিলেন। সে সময় এই স্কুলের ওপর হামলা হয়। রয়টার্স একটি ভিডিও সংগ্রহ করেছে, যেখানে এক তরুণ বালক বলছে, আমি যেখানে দাঁড়িয়ে ছিলাম, সেখানে ৩ বার বোমাবর্ষণ হল। আমি আমার নিজের হাতে একটি অক্ষত ও অপর একটি মস্তকহীন মরদেহ বহন করে আনলাম। ভিডিওতে বালকটি দুঃখহতাশায় কাঁদছিল। সৃষ্টিকর্তা আমার পক্ষ থেকে প্রতিশোধ নেবে, বলে সে। হামাসনিয়ন্ত্রিত গাজার স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় অন্তত ২৩১ জন মানুষ নিহত হয়েছেন। যার ফলে ইসরাইল ও ফিলিস্তিনি সশস্ত্র বাহিনীর মধ্যে যুদ্ধ শুরুর পর নিহত ফিলিস্তিনির সংখ্যা বেড়ে অন্তত ৯ হাজার ৪৮৮ হয়েছে।

# আফগানিস্তানে আফিম উৎপাদন ৯৫ শতাংশ কমেছে



**কাবুল ঃ** জাতিসংঘের রিপোর্ট জানাচ্ছে, তালেবান শাসনে আফগানিস্তানে আফিমের উৎপাদন ৯৫ শতাংশ কমেছে।

২০২২ সালের এপ্রিলে আফগানিস্তানে আফিম চাষের উপর নিষেধাজ্ঞা জারি করে তালেবান। আফগানিস্তানই ছিল বিশ্বের সবচেয়ে বড় আফিম উৎপাদনকারী। এখান থেকেই ইউরোপে ও এশিয়ায় হেরোইন যেত।

জাতিসংঘের অফিস অফ ড্রাগস অ্যান্ড ক্রাইম(ইউএনওডিসি) এই রিপোর্টটি তৈরি করেছে। সেই রিপোর্টে বলা হয়েছে, গত বছরের তুলনায় আফিম চাষ ৯৫ শতাংশের বেশি কম হয়েছে। গত বছর দুই লাখ ৩৩ হাজার হেক্টরে আফিম চাষ হয়েছিল। এবার হয়েছে, ১০ হাজার আটশ হেক্টরে।

গতবছর আফিম উৎপাদন হয়েছিল ছয় হাজার দুইশ টন, এবার তা কমে দাঁড়িয়েছে ৩৩৩ টন। এই বছর যে চাষ হয়েছে, তার থেকে ২৪ থেকে ৩৮ টন হেরোইন রপ্তানি করা যাবে। ২০২২ সালে রপ্তানি করা হয়েছিল ৩৫০ থেকে ৫৮০ টন। গত বছর আফিম চাষ করে কৃষকদের রোজগার হয়েছিল ১৩৬ কোটি ডলার। এবছর তা কমে দাঁড়িয়েছে ১১ কোটি ডলারে।

রিপোর্টে বলা হয়েছে, যারা আফিম চাষ করত, তারা যাতে অস্ত্র পাচার বা অন্য কোনো বেআইনি কাজ না করে, তার দিকে নজর রাখা উচিত। ইউএনওডিসির এক্সিডিউটিভ ডিরেক্টর ঘাডা ওয়ালি বলেছেন, ''আজ আফগানিস্তানের মানুষের জন্য মানবিক ত্রাণ খুবই জরুরি। ধান ও তুলো চাষের জন্য প্রচুর জল দরকার হয়। আর আফগানিস্তানে পরপর তিন বছর খরা হয়েছে। তাই মানুষকে বাঁচাতে সেখানে বিনিয়োগ দরকার। তাহলেই আফগানদের আফিম চাষ থেকে সরিয়ে আনা যাবে।''

কিন্তু তালেবানক্ষমতায় আসার পর সেখানে আন্তর্জাতিক ত্রাণ প্রায় যাচ্ছে না বললেই হয়। মেয়েদের অধিকারের নিয়ে চিন্তিত দেশগুলি আফগানিস্তানকে ত্রাণ দেয়া বন্ধ করে দিয়েছে।

### চার দিনের সফরে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী চীন পৌঁছেছেন

**মেলবোর্ন ঃ** শনিবার অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ ৪ দিনের সফরে চীন পৌঁছেছেন। ২০১৬ সালের পর এটাই অস্ট্রেলিয়ার কোনো নেতার প্রথম চীন সফর। অস্ট্রেলিয়ার নর্দার্ন টেরিটরির রাজধানী ডারউইনে অ্যালবানিজ বলেন, আমাদের অন্যতম প্রধান বাণিজ্যিক অংশীদার দেশটিতে ৭ বছরের মধ্যে এটাই (কোনো অস্ট্রেলীয় সরকার প্রধানের) প্রথম সফর, যা একটি অত্যন্ত ইতিবাচক পদক্ষেপ। এই সফরে আমি প্রেসিডেন্ট শি (জিনপিং) ও প্রিমিয়ার (প্রধানমন্ত্রী) লি (চিয়াং) এর সঙ্গে গঠনমূলক আলোচনা ও সংলাপে অংশ নিতে অধীর আগ্রহে অপেক্ষা করছি। অ্যালবানিজের আলোচনা সূচির শীর্ষে দ্বিপাক্ষিক বাণিজ্যে স্থিতিশীলতা আনার বিষয়টি থাকতে পারে। দীর্ঘদিন ধরে দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক তিক্ত হলেও সম্প্রতি এর কিছুটা উন্নতি হয়েছে। সাম্প্রতিক মাসগুলোতে বেইজিং বেশ কিছু অস্ট্রেলীয় পণ্যের ওপর আমদানি বিধিনিষেধ প্রত্যাহার করেছে, যার মধ্যে আছে কয়লা, কাঠ ও বার্লি। চীন সম্ভবত (অস্ট্রেলিয়ার কাছে) সহায়তা চাইবে, বলছেন বিশেষজ্ঞরা। ২০২০ সালে চীন ও অস্ট্রেলিয়ার মধ্যে বাণিজ্যিক সম্পর্কে টানাপোড়েন দেখা দেয়। সে সময় চীন ১ হাজার ২৭০ কোটি ডলার মূল্যমানের অস্ট্রেলীয় পণ্যের ওপর বিধিনিষেধ আরোপ করে। যার মধ্যে ছিল অস্ট্রেলীয় ওয়াইনের ওপর ১১৬ দশমিক ২ শতাংশ থেকে শুরু করে ঊর্ধ্বে ২১৮ দশমিক ৪ শতাংশ শুল্ক।

দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ককে স্থিতিশীল করা প্রাধান্যের বিষয় হলেও, কয়েকজন বিশেষজ্ঞ মনে করেন অ্যালবানিজ ক্যানবেরা ও বেইজিংএর মধ্যে বিদ্যমান কিছু মৌলিক দ্বিমতের জায়গা ও আরও কিছু বিতর্কিত বিষয় আলোচনায় উত্থাপন করবেন। কয়েকজন বিশেষজ্ঞ বলছেন, অ্যালবানিজ ও তার মন্ত্রীসভার সদস্যরা বারবার চীনে আটক থাকা অস্ট্রেলীয় নাগরিকদের মুক্তি আদায়ের আবেদন জানিয়েছেন। এ ছাড়াও, অ্যালবানিজের সরকার ক্ষমতায় আসার পর থেকে চীনে মানবাধিকার লঙ্ঘন নিয়েও উদ্বেগ প্রকাশ করা হয়েছে। বিশেষজ্ঞরা মনে করেন, এই সফরেও একই ধরনের উদ্যোগ নিতে পারেন অ্যালবানিজ।



## পশ্চিম তীর সফরকালে ব্লিংকেন গাজার মানুষকে ত্রাণ ও সুরক্ষা দেওয়ার প্রতিশ্রুতি দিলেন

**গাজা (এজেন্সী) ঃ** যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন রবিবার এক অঘোষিত সফরে পশ্চিম তীরে ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের সঙ্গে দেখা করেন। ইসরাইল হামাসের বিরুদ্ধে যুদ্ধ অব্যাহত রাখলেও এই উদ্যোগের মাধ্যমে গাজার মানুষের জীবন বাঁচাতে মানবিক সহায়তা ও নিত্যপ্রয়োজনীয় সেবা অব্যাহত রাখার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের অঙ্গীকারের বিষয়টি আবারও নিশ্চিত করা হলো। পররাষ্ট্র মন্ত্রকের মুখপাত্র ম্যাথু মিলার জানান, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী রবিবার রামাল্লাহ'র আলোচনায় পরিষ্কার করেছেন, ফিলিস্তিনিদের জোর করে বাস্তুচ্যুত করা চলবে না।

ব্লিংকেন ও আব্বাস পশ্চিম তীরে শান্তি ও স্থিতিশীলতা ফিরিয়ে আনার সম্ভাব্য উদ্যোগ নিয়ে আলোচনা করেন, যার মধ্যে আছে ফিলিস্তিনিদের বিরুদ্ধে তীব্র আকারের সহিংসতা বন্ধ ও এর জন্য দায়ী ব্যক্তিদের জবাবদিহিতার আওতায় আনা। মিলার আরও বলেন, ব্লিংকেন আবারও জানান, যুক্তরাষ্ট্র ফিলিস্তিনি ও ইসরাইলি নাগরিকদের জন্য সমপর্যায়ের সম্মান ও নিরাপত্তা নিশ্চিত করতে বদ্ধপরিকর। তিনি ফিলিস্তিনি নাগরিকদের জন্য পৃথক ফিলিস্তিন রাষ্ট্র গঠনের বৈধ আকাঙ্ক্ষা পূরণে যুক্তরাষ্ট্রের কাজ করার ইচ্ছা ও এ বিষয়ে অঙ্গীকারবদ্ধ থাকার বিষয়টি উল্লেখ করেন। বৈঠকে আব্বাস ইসরাইলের পক্ষ থেকে শিগগির অস্ত্র বিরতির দাবি জানান। এ দিকে গাজার স্বাস্থ্য মন্ত্রক বলছে, ইসরাইলের রাতভর হামলায় এক শরণার্থী শিবিরে কয়েক ডজন মানুষ নিহত হয়েছেন। ব্লিংকেন এই সংঘাতে মানবিক বিরতির আহ্বান জানিয়েছেন, যা ইসরাইল এখন পর্যন্ত নাকচ করে এসেছে।

আব্বাস গাজায় ইসরাইলের বোমাবর্ষণকে গণহত্যামূলক যুদ্ধ হিসেবে অভিহিত করে এর নিন্দা জানান এবং ব্লিংকেনের প্রতি অনুরোধ জানান তিনি যেন শিগগির তাদেরকে এ ধরনের অপরাধ সংঘটন থেকে বিরত করেন। ফিলিস্তিনের আনুষ্ঠানিক সংবাদ সংস্থা ওয়াফা এসব তথ্য জানায়। জাতিসংঘের মহাসচিব অ্যান্তনিয় গুত্তেরেস ২৪ অক্টোবর ২০২৩ তারিখে নিরাপত্তা পরিষদে দেয়া বক্তব্যে মধ্যপ্রাচ্য পরিস্থিতি সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছেন, গাজাতে ইসরাইলের অবরোধ 'আন্তর্জাতিক মানবতা আইনের স্পষ্ট লংঘন'।

শনিবার জর্ডানের আম্মানে আরব নেতাদের সঙ্গে বৈঠক শেষে কোনো পূর্ব ঘোষণা না দিয়ে পশ্চিম তীরের শহর রামাল্লাহ সফরে যান ব্লিংকেন। তিনি তুরস্ক সফরে যাবেন বলেও আশা করা যাচ্ছে। যুক্তরাষ্ট্র ১৯৯৭ সালে হামাসকে সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে। ইসরাইল, মিশর, ইউরোপীয় ইউনিয়ন এবং জাপানও হামাসকে সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে বিবেচনা করে।



**ভূমিকম্প** ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল রাজধানী কাঠমান্ডু থেকে প্রায় ৪০০ কিলোমিটার উত্তরপূর্বে জাগারকোটে

# নেপালে ভয়াবহ ভূমিকম্পের পর খোলা আকাশের নিচে ঘুমাচ্ছে হাজার হাজার মানুষ



**জাগারকোট ঃ** নেপালের উত্তরপশ্চিমাঞ্চলীয় পার্বত্য অঞ্চলের হাজার হাজার গ্রামবাসী শনিবার রাতে ভূমিকম্পে বেশিরভাগ বাড়িঘর ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হওয়ার পর প্রচণ্ড ঠাণ্ডায় খোলা আকাশের নিচে ঘুমাচ্ছে। ঐ ভূমিকম্পে কমপক্ষে ১৫৭ জন মারা যায়।

শুক্রবার রাতে আকস্মিক ভূমিকম্পে জাগারকোট জেলার গ্রামগুলির বেশিরভাগ বাড়ি ধসে পড়ে বা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। শহরগুলির কয়েকটি কংক্রিটের বাড়িও ক্ষতিগ্রস্ত হয়েছে।

রবিবার সকালে সৎকারের অপেক্ষায় থাকা সাদা কাপড়ে মোড়ানো ১৩টি মৃতদেহের দিকে ইঙ্গিত করে চিউরি গ্রামের বাসিন্দা লাল বাহাদুর বিকা বলেন, আমরা আমাদের গ্রামবাসীদের মৃতদেহ সৎকারের জন্য অপেক্ষা করছি এবং ভূমিকম্পে আহতদের যত্ন নেওয়ার চেষ্টা করছি।

চিউরি গ্রামের বেশিরভাগ বাড়ি ধসে পড়েছে।

স্থানীয় গণমাধ্যমের খবরে বলা হয়, ভূমিকম্পের আঘাতে নিহতদের অধিকাংশ ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে।

উদ্ধারকর্মীরা যখন সাহায্যের জন্য তাড়াহুড়ো করলেও , অনেক পাহাড়ি গ্রামে কেবল পায়ে হেঁটে পৌঁছানো সম্ভব হয়নি।

উপপ্রধানমন্ত্রী নারায়ণ কাজি শ্রেষ্ঠ শনিবার বলেছেন, সরকার ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ পৌঁছানোর চেষ্টা করছে।

সাহায্যের পাশাপাশি উদ্ধারকর্মীরা জীবিতদের খুঁজে বের করার দিকে মনোনিবেশ করেছেন।

আমেরিকান ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) জানিয়েছে, ভূমিকম্পটির প্রাথমিক মাত্রা ছিল ৫ দশমিক ৬ এবং এটি ভূপৃষ্ঠের ১৮ কিলোমিটার গভীরে আঘাত হানে। নেপালের ন্যাশনাল আর্থকোয়েক মনিটরিং অ্যান্ড রিসার্চ সেন্টার জানিয়েছে, ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল রাজধানী কাঠমান্ডু থেকে প্রায় ৪০০ কিলোমিটার উত্তরপূর্বে জাগারকোটে। ৮০০ কিলোমিটার দূরে ভারতের রাজধানী নয়াদিল্লিতেও এই ভূমিকম্প অনুভূত হয়।

নেপালের পার্বত্য অঞ্চলে ভূমিকম্প খুবই সাধারণ ঘটনা। ২০১৫ সালে ৭ দশমিক ৮ মাত্রার ভূমিকম্পে প্রায় ৯ হাজার মানুষ নিহত ও প্রায় ১০ লাখ স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়।



# কুকুরের কামড়ে ঘায়েল পাঁচ! চাঞ্চল্য সাপটি বাড়িতে



**ময়নাগুড়ি ঃ** কুকুরের কামড়ে জখম হল পাঁচজন। রবিবার সকালে ঘটনাটি ঘটেছে ময়নাগুড়ি ব্লকের সাপটি বাড়ি ১ গ্রাম পঞ্চায়েতের ডাবার বাড়ি এলাকায়। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। এখনো পর্যন্ত কুকুরের আক্রমণে জখম হয়েছে পাঁচজন। তাদের মধ্যে দুইজনের অবস্থা গুরুতর হওয়ায় তাদের জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে বলে সূত্রের খবর।

জানা যায়, রবিবার সকাল থেকেই একটি কুকুর অতর্কিত ভাবে পথ চলতি মানুষদের আক্রমণ করে চলেছে। ফলে এলাকায় এক ধরনের আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে। এলাকার স্থানীয় বাসিন্দা অনিমেষ সেন বলেন, আমি গরু বাঁধার পর বাড়ি ফিরছিলাম সেই সময় কুকুরটি লাফিয়ে আমার হাতে, পেয়ে কামড়ে দেয়। তাকে দ্রুত উদ্ধার করে প্রথমে চূড়াভান্ডার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে সেখান থেকে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে পাঠানো হয়। কিন্তু আঘাত গুরুতর হওয়ায় ময়নাগুড়ি থেকে তাকে জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। এই বিষয়ে স্থানীয় বাসিন্দা পরিমল রায় বলেন, এখনো পর্যন্ত পাঁচজনকে কুকুরটি আক্রমণ করেছে। তাদের মধ্যে দুইজনকে জলপাইগুড়ি পাঠানো হয়েছে। আমরা বিষয়টি প্রশাসনকে জানাবো। ঘটনায় এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

### হাতির হানায় মৃত্যু হল এক যুবকের

**শিলিগুড়ি ঃ** হাতির হানায় মৃত্যু হল এক যুবকের। খড়িবাড়ির বুড়াগঞ্জ গ্রাম পঞ্চায়েতের মঞ্জয় জোতের ঘটনা। গতকাল সকালে প্রকৃতির ডাকে সাড়া দিয়ে গিয়ে দাঁতাল হাতির হানায় জখম হয় যুবকের। পরে স্থানীয়রা জখম যুবককে উদ্ধার করে প্রথমে নকশালবাড়ি গ্রামীণ হাসপাতাল ও পরে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। আজ যুবকের মৃত্যু হয়। মৃতের নাম স্বপন মাহালি (৩০)। এদিন খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় টুকরিয়াঝাড় বনদপ্তর ও শিলিগুড়ি মহকুমা পরিষদের কর্মাদক্ষ কিশোরী মোহন সিংহ ও বুড়াগঞ্জ গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান পঙ্কজ বর্মন সহ অন্যান্যরা। ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে এলাকায়।

### রেশন ডিলারকে ঘিরে রেখে বিক্ষোভ দেখালেন এলাকার বাসিন্দারা

**মালদা ঃ**রেশনে নিয়মিত দেওয়া হয় না সামগ্রী।একমাস বাদে চাল দেওয়া হল তা পোকা ধরা।এই অভিযোগ তুলে রেশন ডিলারকে ঘিরে রেখে বিক্ষোভ দেখালেন এলাকার বাসিন্দারা।ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্যের সৃষ্টি হয় মালদার মানিকচক ব্লকের মধুপুর এলাকায়। জানা গেছে,শুক্রবার সকাল নাগাদ মধুপুর এলাকায় দুয়ারের সরকার প্রকল্পের রেশন সামগ্রী দিতে শুরু করেন রেশন ডিলার। অভিযোগ, রেশনের চাল অত্যন্ত নিম্নমানের এবং চালের মধ্যে রয়েছে পোকা। আর এতেই ক্ষোভে ফেটে পড়েন রেশন গ্রাহকেরা। দীর্ঘক্ষণ ধরে চলে বিক্ষোভ।কম পরিমাণে রেশন সামগ্রী এবং সময় মত রেশন পান না গ্রাহকরা এমনি অভিযোগ করেন রেশন গ্রাহকেরা। বিক্ষোভকারীদের দাবি সঠিক পরিমাণে সঠিক সময়ে রেশন দিক রেশন ডিলার।

যদিও এই বিষয়ে রেশন ডিলার চিন্ময় আচার্য্য নিম্নমানের রেশন চাল পরিবর্তন করে ভালো চাল দেওয়ার আশ্বাস দেন।ফলে বিক্ষোভ তুললেন বিক্ষোভকারীরা। এই ঘটনায় তদন্তের নির্দেশ দিয়েছেন মালদা জেলা শাসক নীতিন সিংহানিয়া।

### বানারহাটে কলেজের পাশে ঠাঁয় দাঁড়িয়ে হাতির দল, অবরুদ্ধ জাতীয় সড়ক

**জলপাইগুড়ি ঃ** কলেজের প্রাচীর ঘেঁষে দাঁড়িয়ে শাবক সহ প্রায় ১৬ টি হাতির একটি দল।ঘটনায় চাঞ্চল্য এলাকায়। ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ি জেলার বানারহাট ব্লকের অন্তর্গত মরাঘাট এলাকায় কার্তিক ওরাও কলেজের পাশে।হাতির দলকে হাতের নাগালে পেয়ে মোবাইলের ক্যামেরা বন্দি করলো স্থানীয় বাসিন্দা ও পথ চলতি মানুষ থেকে পর্যটকেরা। রেতির জঙ্গল থেকে মোরাঘাট জঙ্গলে ফেরার পথে শাবক সহ ১৬ টি হাতির একটি দল বানারহাট কার্তিক ওরাও হিন্দি কলেজের সামনে এসে দাঁড়িয়ে পড়ে। এরপর চা বাগান, রেললাইন ও জাতীয় সড়ক পার হয়ে ফের জংগলের দিকে রওনা দেয়।এদিন এই দৃশ্য দেখে ১৭ নম্বর জাতীয় সড়কে কিছুটা ভিড় জমে যায়। সকালে স্থানীয় বাসিন্দারা প্রাতঃভ্রমণে বেরিয়ে যেমন হাতির ছবি মোবাইল বন্দি করে তেমনি জাতীয় সড়কে গাড়ি দাড় করিয়ে ফটো তুলতে ব্যস্ত হয়ে পড়েন অনেকে। কিছুটা সময়ের জন্য হাতিতে মজে স্থানীয় বাসিন্দা সহ পথ চলতি মানুষ। সেই সময় বনদপ্তরের কর্মীরা না থাকায় কিছুটা আতংক ছড়ায়। হাতির দল কিছুক্ষন্ পরে জঙ্গলমুখী হলে আতংক মুক্ত হয় বাসিন্দারা।বিন্নাগুড়ি বন্যপ্রান শাখা সুত্রে জানানো হয়, কলেজের পাশ দিয়ে হাতির করিডর থাকায় সেই রাস্তা দিয়ে মাঝে মাঝেই হাতির দল রেতির জংগল থেকে মোরাঘাট জংগলের দিকে যায়। এদিন হাতির দল দাঁড়িয়ে পরে এই বিষয়ে কোন খবর আসে নি। তাই তাদের জানা নেই।

### শিলিগুড়ি কার্নিভালে বিশৃঙ্খলার অভিযোগ, নীরব প্রশাসন

**শিলিগুড়ি ঃ** কার্নিভালের মধ্যে দিয়ে শিলিগুড়িতে শেষ হল শারোদৎসব।বৃহস্পতিবার শিলিগুড়িতে কার্নিভালের আয়োজন করা হয়েছিল। জাকজমকপূর্ণ অনুষ্ঠান হলেও বেশকিছু অব্যবস্থার অভিযোগ ওঠে। ভিড় সামাল দিতে নাজেহাল হতে হয়েছে পুলিশকে।

## দুর্গাপূজার সময় অষ্টমীর রাতে ঠাকুর দেখে বাড়ি যাওয়ার পথে মর্মান্তিক পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছিল দুই ভাইয়ের

**মালদা ঃ** দুর্গাপূজার সময় অষ্টমীর রাতে ঠাকুর দেখে বাড়ি যাওয়ার পথে মর্মান্তিক পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছিল দুই ভাইয়ের। ঘটনাটি ঘটে পুরাতন মালদা থানার মুচিয়া মহাদেবপুরে রামপাড়া এলাকার রাজ্য সড়কে। আর এই ঘটনার পর বৃহস্পতিবার সন্ধ্যায় হবিবপুর থানার আইহো ছাতিয়ানগাছি এলাকায় ওই মৃত দুই পরিবারে বাড়ি যান স্থানীয় তৃণমূল নেতৃত্ব। এদিন মৃত দুই ভাইয়ের পরিবারকে সমবেদনা জানাতে উপস্থিত হয়েছিলেন হবিবপুর ব্লক তৃনমুল সভাপতি কিষ্টু মুর্মু, তৃণমূলের আইহো অঞ্চল কমিটির সভাপতি প্রতাপ দাস। এছাড়াও প্রাক্তন সদস্য অমৃত হালদার সহ অন্যনরাও উপস্থিত হয়েছিলেন। এবিষয়ে তৃণমূল ব্লক সভাপতি কিষ্টু মুমু বলেন, মৃত পরিবারে পাশে থাকা এবং সব রকম সহযোগী করার আশ্বাস দেওয়া হয়।

### মালদা জেলা জুড়ে কার্নিভালের মধ্য দিয়ে দুর্গাপুজোর আমেজ ফিরে এলো

**মালদা ঃ** মা দুর্গা পিতৃ গৃহে ফিরে গেলেও এখনো রাজ্য জুড়ে রয়েছে দুর্গা পুজোর আমেজ। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে শুরু হয়েছে জেলা জুড়ে কার্নিভাল। বৃহস্পতিবার সন্ধ্যায় মালদহ জেলায় কার্নিভাল যেন এক অন্য মাত্রা পেল। পুজো শুরুর আগেই মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন এবার জেলায় জেলায় পুজোর কার্নিভাল হবে। সেইমত রাজ্যের উত্তর থেকে শুরু করে দক্ষিণ সর্বত্রই কার্নিভালের আযোজন করা হয়। কার্নিভাল কে ঘিরে এদিন মালদা জেলা জুড়ে ছিল উৎসবের আমেজ। মালদা জেলার জাতীয় সড়কের উপর রামকৃষ্ণ পল্লী মাঠের সামনে কার্নিভালের আযোজন করা হয় ।কার্নিভালে অংশ নেয় বেশ কয়েকটি পুজো কমিটি। জেলার সাধারণ প্রশাসন থেকে পুলিশ প্রশাসন, জেলাশাসক এবং জেলার পুলিশ সুপার এ ব্যাপারে বিশেষ উদ্যোগ গ্রহণ করেন।, কার্নিভালের পাশাপাশি বিসর্জনও এদিন হয়। তাই জাতীয় সড়ক জুড়ে প্রচুর পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছিল। ট্রাফিকের বিভিন্ন জায়গায় ব্যবস্থা ছিল। পুলিশ অ্যাসিস্ট্যান্ট বুথও ছিল। কার্নিভালের শোভাযাত্রা প্রথমে জাতীয় সড়কের কবি সুকান্ত মোড় থেকে শুরু হয়। সেখান থেকে শুরু করে জাতীয় সড়ক হয়ে বিভিন্ন ধরনের প্রদর্শনী করতে করতে শোভাযাত্রায় এগিয়ে যায়।

এদিন প্রায় ১৯ টি পূজা কমিটি এই কার্নিভালে অংশ নেয়। উপস্থিত ছিলেন মন্ত্রী সাবিনা ইয়াসমিন ও তাজামুল হোসেন, জেলাশাসক নিতিন সিংহানিয়া, জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব ,জেলা সভাধিপতি লিপিকা ঘোষ বর্মন, ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী, পুরাতন মালদহ পৌরসভার চেয়ারম্যান কার্তিক ঘোষ, জেলার বিধায়করা এবং প্রশাসনিক আধিকারিকরা সহ জেলার উচ্চপদস্থ পুলিশ আধিকারিকরা। গোটা জেলা জুড়ে ছিল কার্নিভালের আমেজ। ইউনেস্কো দুর্গাপুজোকে হেরিটেজ ঘোষণা করার পর থেকেই পুজোর কার্নিভাল যেন এক অন্য মাত্রা পেয়েছে। রাজ্যের প্রতিটি প্রান্তে পুজোর কার্নিভালের দায়িত্বে দেখা গিয়েছে বিভিন্ন নেতামন্ত্রীদের। বাংলার দুর্গাপুজো যে বিশ্বের দরবারে ফের নিজের গরিমার ছটায় উদ্ভাসিত তা এদিন জেলার কার্নিভালেই স্পষ্ট।




### শিলিগুড়ি থেকে ৪১৪ গ্রাম ব্রাউন সুগার সহ উত্তর দিনাজপুরের ২ যুবককে গ্রেফতার

**শিলিগুড়ি ঃ** ৪১৪ গ্রাম ব্রাউন সুগার সহ উত্তর দিনাজপুরের দুই যুবককে শিলিগুড়ি থেকে গ্রেফতার করা হয়েছে।মাটিগাড়া থানার সাদা পোশাকের পুলিশ এবং স্পেশাল অপারেশন গ্রুপের যৌথ অভিযানে বিপুল পরিমাণ ব্রাউন সুগার সহ গ্রেপ্তার ২। মাটিগাড়ার বিশ্বাস কলোনীর রেলগেট সংলগ্ন শুক্রবার অভিযান চালায় পুলিশ । গোপন সূত্রে খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে দুই যুবককে আটক করে তল্লাশি চালালে তাদের কাছে থাকা একটি ব্যাগ থেকে ৪১৪ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয় যার বাজার মূল্য আনুমানিক পাঁচ থেকে সাত লক্ষ টাকা। ধৃত ২ যুবক সঞ্জিত সাহা বয়স ৩৪ এবং ইমাম হোসেন বয়স ২৭ দুজনেই উত্তরদিনাজপুর জেলার ইসলামপুরের বাসিন্দা বলে জানা গিয়েছে। ইতিমধ্যেই তাদেরকে গ্রেপ্তার করে পুরো ঘটনার তদন্ত শুরু করেছে মাটিগাড়া থানার সাদা পোশাকের পুলিশ। আমার আগামীকাল ধৃত ২ যুবককে শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করা হবে।

### বর্তমান রাজ্য সরকারের সব মন্ত্রী ই দুর্নীতিতে জড়িত মনোজ টিগ্গা

**আলিপুরদুয়ার ঃ** বর্তমান রাজ্য সরকারের মন্ত্রীরা সমস্ত দুর্নিতিতে যুক্ত আছে শুক্রবার রাজ্যের বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক গেরফতার প্রসঙ্গে এই প্রতিক্রিয়া দিলেন বিজেপি আলিপুরদুয়ার জেলা সভাপতি ও মাদারিহাট বিধায়ক মনোজ টিগ্গা। এদিন বিধায়ক মনোজ টিগ্গা জানান বর্তমান রাজ্য সরকারের মন্ত্রীরা নিয়োগ দুর্নীতি থেকে শুরু করে ,কয়লা দুর্নীতি,বালু দুর্নীতি সব কিছুতেই যুক্ত

### জলপাইগুড়ির পাল পাড়ার লক্ষ্মীদের হাতে তৈরি লক্ষ্মী প্রতিমা কোজাগরী লক্ষ্মী পুজোতে পুজিত হলেন

**জলপাইগুড়ি ঃ** যে রাধে, সে চুলও বাধে।পাল পাড়ার লক্ষ্মীরা এখন ব্যস্ত লক্ষ্মী প্রতিমা বানাতে।জলপাইগুড়ি শহর সংলগ্ন মোহিতনগর পালপাড়ায় শুক্রবার লক্ষ্মী প্রতিমা বানালেন। শিল্পী প্রাণ গোপাল পাল দীর্ঘ কয়েক বছর ধরে এই কাজের সঙ্গে যুক্ত। প্রাণ গোপাল বাবুকে সহায়তা করেন তার স্ত্রী সরস্বতী পাল সহ মেয়ে মধুমিতা এবং পারমিতা এই কাজের সাথে যুক্ত বলে ছোট মেয়ে পলি পাল জানান, এর পাশাপাশি মহিলা শিল্পী মিনু পাল বলেন, এই কাজের সাথে বাড়ির সকলেই যুক্ত রয়েছি। কিছুটা হলেও কাজের সহযোগিতা হয়।এরই পাশাপাশি, সংসারের কাজ সামলেও স্বামীর লক্ষীর কাজে সহযোগিতা করেন গৃহবধু প্রতিমা পাল। কোজাগরী লক্ষী পুজো তার আগে জলপাইগুড়ির অরবিন্দ নগরের পালবাড়ির এখন ব্যাস্ততা তুঙ্গে। নাওয়া খাওয়া এমন কি দম ফেলার সময় নেই পট শিল্পীদের। এমনই চিত্র ধরা পড়লো জলপাইগুড়ির অরবিন্দ নগরের পালবাড়িতে ছোট থেকে বড় সকলেই ব্যাস্ত সরা আকঁতে । সরা আকঁতে আকঁতে খুদে শিল্পী অনুশ্রী পাল, দোয়েল পাল বলেন, পট সরা তৈরী করা বাবার কাজ, পড়াশোনার ফাঁকে সরায় ছবি একে বাবাকে সাহায্য করছি । সরা মানে মাটির তৈরী গোলাকার এক ধরনের ঢাকনা খড়ি মাটির প্রলেপ দিয়ে নানা উজ্জ্বল রঙের ব্যবহারে লক্ষী নারায়ণ, মাঝখানে লক্ষী দুই পাশে থাকে জয়া, বিজয়া, দুর্গা মুর্ত্তির চিত্র ফুটিয়ে তোলা হয়। পাল বাড়ির পট শিল্পী প্রতিমা পাল বলেন, স্বামীর কাজে সহযোগিতা করি। বাজারে সরা তৈরীর উপকরণের দাম এত বেশি বেড়েছে তাতে বলাই ব্যাহুল্য। তবে বাজারে যে সরার দাম সাধারণ মানুষের নাগালের মধ্যেই থাকে সকলেই যাতে পুজো করতে পারে তারই প্রয়াস চলছে ।

### রেললাইনে দুর্ঘটনার বিষয়ে মানুষকে সতর্ক করছেন যমরাজ

**আলিপুরদুয়ার ঃ** জন সচেতনতার বার্তা দেওয়া হল।এদিন নাটকে দেখান হয় রেল লাইন দিয়ে মোবাইল ফোনে কথা বলতে বলতে যাতায়াত করলে দুর্ঘটনার আশঙ্কা থেকে যায়। ফলে তাকে যমরাজ এসে নিয়ে যায়। এদিন রেল লাইনের ওপর দিয়ে মোবাইল ফোনে কথা বলতে বলতে যাতায়াত করা, রেল গেট বন্ধ থাকার সময় নিচ দিয়ে চলাচল করা সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়।

### প্রেমিকের ঘরে ঢুকে প্রেমিকাকে মারধর, কূপে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা

**জলপাইগুড়ি ঃ** প্রেমিকের বাড়িতে প্রেমিকা কিংবা প্রেমিকার বাড়িতে প্রেমিকের ধর্ণা দিয়ে বসে থাকার গল্প হামেশাই খবরের শিরোনামে উঠে আসে। কিন্তু এদিনের ঘটনায় হতবাক জলপাইগুড়ির ধুপগুড়ি ব্লকের বারঘরিয়া অঞ্চলবাসী। অভিযোগ এদিন সকালে আচমকাই প্রেমিকের বাড়িতে চড়াও হয় প্রেমিকা, এলোপাথাড়ি মারধর করতে শুরু করে বলে অভিযোগ। এরপরই প্রেমিককে মারধর করার পরে কুযোতে লাফ দিয়ে আত্মহত্যা করারও চেষ্টা করে ওই তরুণী বলে অভিযোগ। ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি ব্লক বারোঘরিয়া অঞ্চলের অন্তর্গত বারঘড়িয়া অঞ্চলের বৈদ্য আশ্রম এলাকায়। এঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ঠিক কি ঘটেছিল এদিন? সূত্রের খবর, সকাল দশটা নাগাদ একটি নাবালিকা মেয়ে আচমকাই প্রেমিকের বাড়িতে গিয়ে প্রেমিককে মারধর করতে শুরু করে। পরে নিজে থেকেই মেয়েটি প্রেমিকের বাড়ির কুয়োয় লাফ দিয়ে আত্মহত্যা করার চেষ্টা করে। বেশ কিছুক্ষণের চেষ্টায় বারোঘরিয়া অঞ্চলের গ্রাম পঞ্চায়েতের সদস্য ধর্মক্রান্ত রায় এবং স্থানীয় বাসিন্দারা কুয়া থেকে মেয়েটিকে উদ্ধার করে গ্রামীণ হাসপাতালে নিয়ে যায় বলে জায়া যায়। এখন মেয়েটি সুস্থ রয়েছে বলেই জানা গিয়েছে।ঘটনায় হতবাক ছেলেটির বাড়ির লোকজনও। তবে কি কারনে এমন ঘটনা ঘটালেন সেই তরুণী তা এখনও পর্যন্ত জানা যায়নি। ইতিমধ্যেই ঘটনাস্থলে দমকল বাহিনী এবং ধুপগুড়ি থানার পুলিশ বাহিনী পৌঁছে ঘটনার তদন্ত চালাচ্ছে। এই ঘটনার ফলে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

### পুরাতন মালদার নারায়নপুর ১৫৯ নম্বর বিএসএফ ব্যাটেলিয়ানের প্রায় ২৫০জন বিএসএফের আধিকারিক ও জওয়ানরা ১০ কিলোমিটার ম্যারাথন দৌড়ে অংশ নেয়

**মালদা** শনিবার সকালের পুরাতন মালদার নারায়নপুর ১৫৯ নম্বর বিএসএফ ব্যাটেলিয়ানের প্রায় ২৫০জন বিএসএফের আধিকারিক ও জওয়ানরা ১০ কিলোমিটার ম্যারাথন দৌড়ে অংশ নেয়। এই ম্যারাথন দৌড় প্রতিযোগিতা শুরু হয় পুরাতন মালদার নারায়নপুরের আড়তপুর থেকে। এই কর্মসূচির মূল উদ্দেশ্য হচ্ছে আগামী ৩১ অক্টোবর ভারতবর্ষের প্রথম গৃহ মন্ত্রী সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্ম দিবস এবং সেদিন সারা ভারত বর্ষ একতা দিবস হিসেবে পালন করে এবং সেই একতা দিবসে ১৫৯ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানরা বিভিন্ন বিভিন্ন ধরনের দেশাত্মবোধক কর্মসূচি গ্রহণ করেছে তারই অঙ্গ হিসাবে সমাজকে বার্তা দেওয়ার উদ্দেশ্যে শনিবার সকালে একতা দিবসের প্রস্তুতি হিসেবে ১০ কিলোমিটার ম্যারাথন দৌড়ের আযোজন করে বিএসএফ জওয়ানরা। আজকের এই ম্যারাথন দৌড়ে অংশগ্রহণ করেন বিএসএফ কমান্ডেঃট শ্রী সন্দীপ কুমার, বিএসএফ টু ওয়াই সি আশুতোষ চৌহান, বিএসএফের ডিসি আর শেখর,শ্রী প্রমদ কুমার ঝা, সনাতন মন্ডল সহ বিএসএফের আরো কর্মকর্তারা।১৫৯ নম্বর ব্যাটেলিয়ানের ডিসি শ্রী প্রমদ কুমার ঝা জানান , আগামী ৩১ অক্টোবর প্রাক্তন গৃহ মন্ত্রী সর্দার পল্লব জির জন্ম দিবসে আমরা গোটা ভারতবর্ষে একতা দিবস পালন করি, তারই প্রস্তুতি হিসেবে আজ আমরা ১০ কিলোমিটার ব্যাপী দৌড় প্রতিযোগিতার আযোজন করেছি এবং আগামী ৩১ তারিখে বিভিন্ন ধরনের দেশাত্মবোধক কর্মসূচীর মাধ্যমে আমরা দেশবাসীকে দেশ ভক্তির বার্তা দিতে চাই।

### টক টু মেয়রেউঠে এলো একাধিক জায়গা থেকে পানীয় জলের সমস্যা

**শিলিগুড়ি ঃ** সরকারী ছুটিকে উপেক্ষা করে নির্দিষ্ট সময় মেনে শনিবার পুর কক্ষে অনুষ্ঠিত হলো টক টু মেয়র। কার্নিভাল সুষ্ঠু মতো সম্পন্ন করার জন্য অনেকেই ফোনে মেয়রকে ধন্যবাদ জ্ঞাপন করে।পাশাপাশি বিভিন্ন সমস্যার কথাও জানান মেয়র গৌতম দেবকে।তবে এদিন একাধিক ওয়ার্ড থেকে পানীয় জলের সমস্যার কথা জানান বাসিন্দারা।কিছু যান্ত্রিক ত্রুটির কারনে কোথাও জল পৌছাতে পারছেনা,আবার কোথাও পাইপের সমস্যা বা অন্যান্য সমস্যার কারনে জল পরিষেবা ব্যাহত হচ্ছে বলে জানান মেয়র গৌতম দেব।তিনি জানান,,চাহিদা অনুযায়ী জলের যোগান কম,সেই কারনে জল পরিষেবায় একটু সমস্যা হচ্ছে, তবে গজলডোবা জল প্রকল্প সম্পন্ন হলে পানীয় জলের সমস্যা চিরতরে ঘুচে যাবে বলে জানান মেয়র।তিনি জানান,মুখ্যমন্ত্রীর হাত দিয়েই এই প্রকল্পের সুচনা করার ইচ্ছে রয়েছে তার।তবে সেটা ভার্চুয়াল ভাবে হোক বা উপস্থিত থেকেই হোক।

### প্রাথমিকে চাকরি গেলো অস্বীকার বাবার

**সিউড়ি (নিজস্ব প্রতিনিধি)ঃ** প্রাথমিক বিদ্যালয়ে সদ্য উননববই জন প্রাথমিক শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করার নির্দেশ দিয়েছে প্রাথমিক শিক্ষা দপ্তর । তারমধ্যে বীরভূম জেলার তেরোজন প্রাথমিক শিক্ষক আছে । সিউড়ি হাটজনবাজারের চামেলি দাস প্রাথমিক শিক্ষক থেকে চাকরি গিয়েছে । বাবা অজয়কুমার দাস বলেন, আমার মেয়ে প্রতিবন্ধী যোগ্যভাবে চাকরি পেয়েছে । এভাবে চাকরি যাওয়া উচিত নয় ।

### শনিবার ভোররাতে শিলিগুড়ির ৮নম্বর ওয়ার্ডের খালপাড়া সংলগ্ন এলাকায় একটি ওষুধের দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে, পুড়ে ছাই হয়েযায় দোকানের সমস্ত সামগ্রী

**শিলিগুড়ি** শনিবার ভোররাতে শিলিগুড়ির ৮নম্বর ওয়ার্ডের খালপাড়া সংলগ্ন এলাকায় একটি ওষুধের দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে, পুড়ে ছাই হয়েযায় দোকানের সমস্ত সামগ্রী।জানাযায়, এদিন ভোররাতে ওই ওষুধের দোকানে অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে, এরপর ঘটনার খবর পেয়ে তৎক্ষণাৎ ঘটনাস্থলে পৌঁছায় দমকল বাহিনী। দমকল বাহিনীর দীর্ঘক্ষনের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। পাশাপাশি শনিবার সকালে ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শনে পৌঁছায় ৮নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সালিনী ডালমিয়া। তিনি জানান, আগুনের ফলে দোকানের ভেতরে থাকা সামগ্রী ক্ষতি হয়েছে। তবে আগুনের ফলে কেও আহত হয়নি। পাশাপাশি তিনি আরো জানান, ঠিক কি কারনে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে তা এখনো স্পষ্ট নয়।

### কাউন্সিলরের বাড়ির মন্দিরে দুঃসাহসিক চুরির ঘটনায় চাঞ্চল্য

**উত্তর দিনাজপুর ঃ** ইসলামপুর পৌরসভার চার নম্বর ওয়ার্ডের কাউন্সিলরের বাড়ির মন্দিরে দুঃসাহসিক চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়ালো এলাকায়। জানা গিয়েছে ইসলামপুর পৌরসভার চার নম্বর ওয়ার্ডের কাউন্সিলর গুরুদাস সাহা তার বাড়ির কালীমন্দিরের তালা ভেঙে মায়ের প্রায় ছয় ভরি সোনার গহনা চুরি করে নিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা বলে অভিযোগ। আজ ভোরে বাড়ির ভাড়াটিয়ারা মন্দিরের তালা ভাঙ্গা অবস্থায় দেখে বাড়ির মালিক গুরুদাস সাহা কে বিষয়টি জানান। এরপর তিনি দেখতে পান ঠাকুরের সমস্ত সোনার গহনা চুরি করে চম্পট দিয়েছে দুষ্কৃতীরা। এরপর খবর দেওয়া হয় ইসলামপুর থানার পুলিশকে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে তদন্ত শুরু করেছে পুলিশ। অন্যদিকে কাউন্সিলর গুরুদাস সাহা জানিয়েছেন যদি আমার বাড়িতেই এই ধরনের চুরির ঘটনা ঘটে তাহলে সাধারণ মানুষের কি হবে প্রশ্ন তুলছেন খোদ তিনি। তাই যারা এই ঘটনার সাথে জড়িত রয়েছে তাদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তুলছেন তিনি।

### দুটি কনটেইনারের মুখোমুখি সংঘর্ষে জখম এক চালক

**ইসলামপুর ঃ**দুটি কনটেইনারের মুখোমুখি সংঘর্ষে জখম এক চালক। শনিবার সকালে ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুর জেলার ইসলামপুর থানার বাইপাস সংলগ্ন অলিগঞ্জ এলাকায়। জানা গিয়েছে এদিন সকালে দিল্লি গামী একটি কনটেইনার শিলিগুড়ি দিকে যাচ্ছিল এবং শিলিগুড়ির দিক থেকে আশা একটি কনটেইনার ডালখোলার দিকে যাচ্ছিল। তখন ইসলামপুর থানার অলিগঞ্জ বাইপাসে দুটি কনটেইনার মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনায় জখম হয় এক চালককে ইসলামপুর মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌছায় ইসলামপুর থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

### মানিকচকে দলীয় কর্মীদের সাথে বিজয়ার সৌজন্যমূলক শুভেচ্ছা সাক্ষাৎ করার পর বাড়ি ফেরার পথে বড়োসড় দুর্ঘটনার কবল থেকে রক্ষা পেলেন ইংরেজবাজার বিধানসভার বিজেপি বিধায়ক শিরুপা মিত্র চৌধুরী

**মালদাঃ** মানিকচকে দলীয় কর্মীদের সাথে বিজয়ার সৌজন্যমূলক শুভেচ্ছা সাক্ষাৎ করার পর বাড়ি ফেরার পথে বড়োসড় দুর্ঘটনার কবল থেকে রক্ষা পেলেন ইংরেজবাজার বিধানসভার বিজেপি বিধায়ক শিরুপা মিত্র চৌধুরী। ইংরেজবাজারের মিল্কি খাসখল এলাকায় এই দুর্ঘটনা ঘটে। জানা যায় মানিকচক থেকে ইংরেজবাজারের আসার সময় হঠাৎই মিল্কি খাসখলের এলাকায় পিছন থেকে চারজন যুবক একটি বাইকে করে দ্রুত গতিতে এসে বিধায়কের গাড়ির পিছন দিকে সজরে ধাক্কা মারে যার ফলে গাড়ির পিছনের কাজ ভেঙে যায় কাচের টুকরো বিধায়কের হাতে লাগে তড়িঘড়ি অবস্থায় বিধায়কের নিরাপত্তারক্ষী গাড়ি থেকে নেমে যায় ইতিমধ্যেই চারজন যুবক মোটরসাইকেল ফেলে দিয়ে পালানোর সময় বিধায়কের নিরাপত্তা রক্ষীরা দুজন যুবককে হাতেনাতে ধরে ফেলে আর দুজন পালিয়ে যায় ঘটনাস্থলে ছুটে আসে মিল্কি ফারির পুলিশ তবে এটা দুর্ঘটনা না উদ্দেশ্য ভাবে হামলা সেটা এখনো পরিষ্কার হয়নি বা এর পিছনে কোন রাজনৈতিক ষড়যন্ত্র রয়েছে কিনা পরিষ্কার নয় তবে এই বিষয় মিল্কিফারির পুলিশ ইতিমধ্যেই তদন্ত শুরু করেছে।

### দুই গাড়ির মুখোমুখি সংঘর্ষে আহত হলেন দুইজন ঘটনাটি ঘটে শিলিগুড়ি জলপাইগুড়ি এশিয়ান হাইওয়ে উত্তর কন্যার কাছে

**শিলিগুড়ি ঃ** দুই গাড়ির মুখোমুখি সংঘর্ষে আহত হলেন দুইজন ঘটনাটি ঘটে শিলিগুড়ি জলপাইগুড়ি এশিয়ান হাইওয়ে উত্তর কন্যার কাছে।জানা গিয়েছে শুক্রবার রাতে শিলিগুড়ি থেকে জলপাইগুড়ির অভিমুখে যাচ্ছিল একটি কন্টেনার গাড়ি এবং আরেকটি জলপাইগুড়ি থেকে শিলিগুড়ি থেকে আসছিল। সেই সময় জলপাইগুড়ির দিকে যাওয়া গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে ডিভাইডারে ধাক্কা মেরে অন্য রাস্তায় চলে আসে, সেই সময় ফুলবাড়ী থেকে শিলিগুড়ির দিকে যাচ্ছিল আরেকটি গাড়ি এই দুটি গাড়ির মধ্য সংঘর্ষের জেনে আটকে পড়েছিলাম গাড়ি চালকেরা স্থানীয়রা দুর্ঘটনার খবর পেয়ে ছুটে গিয়ে উদ্ধার কাজ শুরু করে। খবর পেয়ে ছুটে আসে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ তারা উদ্ধার করে দুই চালককে হাসপাতালে নিয়ে যায়।

### আজকের দিনটি



**মেষ ঃ** পারিবারিক চিন্তা। আয় কম, খর্চা বেশী। স্বাস্থ্য বাধা।
**বৃষ ঃ** প্রেমি-প্রেমিকার মধ্যে মনোমালিন্য। আর্থিক দুরাবস্থা, স্বাস্থ্যর অবনতি।
**মিথুন ঃ** ভোগ বিলাসে সময় কাটবে। ধনের অপব্যায়, পারিবারিক কার্যে বাধা।
**কর্ক ঃ** মান-সম্মান ও প্রতিষ্ঠায় বৃদ্ধি। অনিষ্ঠ গ্রহের শান্তি করান অন্যথা দুর্ঘটনার সম্ভাবনা।
**সিংহ ঃ** মুখরোচক আহারের সম্ভাবনা। বিদের ভ্রমণ বা অন্যান্য স্থানে ভ্রমণের যোগ। পরিবারে কিঞ্চিত অশান্তি।
**কন্যা ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।
**বৃশ্চিক ঃ** লম্বিত কার্য সম্পন্ন হইবে। সন্তান যোগের সম্ভাবনা। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক ।
**তুলা ঃ** সন্তানের শারিরিক অবনতি। মা-বাবার সন্তান সুখ লাভ। গৃহ-ভূমি কেনার সম্ভাবনা।
**ধনু ঃ** নতুন কার্য ও নতুন ব্যাবসার উদ্বোধন। রাজনীতিজ্ঞদের উচ্চ পদ লাভ।
**মকর ঃ** পরিশ্রমদ্বারাই জীবনযাপন সুষ্ঠ ভাবে সম্ভব। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক। ভ্রমণে সম্ভাবনা ।
**কুম্ভ ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।
**মীন ঃ** ব্যবসায় লোকসান, হওয়া কাজে বাধা, মহিলারা নিজের সাস্থ্যের দিকে লক্ষ রাখুন।

**তান্ত্রিক অশোক স্বামী**

# সাড়ম্বরে পালিত হল বাঙালি সমিতি,কোডারমা শাখার বিজয়া সম্মেলন

সন্দীপ মুখার্জী

**কোডারমা ঃ** ঝাড়খণ্ড বাঙালি সমিতি, কোডারমা শাখার তত্বাবধানে গতকাল সন্ধ্যায় রবীন্দ্রভবন, আড্ডি বাংলায় বিজয়া সম্মেলন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রারম্ভে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মূর্তিতে মাল্যদান করেন সমিতির সভাপতি ডঃ অমিয় কুমার বিশ্বাস।সমাজের অতি প্রবীণ সদস্যদের দ্বারা প্রদীপ প্রজ্বালনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। সুনীল দেবনাথ, সুজিত বিশ্বাস, বিপুল গুপ্ত,ইন্দ্রাণী মুখার্জি, মৌসুমী বিশ্বাস, প্রিয়া ব্যানার্জি উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন ,তবলায় শিবম কুমার ও ঢোলোকে অভিনন্দন রায় সঙ্গত করেন। সভাপতির স্বাগত ভাষণ এবং সম্পাদক উত্তম চ্যাটার্জীর সম্পাদকীয় প্রতিবেদনের পর বিগত দিনে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতা, আবৃত্তি ও বক্তৃতা প্রতিযোগিতার বিজয়ী ছাত্র ছাত্রীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে সমাজের প্রবীণ পুরোহিত ভূতনাথ মজুমদারকে আজীবন সম্মাননা পুরস্কারে সম্মানিত করা হয়। অশোক দাশগুপ্ত স্মৃতি মঞ্চে সাংস্কৃতিক সন্ধ্যার অনুষ্ঠান শুরু হয়। প্রায় ৩ ঘঃটাব্যাপী অনুষ্ঠানে সমাজের শিশুদের আকর্ষণীয় নৃত্যগীত পরিবেশন শ্রোতা ও দর্শকবৃন্দকে মন্ত্রমুগ্ধ করে দেয়। অপূর্বা সরকার, অদ্রিজা বিশ্বাস, পিউ বিশ্বাস, অভিনন্দন রায়, অরিজিৎ বিশ্বাস,অহনা সাহা, সুজাতা চক্রবর্তী ও অসীম মুখার্জি চমৎকার সংগীত পরিবেশন করেন। যথাক্রমে সুলগ্না রায়,অন্তরা ঘোষ, অনুশ্রী বৈদ্য, আর্চি দাস,




শ্রীতমা সেনগুপ্ত, রাজশ্রী দাস, আর্য রায়, পিউ দাসপাল, অন্তরা মুখার্জি, সংস্কৃতি নিশা, অহনা ব্যানার্জি, তিস্তা চক্রবর্তী ও পূর্বা ব্যানার্জির নৃত্য দর্শকদের দ্বারা অত্যন্ত প্রশংসিত হয়। অনুষ্ঠানে আয়োজিত শ্রুতি নাটক সদানন্দের সাত কাহন সফলভাবে উপস্থাপন করেন বিপুল গুপ্ত ও মৌসুমী মল্লিক। প্রবীণ অতিথি শিল্পী ভূদেব মুখার্জীর সাবলীল কবিতা আবৃত্তি সবাইকে মুগ্ধ করে।পাশাপাশি সমাজের ছোট শিশুদের গান ও নৃত্যে ভালো পারফরম্যান্সের জন্য প্রত্যেক কে স্মারক প্রদান করে উৎসাহিত করা হয়। সভা সঞ্চালনা করেন সন্দীপ মুখার্জি আর সাংস্কৃতিক অনুষ্ঠানের উপস্থাপনায় ছিলেন মিলি মিত্র ও সুলগ্না রায়। অনুষ্ঠানে সমিতির সহ সভাপতি ডা. অভিজিৎ রায়, কোষাধ্যক্ষ অলোক সরকার, চন্দ্রানী সরকার, ডাঃ অধীর বিশ্বাস, দাশরথী ব্যানার্জী, সুধন্য ঘোষ,কল্যাণ মজুমদার,বলাকা দাসগুপ্ত, রুপা সামন্ত, উত্তম দাস পাল, ভ্রমর রায়, ডাঃ সীমা বিশ্বাস, ড.লুনা মিত্র, জুহি দাশগুপ্ত, মৃদুলা মজুমদার, গৌতম পাল, বিভূতিভূষণ চক্রবর্তী,জয়ন্ত মজুমদার, অনুপ চ্যাটার্জী, দিলীপ মজুমদার, স্বপ্না চ্যাটার্জী ,তন্ময় ব্যানার্জি, নয়না ব্যানার্জি, তারকনাথ দত্ত সুজাতা গাঙ্গুলী, অরূপ মিত্র, স্বপন দে, তমাল ব্যানার্জী, সহ বঙ্গ সম্প্রদায়ের শত শত মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে উপস্থিত দর্শকবৃন্দ ও অংশগ্রহণকারীদের নৈশভোজে আপ্যায়িত করা হয়।

# বর্তমান বছরে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সুরক্ষা বাহিনীর দ্বারা ৬২৩ জন অপ্রাপ্তবয়স্ক উদ্ধার করা হয়েছে




**মালিগাঁও (সব্যসাচী দে) ঃ** রেলওয়ে সম্পত্তির সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্বে রয়েছেন রেলওয়ে প্রটেকশন ফোর্স (আরপিএফ)। এছাড়াও আরপিএফ যাত্রীদের সুরক্ষার ক্ষেত্রে অপরাধীদের বিরুদ্ধে ধারাবাহিকভাবে লড়াই চালিয়ে যাওয়া, মানব পাচারের সাথে জড়িত সন্দেহভাজন ব্যক্তিদের উপর কড়া নজরদারি রাখার পাশাপাশি উপযুক্ত অভিভাবক ছাড়া শিশুর সন্দেহজনক চলাচল, একা ভ্রমণ করা ইত্যাদি বিষয়ে উপরেও সতর্ক দৃষ্টি রেখে চলেছে। বর্তমান বছরের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত সময়সীমায় উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ নিজস্ব অধিক্ষেত্রের অধীনে বিভিন্ন ট্রেন ও রেলওয়ে স্টেশনে নিয়মিত তল্লাশি ও অভিযান চালিয়ে সফলভাবে ৬২৩ জন অপ্রাপ্তবয়স্ককে উদ্ধার করে (৪২৭ জন ছেলে ও ১৯৬ জন মেয়ে)। এছাড়াও, উল্লেখিত সময়সীমার মধ্যে আরপিএফ ১৬ জন ব্যক্তিকে মানব পাচারারে সাথে জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তার করেছে।

নিউ বঙাইগাঁও, নিউ জলপাইগুড়ি, গুয়াহাটি, আগরতলা, রঙিয়া, কাটিহার, ডিমাপুর, নিউ কোচ বিহার, আলিপুরদুয়ার, রাঙাপাড়া নর্থ, মরিয়ানি ইত্যাদির মতো উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের প্রধান প্রধান রেলওয়ে স্টেশনগুলিতে এই অভিযানগুলি চালানো হয়েছিল। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ -এর পক্ষ থেকে উদ্ধারকৃত শিশুদের পরিবারের সাথে মিলিয়ে দেওয়ার জন্যও উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকে। শিশুদের পরিবারের হাতে তুলে দেওয়ার আগে নিয়ম অনুযায়ী অপ্রাপ্তবয়স্কদের ভেরিফিকেশনের সমস্ত প্রক্রিয়া করা হয়।

আরপিএফ এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা চাইল্ডলাইন এবং এনজিওগুলি বাড়ি থেকে পালিয়ে আসা অথবা মানব পাচারকারীর ফাঁদে পড়ে যাওয়া অপ্রাপ্তবয়স্ক শিশুদের শনাক্তকরণের ক্ষেত্রে ব্যাপক সহযোগিতা প্রদান করে থাকে।

রেল মন্ত্রকের নির্দেশনার অধীনে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে জুড়ে একাধিক কার্যকলাপ ও প্রচার অভিযান চালানো হচ্ছে, যার মধ্যে হারিয়ে যাওয়া শিশুকে খুঁজে বের করা এবং তাদের পরিবারের সাথে মিলিয়ে দিতে একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়াও ট্রেন ও রেলওয়ে চত্বরে যত্ন ও সুরক্ষার প্রয়োজন হওয়া শিশুদের পাওয়া গেলে পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিরোধীমূলক ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

# নকশালবাড়ি মার্কেটে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ৩৯ ব্যবসায়ীকে আর্থিক সহায়তা দিয়েছেন এমপি রাজু বিস্ট

**শিলিগুড়ি ঃ** মহালয়ার রাতে নকশালবাড়ি বাজারে বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ব্যবসায়ীদের আর্থিক সহায়তা করলেন দার্জিলিং সাংসদ রাজু বিস্ত। বৃহস্পতিবার নকশালবাড়ি ব্যবসায়ী সমিতির অফিসে ক্ষতিগ্রস্ত ৩৯ ব্যবসায়ীদের ১০ হাজর টাকা করে প্রদান করা হয়। এদিন সাংসদের হয়ে বিজেপি জেলা সভাপতি অরুণ মন্ডল সহ বিজেপির একাধিক নেতাকর্মী ও নকশালবাড়ি ব্যবসায়ী সমিতির সদস্যরা ক্ষতিগ্রস্ত ৩৯ জন ব্যবসায়ীদের আর্থিক সহায়তা তুলে দেন। পরে বিজেপি সভাপতি অরুণ মন্ডল জানান সাংসদ ব্যক্তিগত উদ্যোগে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সহায়তা করল। আগামী দিনে নকশালবাড়ি বাজারে জলপ্রকল্প ও আধুনিকরণ করার বিষয়ে সাংসদ কাজ করবে। এর আগে শিলিগুড়ি পুরসভা শিলিগুড়ি মহকুমা পরিষদ ও বিজেপি বিধায়ক আনন্দময় বর্মণ ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের আর্থিক সহায়তা প্রদান করেন।

## উত্তর দিনাজপুরে তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ, তৃণমূল পঞ্চায়েত সদস্যের স্ত্রী সহ ২ জন আহত

**উত্তর দিনাজপুর ঃ** তৃণমূলের দুই গোষ্ঠীর সংঘর্ষে ফের উত্তপ্ত ইসলামপুর ব্লকের কমলাগাঁও সুজালি গ্রাম পঞ্চায়েতের কামারগছ এলাকা। ঘটনায় ছুরির আঘাতে জখম তৃণমূলের পঞ্চায়েত সদস্যের স্ত্রী সহ আরও এক। এই ঘটনায় এলাকায় উত্তেজনা জড়িয়ে পড়ে। জানা গিয়েছে দীর্ঘদিন ধরেই আব্দুল হক ও জাহিদুল রহমানের মধ্যে এলাকা দখল নিয়ে এই দুই গোষ্ঠীর মধ্যে ঝামেলা চলছে। অভিযোগ বৃহস্পতিবার সকালে স্হানীয় পঞ্চায়েত সদস্যের বাড়িতে জোর করে টাকা আদায় করতে যায় জাহিদুল রহমানের গোষ্ঠীর লোকজন। টাকা দিতে রাজি না হওয়ায় পঞ্চায়েত সদস্যের স্ত্রীর উপর ছুরি দিয়ে চড়াও হয় জাহিদুল রহমানের লোকজন। এই ঘটনায় দুই পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। ঘটনায় জখম হয় স্হানীয় পঞ্চায়েত সদস্যের স্ত্রী আঞ্জুমান খাতুন সহ আরও এক। জখমদের উদ্ধার করে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয় চিকিৎসার জন্য। অন্যদিকে ইসলামপুর থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বর্তমানে এলাকা থমথমে রয়েছে।

## হাতাতে সার্বজনিক কালী মন্দিরের প্রাণ প্রতিষ্ঠা হবে আগামী ১০ই নভেম্বরে

*সহযোগিতা করার জন্য কমিটি আমন্ত্রণ জানিয়েছেন সকল ভক্তদের*

**পটকাঃ** পটকার হাতা গ্রামে দুর্গা মন্দির পরিসরে একটি আকর্ষণীয় কালী মন্দির নির্মিত হয়েছে সার্বজনিক শ্রীশ্রী কালী পূজা সমিতি হাতার দ্বারা।ওই কালীমন্দির টির প্রাণ প্রতিষ্ঠা হবে আগামী ১০ই নভেম্বর ২০২৩বাংলা ২৩ শে কার্তিক,শুক্রবার এই কথা জানিয়েছেন কমিটির পক্ষ থেকে সমাজ সেবী কৃষ্ণ গোপ।৯ ই নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যা ৭ ঘটিকায় মায়ের অধিবাস হবে।১০ই নভেম্বর সকাল ৭ টায় কলস যাত্রা ও ঘট আনা হবে।তারপর মন্দির প্রতিষ্ঠার কাজ শুরু করা হবে।প্রাণ প্রতিষ্ঠার পর দুপুরে মায়ের ভোগ বিতরণ করা হবে।এই পুন্য কাজ টিকে সম্পাদিত করার জন্য কালী পূজা মন্দির কমিটি আপামর জন সাধারণ ও ভক্তদের কে সহযোগ করার জন্য ও আসার জন্য সাদরে আমন্ত্রণ জানিয়েছেন।

## আগামী ১২ ই নভেম্বর রবিবার রাত্রে মাতাজী আশ্রমে কালীপূজা হবে



প্রতি বছরের মতো এ বছর ও আদি শক্তি মা কালীর পূজা আগামী ১২ ই নভেম্বর ২০২৩ রবিবার রাত্রি ৯ টার সময় মাতাজী আশ্রমে অনুষ্ঠিত হবে।প্রতি দিনের মতো সন্ধ্যা ৫.৩০ টায় রামকৃষ্ণ মন্দিরে ঠাকুরের সন্ধ্যা আরতি তারপর রামকৃষ্ণ কথামৃত পাঠ ও কালী কীর্তন পরিবেশিত হবে।

এই উপলক্ষে মাতাজী আশ্রমের পক্ষ থেকে সকল ভক্ত ও ব্রতীদের সাদরে আমন্ত্রণ জানানো হচ্ছে।

# টুকরো খবর

## শিয়ালদা মেট্রো থেকে গান্ধীমূর্ত্তির পাদদেশ মিছিল

**কলকাতা ঃ** নবম থেকে দ্বাদশ স্তরের মেধাতালিকাভুক্ত সকল চাকরিপ্রার্থী কে অবিলম্বে সুপারনিউমেরারি পোস্টে নিয়োগের দাবিতে আজ ২৬১০ তারিখ বৃহস্পতিবার একটি মিছিল আয়োজন করা হয় যার অবস্থান হয় মিছিল শিয়ালদা মেট্রো থেকে গান্ধীমূর্তির পাদদেশ মিছিল, এস এল এস টি( নবম থেকে দ্বাদশ, ৯৫৬ দিন ধরে রাজপথে ধর্মতলা গান্ধী মূর্তির পাদদেশে অবস্থান বিক্ষোভ করে যাচ্ছেন দীর্ঘদিনের এই লড়াই চালিয়ে যাচ্ছেন নিজেদের দাবিতে এই লড়াই ওনারা দীর্ঘদিন ধরে করে যাচ্ছেন আগামী দিন এই লড়াই আরো বৃহত্তর ভাবে উনারা চালিয়ে যাবেন যদি সরকার ওনাদের প্রস্তাব না মেনে নেয় এই বঞ্চনার অবস্থান বিক্ষোভের ৯৫৬ তম দিনে ওনাদের সঙ্গে বিরোধী দলের অনেক নেতৃবৃন্দ এসে দেখা করেছেন এবং আশ্বাস দিয়েছেন লড়াইকে তীব্র করা। কিন্তু বর্তমান সরকারের দিক দিয়ে কোন আশ্বাস আশ্বাস দেওয়া হয়েছে প্রতিশ্রুতি দেয়া হয়েছে কিন্তু সেটাকে পূরণ করা হয়নি সাত বছর বঞ্চনার কেটে গিয়েছে আজও তাদের নিযোগে রাজ্য সরকার করছেন না তারা এমনটাই দাবি এস এল এস টি আন্দোলনকারীদের

## জ্যাতিপ্রিয় মল্লিকের সল্টলেকের বাড়িতে হানা দিয়েছেন ইডি -র আধিকারিকেরা

**কলকাতা ঃ** পুজোর পর আজ বৃহস্পতিবার সকাল সাতটা নাগাদ বনমন্ত্রী তথা প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের সল্টলেকের বাড়িতে হানা দিয়েছেন ইডি -র আধিকারিকেরা। ইডি সূত্রে খবর, রেশন দুর্নীতি মামলায় বাকিবুর রহমানের গ্রেফতারির পরেই নাম উঠে আসে জ্যোতিপ্রিয়র। সল্টলেকের বিসি ব্লকে পাশাপাশি দু'টি বাড়িতে (বিসি ২৪৪ এবং বিসি ২৪৫) বৃহস্পতিবার সকাল থেকে তল্লাশি অভিযান চালাচ্ছে ইডি। তার পাশাপশি জ্যোতিপ্রিয়ের আপ্তসহায়ক অমিত দের নাগেরবাজারের ফ্ল্যাটেও পৌঁছে গিয়েছে ইডি। মোট থেকেই আটটি জায়গায় সকাল থেকেই তল্লাশি অভিযান চলছে ইডির আধিকারিকেরা। মন্ত্রী ঘনিষ্ঠ ব্যবসায়ী বাকিবুরের সঙ্গে জ্যোতিপ্রিয়ের কোনও যোগসূত্র রয়েছে কি না, তা নিয়েই তল্লাশি চালাচ্ছে ইডি। রেশন দুর্নীতি মামলায় ইডির একযোগে আট জায়গায় তল্লাশি বর্তমান বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের সল্টলেকের বাড়ি এবং তাঁর আত্ম সহায়ক অমিত দে বাড়িতে তল্লাশি আরো বেশ কয়েকটি জায়গায় তল্লাশি চলছে। নাগেরবাজারে অমিতদের অপর একটি ফ্লাটে পারুল অ্যাপার্টমেন্টে ই ডি হানা

## দুর্ঘটনার কবলে সেনাবাহিনীর অ্যাম্বুলেন্স

**হুগলীঃ** হুগলীর গুড়াপ থানার অন্তর্গত কংসারিপুরে জাতীয় সড়কে বৃহস্পতিবার এই দূরঘটনাটি ঘটে। গাড়িতে থাকা পাঁচ জনকেই উদ্ধার করে বর্ধমান পাঠিয়েছে হুগলী জেলা গ্রামীণ পুলিশ চিকিৎসার জন্য । দুজনের আঘাত গুরুতর । সেনাবাহিনীর অ্যাম্বুলেন্সটি বর্ধমানের দিক থেকে কলকাতার দিকে যাচ্ছিল। জাতীয় সড়কে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি উল্টে যায়। গাড়িতে থাকা ৫ জনকে উদ্ধার করে বর্ধমান অনাময় হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়। পশ্চিম বর্ধমানের পানাগড় সেনা ছাউনি থেকে কলকাতার কমান্ড হাসপাতালে যাওয়ার পথে এই বিপত্তি ।তবে এই বিষয়ে কেউ মুখ খুলতে চাননি আধিকারিকরা।

## কার্জন গেটের সামনে মূল মঞ্চ পরিদর্শন করলেন বর্ধমান দক্ষিনের মহকুমা শাসক তীর্থঙ্কর বিশ্বাস

**বর্ধমানঃ** আর কিছুক্ষণের মধ্যেই বর্ধমান শহরে অনুষ্ঠিত হবে মা কার্নিভ্যাল। শেষ মুহূর্তের প্রস্তুতি দেখতে কার্জন গেটের সামনে মূল মঞ্চ পরিদর্শন করলেন বর্ধমান দক্ষিনের মহকুমা শাসক তীর্থঙ্কর বিশ্বাস এবং বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস। উপস্থিত ছিলেন বর্ধমান সদর থানার বিশাল পুলিশ বাহিনী। শেষ মুহূর্তের প্রস্তুতির পাশাপাশি স্বয়ং মহাকুমা শাসক যাতে কোথাও কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে নিরাপত্তার বিষয়টিও তদারকি করলেন তিনি মূল মঞ্চে মেটাল ডিটেক্টর দিয়ে পরীক্ষা করা হয় । কার্নিভাল দেখতে বোম্বে থেকে বিশেষ দুই অতিথি চিত্র অভিনেত্রী ভাগ্যশ্রী এবং আশ্রানি আসছেন । তাই যাতে নিরাপত্তার কোন খামতি না থাকে তার জন্যই আজকের এই বিশেষ পরিদর্শন। যতক্ষণ কার্নিভাল চলবে এই বিশেষ অতিথিরা মূল মঞ্চে উপস্থিত থাকবেন। এই বিষয়ে মহাকুমা শাসক তীর্থঙ্কর বিশ্বাস জানান, আনুষ্ঠানিকভাবে বিকেল পাঁচটা থেকে মা কার্নিভাল এর সূচনা হবে এবং রাত্রি এগারোটার মধ্যে শেষ করা হবে। এই বছরে কার্নিভালে জনসাধারণের জন্য পর্যাপ্ত পরিমাণে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে তার জন্য এগিয়ে এসেছে বর্ধমান পৌরসভা এবং পিএইচ ই ডিপার্টমেন্ট। এমারজেন্সি অ্যাম্বুলেন্স এর ব্যবস্থা রাখা হয়েছে। এবং যাতে কোথাও কোনো দুর্ঘটনা না ঘটে তার জন্য ফায়ার ব্রিগেডএর গাড়িও রাখা হবে। সাধারণ মানুষের নিরাপত্তা যাতে সুনিশ্চিত থাকে তার জন্য বর্ধমান সদর থানার পক্ষ থেকে বিপুল পরিমাণে পুলিশ কর্মী মোতায়ন করা হবে। দুপুর দুটোর পর থেকে কোনোভাবেই জিটি রোডের উপর যানবাহন চলাচল করতে দেয়া যাবে না। এই অনুষ্ঠান সর্বসাধারণের জন্য যে কেউ চাইলেই এই অনুষ্ঠান মূল মঞ্চে এসে দেখতে পারেন। এই বিষয়ে বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস জানান, রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় আজ সারা রাজ্যজুড়েই মা কার্নিভাল অনুষ্ঠিত হচ্ছে। আগে আমরা জানতাম দুর্গাপূজা মানেই চার দিনের আনন্দ উপভোগ করা কিন্তু মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমরা ছয় থেকে সাত দিন এই দুর্গাপুজোর আনন্দ উপভোগ করি। এই বছরে বর্ধমান শহরে ২৭ টা পূজো কমিটির মা কার্নিভালে অংশগ্রহণ করবে। আমরা ঠিক করেছি এক থেকে ছটি পুজো কমিটিকে পুরস্কৃত করবো। বাকি যে পুজো কমিটিগুলি রয়েছে সেগুলি যাতে আর্থিকভাবে পুরস্কৃত হয় তার জন্য আমরা বিভিন্ন কোম্পানিকে অনুরোধ জানাবো। বিপুল সংখ্যায় লাইট লাগানো হয়েছে। যাতে কার্নিভালের শোভাযাত্রা সঠিকভাবে দেখা যায়। ইতিমধ্যেই আমাদের বর্ধমানএ এসে উপস্থিত হয়েছেন বোম্বের দুই বিখ্যাত চিত্রশিল্পী। তারা প্রধান অতিথি হিসেবে মঞ্চে বসবেন । প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। বিকাল পাঁচটা থেকে মা কার্নিভাল শুরু হবে।

## বিজেপি কর্মী খুনের ঘটনাকে কেন্দ্র করে ৩৪ নম্বর জাতীয় সড়কের উপর টায়ার জ্বালিয়ে দফাই দফায় বিক্ষোভ বিজেপি কর্মী সমর্থকদের

**কলকাতা ঃ** বিজেপি নেতা খুনের ঘটনায় টায়ার চালিয়ে ৩৪ নম্বর জাতীয় সড়ক অবরোধ বিজেপির, প্রায় এক ঘন্টা ধরে চলে অবরোধ, ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী। জানা যায় গতকাল সন্ধ্যায় শান্তিপুর আরবান্দি দু'নম্বর পঞ্চায়েতের বড় জিয়াকুর বাজার সংলগ্ন এলাকায়। জানা যায় গতকাল সন্ধ্যায় অধির সরকার নামে এক বিজেপি কর্মীকে পিটিয়ে খুন করার অভিযোগ ওঠে তৃণমূল আশ্রিত এক দুষ্কৃতির বিরুদ্ধে। এরপরে ব্যাপক উত্তেজনা সৃষ্টি হয় গোটা এলাকাসহ হাসপাতালে। মৃতদেহ উদ্ধার করাকে কেন্দ্র করে পুলিশের সাথে বিজেপি কর্মীদের শুরু হয় ধস্তাধস্তি। যদিও গতকাল রাতেই অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। বৃহস্পতিবার বিজেপি কর্মী খুনের প্রতিবাদে শান্তিপুর ফুলিয়ার বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ করে বিজেপি কর্মী সমর্থকরা। তবে টায়ার জালিয়ে প্রায় এক ঘন্টারও বেশি দফায় দফায় বিক্ষোভ দেখায় বিজেপি। বিজেপির দাবি, পুলিশ বিজেপি কর্মীদের অহেতুক গায়ে হাত দিয়েছে, এছাড়াও কেন এইভাবে বিজেপি কর্মীরা খুন হবে, পুলিশ তৃণমূলের দলদাসে পরিণত হয়েছে। বিজেপি কর্মী খুনের ঘটনায় আরো অভিযুক্ত জড়িত আছে বলে দাবি বিজেপি নেতৃত্বর। যদিও পরবর্তীতে পুলিশের দীর্ঘক্ষনের চেষ্টায় উঠে যায় পথ অবরোধ। অন্যদিকে খুনের ঘটনায় মূল অভিযুক্ত গোকুল সরকারকে আজ রানাঘাট বিচার বিভাগীয় আদালতে তোলে হয়, যদিও অভিযুক্তকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেয় আদালত।

## সম্পাদকীয়

# বিশ্বকাপে ভারতের সাফল্যের রহস্য কী?

অপ্রতিরোধ্য ভারত। বিশ্বকাপে পরপর আটটি ম্যাচ জিতল রোহিত শর্মার দল। এই সাফল্যের পিছনে কী রহস্য আছে? একের পর এক আট ম্যাচে জয় পেয়ে ১৬ পয়েন্ট নিয়ে তালিকায় অন্যদের ধরাছোঁয়ার বাইরে চলে যাওয়াই নয়, ভারত জিতছে প্রতিপক্ষকে গুঁড়িয়ে দিয়ে। ব্যাট করতে নামার পর শুরুটা দুর্দান্ত হচ্ছে। মিডল অর্ডার নির্ভরতা দিচ্ছে। তারপর চমকপ্রদ বিষয়টা হলো, বল করতে এসে বুমরাহ, সিরাজ, শামি, জাদেজা ও কুলদীপকে ভয়ংকর দেখাচ্ছে। প্রতিপক্ষ দল ভারতের বোলারদের এতটা সমীহ কবে করেছে মনে করা যাচ্ছে না। এই বিশ্বকাপে একটা স্বপ্নের স্পেলের মধ্যে দিয়ে যাচ্ছেন রোহিত শর্মারা। সাউথ আফ্রিকার কথাই ধরুন। এবারের বিশ্বকাপে পয়েন্ট তালিকায় দুই নম্বর দল। ভারতের সঙ্গে নামার আগে সাত ম্যাচ খেলে ছয়টিতে জিতেছিল। কিন্তু ভারতের ৩২৬ রান তাড়া করে তারা গুটিয়ে গেল মাত্র ৮৩ রানে। ইডেনের ২২ গজে সাউথ আফ্রিকার হয়ে সবচেয়ে বেশি ১৪ রান করলেন বোলার মার্কো জানসেন। জাদেজা পাঁচ, কুলদীপ দুই, শামি দুই ও সিরাজ এক উইকেট নিলেন।




ম্যাচের সেরা হওয়ার পর জাদেজা জানিয়েছেন, তারা একটা করে ম্যাচ দেখে খেলতে চান। এই ছন্দটা সেমিফাইনাল ও ফাইনালে ধরে রাখতে চান তারা। জাদেজাকে প্রশ্ন করা হয়েছিল, লড়াইটা একটু কঠিন হলে ভালো হত না? জাদেজার জবাব, ‘‘আরে কঠিন লড়াই তো হওয়া উচিতই নয়। প্রতিপক্ষ আমাদের বিরুদ্ধে খেলতে গিয়ে আতঙ্কিত হবে, সেটাই তো দরকার। আমরা তো চাই, আমাদের বিরুদ্ধে খেলতে গিয়ে প্রতিপক্ষ চাপে পড়ে যাক।’’ বাস্তবে হচ্ছেও তাই। ভারতের প্রত্যেক ক্রিকেটার নিজেকে ছাপিয়ে যাওয়ার চেষ্টা করছেন। বোলাররা এমন বল করছেন, দেখে মনে হচ্ছে, যে কোনো সময় তারা উইকেট পাবেন। শামি, সিরাজরা বল করতে আসলে তাদের এতটাই ভয়ংকর লাগছে যে দেখে মনে হচ্ছে, বিপক্ষের ক্রিকেটাররা বেশ আতঙ্কে আছেন। তিন পেসারের বল দুইদিকে সুইং করছে। প্রত্যেকের লাইন ও লেন্থ অসম্ভব ভালো। সবার উপরে রয়েছে তাদের আত্মবিশ্বাস। এর পিছনে অবশ্য একজনের হাত আছে। তিনি হলেন, বোলিং কোচ পরশ মাম্বরে। তিনি দেশের হয়ে মাত্র দুইটি টেস্ট ও তিনটি একদিনের আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন। ২০২১ সালের নভেম্বর থেকে তিনিই ভারতীয় পুরুষ ক্রিকেট দলের বোলিং কোচ। দ্রাবিড় তাকে পূর্ণ স্বাধীনতা দিয়েছেন। তিনিও কামাল করে দিচ্ছেন। প্রচারের আলোর বাইরে থাকা এই কোচ শামিদের বদলে দিয়েছেন। ঠিক জায়গায় বল রেখে সুইং করানোর উপর জোর দিয়েছেন। পেস সহায়ক নয়, এমন পিচেও তারা অসাধারণ সাফল্য পাচ্ছেন। সেই সঙ্গে অসাধারণ খেলছেন ব্যাটাররা। এক্ষেত্রে রোহিতরা একটা কৌশল নিয়েছেন। রোহিত জানিয়েছেন, তিনি ও শুভমন শুরুর ওভারে চালিয়ে খেলে স্কোরবোর্ডে বেশ কিছু রান তুলতে চাইছেন। তারপর বিরাট, শ্রেয়স, কে এল রাহুল, সূর্যকুমার, জাদেজারা বাকি কাজটা করছেন। বিরাট কোহলি দক্ষিণ আফ্রিকার ম্যাচের পর বলছিলেন, ‘‘রোহিতরা পিটিয়ে খেলার পর পিচ স্লো হয়ে গিয়েছিল। তখন দেখে খেলতে হচ্ছিল। কিন্তু দর্শকদের প্রত্যাশা বেড়ে গেছে। তারা মনে করে, রোহিতরা যখন পিটিয়ে খেলতে পেরেছে, তখন বাকিরা কেন খেলতে পারবে না?’’ জাদেজা ইডেনে পাঁচ উইকেট নেন। জাদেজা ইডেনে পাঁচ উইকেট নেন। এই প্রত্যাশার চাপটাও সহজভাবেই নিচ্ছেন ভারতীয় ক্রিকেটাররা। দলের এখন এমনই অবস্থা, হার্দিকের অভাব পর্যন্ত অনুভূত হচ্ছে না। রবিচন্দ্রন অশ্বিনের মতো বোলারকে সাতটি ম্যাচ টিমের বাইরে থাকতে হয়েছে। ইশান কিশান ফর্মে থেকেও সুয়োগ পাচ্ছেন না। সবচেয়ে বড় কথা রোহিতদের এই দলে সংহতি আছে। ফিটনেস আছে। প্রত্যেকের মধ্যে জেতার খিদেটা মারাত্মক। ম্যাচের পর রোহিত বলেছেন, দলের উপর বিশ্বাস রাখতে হয়। শ্রেয়স প্রথমে রান পাচ্ছিল না। কিন্তু আমরা বিশ্বাস রেখেছি। তার ফলও পেয়েছি। শ্রেয়স রান না পেলেও খেলাতাম। প্লেয়ারদের উপর বিশ্বাস রাখাটা জরুরি।

# একের পর এক জঙ্গি হামলা পাকিস্তানে, মৃত ১৭ সেনা

গত তিনদিনে পাকিস্তানের একাধিক অঞ্চলে লাগাতার জঙ্গি হামলা। ১৭ জন জওয়ান নিহত।

সর্বশেষ জঙ্গি হামলা হয়েছে ডেরা ইসমাইল খানে। গত ৪৮ ঘণ্টায় মোট চারবার জঙ্গি হামলার ঘটনা ঘটেছে এই অঞ্চলে। গত তিন দিনে জঙ্গি হামলা হয়েছে বালুচিস্তান, খাইবার পাখতুনখোয়া এবং পাঞ্জাবে। এখনো পর্যন্ত পুলিশের হিসেব অনুযায়ী ১৭ জন সেনা জওয়ানের মৃত্যু হয়েছে। পাঁচজন বেসামরিক মানুষের মৃত্যু হয়েছে। সেনার হাতে অন্তত ১০ জন সন্ত্রাসীরও মৃত্যু হয়েছে বলে জানা গেছে।



সুলেমান খান
প্রাবন্ধিক

রোববার রাতে ডেরা ইসমাইল খান অঞ্চলে শেষ হামলা হয়েছে। সেখানে গুল ইমাম পুলিশ স্টেশনে গ্রেনেড নিয়ে হামলা



চালায় সন্ত্রাসীরা। পুলিশও সঙ্গে সঙ্গে জবাব দেয় ঘটনায় এক পুলিশ কনস্টেবল আহত হয়েছেন। প্রায় দেড় ঘণ্টা লড়াই চলার পর জঙ্গিরা পালিয়ে যায় বলে পুলিশের বক্তব্য। কোনো জঙ্গির নিহত হওয়ার খবর পাওয়া যায়নি।

রোববার সন্ধ্যায় রুরি পুলিশ পোস্টে একইরকমভাবে আক্রমণ চালায় জঙ্গিরা। সেখানেও এক কনস্টেবল আহত হয়েছেন।

তবে গত তিনদিন ধরে কোন জঙ্গি গোষ্ঠী একাজ চালাচ্ছে, সে বিষয়ে এখনো পর্যন্ত স্পষ্ট করে কোনো তথ্য দেয়নি স্থানীয় পুলিশ বা প্রশাসন। পুলিশের তরফে কেবল জানানো হয়েছে, পুলিশ ফোর্সের মনোবল ভাঙার জন্যই লাগাতার বিভিন্ন পুলিশ পোস্টে এই আক্রমণ চালানো হচ্ছে। কিন্তু পুলিশও পাল্টা জবাব দিচ্ছে।

## নেপালে এখনো দেহ উদ্ধারের কাজ চলছে



২০১৫ সালের পর এত ভয়াবহ ভূমিকম্প দেখেনি নেপাল। এখনো পর্যন্ত ১২৮ জনের মৃত্যু হয়েছে। ধ্বংসস্তূপের নিচে এখনো বহু মানুষ আটকে আছে বলে উদ্ধারকারীদের বক্তব্য। ধ্বংসাবশেষ সরিয়ে এখনো উদ্ধার কাজ চলছে নেপালে। গত শুক্রবার রাতে ভয়াবহ ভূমিকম্প হয় নেপালে।রাজধানী কাঠমান্ডু থেকে ৫০০ কিলোমিটার পশ্চিমে জাজারকোট অঞ্চলে ভূমিকম্পে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে। পাহাড়ি অঞ্চলে উদ্ধারকাজ ঠিক মতো চালানো যাচ্ছে না বলে স্থানীয় মানুষের বক্তব্য। বস্তুত, এই অঞ্চলে প্রায় দুই লাখ মানুষের বসবাস। শুক্রবার রাতে ভূমিকম্পের পর বহু বাড়ি ধসে পড়েছে। শনিবার সকাল থেকে উদ্ধারকাজ শুরু হলেও ধ্বংসস্তূপ সরানো সম্ভব হয়নি। উদ্ধারকারীদের ধারণা, ধ্বংসস্তূপের নিচে বহু মানুষ এখনো আটকে আছেন। এখনো পর্যন্ত ঘটনায় ১২৮ জনের মৃত্যু হয়েছে। বহু আহত মানুষকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। শুধু জাজারকোট হাসপাতালেই ৫০ জন ভর্তি আছে। সংবাদসংস্থা রয়টার্সকে স্থানীয় মানুষ জানিয়েছেন, ওই দিন ভূমিকম্পের পর বহু বাড়ি ধসে পড়েছে। অধিকাংশ বাড়িতে ফাটল দেখা দিয়েছে। ফলে ভয়ে কেউ বাড়িতে ঢুকতে পারছেন না। যে কোনো সময় বাড়ি ভেঙে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। ওই দিন রাতে ভূমিকম্পের পর থেকে কার্যত মাঠেই থাকছেন স্থানীয় মানুষ। রোববার কয়েকটি শেল্টার ক্যাম্প তৈরি করা হয়েছে। রোববার বেশ কিছু দেহ একত্রে দাহও করা হয়েছে। বিশেষজ্ঞদের বক্তব্য, ২০১৫ সালের ভয়াবহ ভূমিকম্পের পর এটাই নেপালের সবচেয়ে বড় ভূমিকম্প। ২০১৫ সালের ঘটনায় নয় হাজার মানুষের মৃত্যু হয়েছিল। এবারের ভূমিকম্পে অন্তত ৬ বিলিয়ন ডলারের ক্ষয়ক্ষতি হয়েছে বলে প্রাথমিক হিসেবে উঠে এসেছে।

# দিল্লি দূষণে বন্ধ স্কুল, শুরু অনলাইন ক্লাস

**স্যমন্তক ঘোষ**

সোমবার দিল্লির ফিরোজ শাহ কোটলায় শ্রীলঙ্কা-বাংলাদেশ ম্যাচ। প্র্যাকটিসে নামতেও সমস্যা হয়েছে দুই দলের।

সুস্থ ও স্বাভাবিক শ্বাসপ্রশ্বাসের জন্য এয়ার কোয়ালিটি ইনডেক্স (একিউআই) ৫০ এর নিচে থাকা বাঞ্ছনীয়। ২০০ একিইউআই পর্যন্ত অ্যাভারেজ ধরা হয়। সেখানে সোমবার সকালে দিল্লি এবং পার্শ্ববর্তী অঞ্চলের একিউআই ৫০০ ছাড়িয়ে গেছে।

দিল্লি ইউনিভার্সিটি অঞ্চলে দূষণের পরিমাণ সোমবার সকাল সাতটায় ছিল ৪৭৩। দিল্লি বিমানবন্দরে সেই মাত্রা ছিল ৫৫৯। দিল্লির পার্শ্ববর্তী শহর নয়ডায় দূষণের মাত্রা ৬১৬।দিল্লি আইআইটি অঞ্চল, যা দক্ষিণ দিল্লির অন্যতম গুরুত্বপূর্ণ অঞ্চল, সেখানে সোমবার দূষণের মাত্রা ৫১৭। দিল্লির আরেক পার্শ্ববর্তী শহর গুরগাঁওয়ে দূষণের মাত্রা ৫১৬।

চিকিৎসক সাত্যকি হালদার ডিডাব্লিউকে বলেছেন, ''এই পরিমাণ দূষণে বাড়িতে বসেই শ্বাসকষ্টজনিত সমস্যা হওয়ার কথা। বাইরে বেরোলে মাস্ক অবশ্যই পড়তে হবে। কিন্তু তাতেও দূষণের হাত থেকে বাঁচা সম্ভব নয়।''

সফদরজং হাসপাতালের সাবেক চিকিৎসক এবং নয়ডানিবাসী বিষ্ণু দে জানিয়েছেন, ''গত এক সপ্তাহে শ্বাসকষ্টজনিত সমস্যা নিয়ে আসা রোগীর সংখ্যা অন্তত ১০ গুণ বেড়েছে। সবচেয়ে বেশি সমস্যা হচ্ছে শিশু এবং বয়স্কদের।'' বিষ্ণুর বক্তব্য, ফুসফুসের অসুখ থাকলে, শ্বাসকষ্টের সমস্যা থাকলে কোনোভাবেই এই সময় বাইরে যাওয়া ঠিক নয়।

চিত্তরঞ্জন পার্কের বিশেষজ্ঞ চিকিৎসক পার্থপ্রতিম বোস জানিয়েছেন, ''রোগীর সংখ্যা ভয়ঙ্করভাবে বেড়ে গেছে। এখন বাইরে বেরোবার আগে স্টিম নিয়ে, গার্গল করাটা জরুরি।''

বস্তুত, দিল্লির বায়ু দূষণ নিয়ে চিন্তিত আইসিসি। সোমবারই দিল্লির ফিরোজ শাহ কোটলা স্টেডিয়ামে (যার নতুন নাম অরুণ জেটলি স্টেডিয়াম) শ্রীলঙ্কা এবং বাংলাদেশের গুরুত্বপূর্ণ ম্যাচ। বাংলাদেশ আগেই দিল্লি এসে পৌঁছেছিল। শুক্রবার তারা প্র্যাকটিস করতে নেমেও দ্রুত ড্রেসিংরুমে চলে যায়। শনি এবং রোববার শ্রীলঙ্কার খেলোয়াড়রাও প্র্যাকটিসের সময় অনেক কমিয়ে দেন। বেশিরভাগ সময়েই তারা ড্রেসিংরুমের ভিতর ছিলেন। বাইরে এসেছেন মাস্ক পরে।

বৃষ্টি বা ফগের জন্য আইসিসি খেলা বন্ধ করে দেয়। বায়ু দূষণের মাত্রার জন্যও তারা খেলা বন্ধ করে দিতে পারে। বস্তুত, রোববার বিশেষজ্ঞদের একাংশ খেলা বন্ধ হয়ে যেতে পারে, এমন আশঙ্কা প্রকাশ করেছিলেন। তবে সোমবার সকালে শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে দুই দলের খেলোয়াড় এবং ম্যানেজমেন্টের সঙ্গেই চিকিৎসকরা নিয়মিত যোগাযোগ রাখছেন। দিল্লির প্রশাসন জানিয়েছে, দূষণ কমানোর জন্য বেশ কিছু যন্ত্র মাঠে রাখা হবে।

গত সপ্তাহ থেকেই দিল্লির একাধিক স্কুল ক্লাসরুম বন্ধ করে দিয়েছে। ছাত্রদের অনলাইনে পড়ানো হচ্ছে। সোমবার দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল বিশেষ বৈঠক ডেকেছিলেন। সেখানে ঠিক হয়েছে, ১০ নভেম্বর পর্যন্ত সব স্কুল বন্ধ থাকবে। ষষ্ঠ থেকে দশম শ্রেণির ক্লাস অনলাইনে নেয়া হবে। তবে স্কুলে একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্লাস হতে পারে।

একইসঙ্গে দিল্লিতে ট্রাক ঢোকা বন্ধ করে দেওয়া হয়েছে। ডিজেল গাড়ি চলার ক্ষেত্রেও নিষেধাজ্ঞা জারি হয়েছে। কেবলমাত্র নিত্যপ্রয়োজনীয় জিনিসের ট্রাক এবং ডিজেল গাড়ি দিল্লিতে ঢুকতে দেওয়া হবে।

দিল্লিতে আবার গাড়ির ক্ষেত্রে অড-ইভন শুরুর সিদ্ধান্ত নেয়া হয়েছে। ১৩ থেকে ২০ নভেম্বর পর্যন্ত অড-ইভন চালু হবে। যে সব গাড়ির নম্বরপ্লেটের শেষ অক্ষর এক, তিন, পাঁচ, সাত বা নয় সেগুলি অডের দিনে বেরোতে পারবে। বাকিরা ইভনের দিনে বেরোতে পারবে।

আগামী সপ্তাহে দীপাবলি। সে সময় দূষণের মাত্রা আরো বাড়বে বলে মনে করা হচ্ছে। পরিবেশ বিজ্ঞানী দীপায়ন দে ডয়চে ভেলেকে জানিয়েছেন, ''দিল্লির আবহাওয়ার এটাই সবচেয়ে বড় সংকট। এই দূষণ কমানোর কোনো সুযোগ নেই। যত দিন যাবে দূষণের মাত্রা তত বাড়বে।'' দীপায়নের বক্তব্য, বছরের এই সময়টায় একদিকে মরুভূমি এবং অন্যদিকে পাহাড়ে আটক দিল্লিতে একটি দূষণের পকেট তৈরি হয়। কারণ, বাতাস আচমকাই শুকনো হয়ে যায়। বাতাসের গতি হঠাৎ করে কমে যায়। ফলে বাতাসের ধূলিকণা এই পকেটে আটকে থাকে। দূষণ বাড়তে থাকে।

বস্তুত, বছরের এই সময়েই পার্শ্ববর্তী পাঞ্জাব এবং হরিয়ানায় ফসল কেটে জমিতে আগুন দেওয়া হয়। সেই দূষণ দিল্লিতে দূষণের পকেট তৈরি করে। খড় জ্বালানোর এই প্রথা নিয়ে প্রতি বছরই নানা আলোচনা হয়। চাষীরা যাতে খড় না জ্বালিয়ে তা সাড় হিসেবে ব্যবহার করতে পারেন, তা নিয়ে একটি কিটও তৈরি হয়েছে। পাঞ্জাবের কৃষক আনন্দ মহীন্দ্রা জানিয়েছেন, ‘‘পাঞ্জাব হরিয়ানায় ফসল যন্ত্র দিয়ে কাটা হয়। ফলে জমিতে পুরনো গাছের অংশবিশেষ থেকে যায়। না জ্বালালে ওই জমিতে পরের ফসল নষ্ট হয়ে যায়।'' সরকার যে কিটের কথা বলছে, আনন্দের বক্তব্য, তা প্রয়োজনের তুলনায় নেহাতই অপ্রতুল। হরিয়ানাতে কেন্দ্রীয় সরকার ওই কিট দিলেও পাঞ্জাবে তা পৌঁছায়নি বলে আনন্দের দাবি।

সব মিলিয়ে এক ভয়াবহ অবস্থা তৈরি হয়েছে দিল্লিতে। দিপাবলির আগেই দূষণের মাত্রা ৫০০ ছাড়িয়ে গেছে। দীপাবলিতে তা আরো দেড় গুণ বাড়ার আশঙ্কা প্রকাশ করছেন পরিবেশবিদেরা।



## জানা অজানা


### সৌদি আরব, রাশিয়া ডিসেম্বর পর্যন্ত কম তেল উত্তোলন করবে

বিশ্ববাজারে তেলের দাম বেশি রাখতে সৌদি আরব ও রাশিয়া ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন কম তেল উত্তোলন করবে বলে জানিয়েছে। রোববার প্রথমে সৌদি আরব এই সিদ্ধান্ত নেওয়ার পর রাশিয়া তার সঙ্গে যোগ দিয়েছে। দিনে ১০ লাখ ব্যারেল তেল কম উত্তোলন করবে সৌদি আরব। আর রাশিয়া তিন লাখ ব্যারেল তেল কম উৎপাদন করবে। বিশ্বের তেল রপ্তানিকারক দেশসমূহ এবং তাদের মিত্রদের সংগঠন ওপেক প্লাসের এপ্রিলের সিদ্ধান্ত অনুযায়ী, গত জুলাই মাস থেকে প্রতিদিন ১০ লাখ ব্যারেল তেল কম উত্তোলন করছে সৌদি আরব। সে কারণে তেলের দাম ব্যারেলপ্রতি ৮০ ডলারের উপর থাকছে। এ বছর সেপ্টেম্বরে অপরিশোধিত ব্রেন্ট তেলের দাম ব্যারেলপ্রতি সবচেয়ে বেশি ছিল, ৯৮ ডলার। আর গত শুক্রবার ছিল ৮৫ ডলার। ওপেক প্লাসের জুনের সিদ্ধান্ত অনুযায়ী, ২০২৪ সালেও তেল উত্তোলন কমানো হবে।



## সাময়িকী

# প্রথম দিনেই ৪০ কোটি তুলতে পারে সালমানের ‘টাইগার থ্রি’



জোনাথন লেমিরি
কলামিস্ট

গত এক দশকে যে সাহসটা কোনো বলিউডি বিগ বাজেটের সিনেমা দেখাতে পারেনি, সেটা দেখালেন সালমান খান এবং যশরাজ ফিল্মস।

আগামী ১২ নভেম্বর দিওয়ালির দিন রিলিজ করছে সালমান খানের নতুন সিনেমা ‘টাইগার থ্রি’। দিওয়ালির দিন মানুষ তো উৎসবে মেতে থাকেন। ফলে সেই দিন সিনেমা রিলিজ করলে বিশেষ করে বিকেলের পরের শো'তে হল খালি থাকার একটা ভয় থাকে। সেই লোকসান বা বিরূপ প্রচার কোনো বড় নায়ক বা প্রযোজক সংস্থা চায় না।

কিন্তু এক্ষেত্রে সেই সাহস দেখানো টাইগার থ্রি আরেকটা রেকর্ড ভেঙে দিয়েছে। টিকিটের অ্যাডভান্স বুকিং শুরু হওয়ার পর একদিনে চার কোটি ২০ লাখ টাকার টিকিট বিক্রি হয়ে গেছে। বক্স অফিস বিশেষজ্ঞ তরণ আদর্শ জানিয়েছেন, ‘‘অ্যাডভান্স বুকিংয়ের প্রথম দিনেই ৩৭ হাজার টিকিট বিক্রি করেছে পিভিআর আইনক্স এবং সিনেপোলিস বিক্রি করেছে সাড়ে সাত হাজার টিকিট।’’ মোট এক লাখ ৪০ হাজার টিকিট বিক্রি হয়েছে।

ফিল্ম সমালোচক সুমিত কাদেল এক্সএ জানিয়েছেন, ‘‘অ্যাডভান্স বুকিং-এর প্রবণতা থেকে বোঝা যাচ্ছে, প্রথম দিনেই ভারতীয় মুদ্রায় ৪০ কোটি টাকা আয় করে ফেলবে টাইগার থ্রি। দিওয়ালি-লক্ষ্মী পুজোর কথা মাথায় রাখলে বলতে হবে, সালমানের এই সিনেমা নিয়ে মানুষের মধ্যে ‘‘পাগলের মতো ক্রেজ আছে।’’

সলমনের সঙ্গে এই সিনেমায় আছেন ক্যাটরিনা কাইফ। সালমান ও ক্যাটরিনাকে একসঙ্গে অনেকদিন পর আবার বড় পর্দায় দেখা যাবে। ফলে তাদের এই জুটি নিয়ে মানুষের মনে আগ্রহ আছে।

টাইগার থ্রির শো শুরু হচ্ছে সকাল সাতটা থেকে। এখন ভারতে শাহরুখ, সালমানদের সিনেমা এলে শো শুরু হয় অনেক সকাল থেকে। শাহরুখের জওয়ানের শো কলকাতায় শুরু হয়েছিল ভোর পাঁচটায়। অত সকালেও সেই শো হাউসফুল ছিল। যশরাজ ফিল্মস বিবৃতি দিয়ে জানিয়েছে, ‘‘দিওয়ালি বলে দেশজুড়ে সকাল সাতটা থেকে শো শরু হবে। হিন্দি, তামিল ও তেলুগুতে এই ছবি রিলিজ হচ্ছে ১২ নভেম্বর।’’ টাইগার থ্রি-তে শাহরুখেরও স্পেশ্যাল অ্যাপিয়ারেন্স আছে। যেমন পাঠানে ছিল সালমান খানের। তবে শাহরুখ কতক্ষণের জন্য পর্দায় থাকবেন তা জানানো হয়নি।



## পাঠকের চিঠি

### টাকার গরম...

কেউ কেউ বলেন... অর্থই অনর্থের মূল।কেউ কেউ বলেন... টাকা নেই তো সবই ফাঁকা।আসলে বেঁচে থাকতে গেলে টাকা বা অর্থের প্রয়োজন।টাকা না থাকলে আমরা কিছুই করতে পারবো না,না পরিবারের কাজ,না সমাজের কাজ,না দেশের কাজ,না ধর্মের কাজ।আবার যদি বেশি টাকা বা অর্থ হয়ে যায় তাহলে শক্তির অহংকার হয়।ধনের অহংকার হয়।ধরা কে সরা জ্ঞান করে।অর্থের অপব্যবহার করে।অকাজ ,কুকাজ ও কুকর্ম করে।তাই ঠাকুর রামকৃষ্ণদেব বলেছেন,,সংসার প্রতিপালন করার জন্য যেটুকু অর্থের প্রয়োজন তা সৎ উপায়ে অর্জন করবে এতে কোনো দোষ নেই।আর অর্থ বেশি হয়ে গেলে ও টাকা বেশি হয়ে গেলে শরীর গরম হয়ে যায় তাতে ক্ষতিই বেশি হয়ে থাকে।এমনকি প্রাণ নাশ ও হয়ে থাকে।এই প্রসঙ্গে কথামৃতের একটা গল্প মনে পড়ে গেল।এক হাতী প্রতিদিন জঙ্গল থেকে এক পুকুরে জল পান করতে যেত।পুকুরের পাড়ে এক গর্তে এক ব্যাঙ থাকতো।হাতী যখন আসতো তখন হাতী কে দেখে ব্যাঙভয়ে গর্তে ঢুকে যেতো।একদিন ব্যাঙ টি একটি রুপোর টাকা পায়।তাতে ব্যাঙের শরীর গরম হয়ে যায়।সেদিন যখন হাতী পুকুরে জল পান করতে আসে সেদিন কিন্তু ব্যাঙ ভয়ে গর্তে আর লুকোয় নি।উপরন্তু হাতী কে আসতে দেখে তাকে গর্ব ভরে লাথি দেখায়।হাতী ব্যাঙের এই পরিবর্তন ও আচরণ দেখে হতবম্ব হয়ে যায়।সে ব্যাপার কি জানার জন্য ব্যাঙের কাছে যায় ও দেখে তার কাছে একটা রুপোর টাকা আছে।হাতী বুঝে নিলো ব্যাঙের টাকার গরম হয়েছে তাই আমাকে আজ লাথি দেখাচ্ছে।এই বলে হাতী পা দিয়ে ব্যাঙের ভবলীলা সাঙ্গ করলো।এই হলো অর্থই অনর্থের মূল।

**সুনীল কুমার দে,জামশেদপুর**

স্বত্বাধিকারী, মুদ্রক, প্রকাশক, সম্পাদক ঃ রজত কুমার গুপ্তা, দ্বারা এচ.আই. ২৫৪, হরমু হাউসিং কলোনী, রাঁচি-৮৩৪০০২ থেকে প্রকাশিত এবং বৃন্দা মিডিয়া পাবলিকেশন প্রা.লি. চিরৌঁদী, বোড়েয়া রোড রাঁচি থেকে মুদ্রিত। নির্বাহী সম্পাদক ঃ আদিত্য কুমার চ্যাটার্জ্জী* ফোন ঃ ০৬৫১২২৪৪৬০৫, ফৈক্স ঃ ০৬৫১২২৪৪৫০৫ (*পীআরবী অধিনিয়ম অনুযায়ী খবরের চয়নের জন্য উত্তরদায়ী)
Printed, Published & Edited by Rajat Kumar Gupta and printed at Vrinda Media publication pvt.ltd, Chiraundi, Boraiya Road, Ranchi, Published at HI 254, Harmu Housing Colony, Harmu Road, Ranchi-834001, Jharkhand, : Executive Editor :Aditya Kumar Chatterjee * Phone : 0651-2244555, 0651-2244505 (*Responsible for news as per PRB Act) RNI Registration : JHABEN 00015 email-rashtriyokhobor@gmail.com www.rashtriyakhabar.com

# রেশন কার্ডে বিনামূল্যে চাল দেওয়ার সঙ্গে ৫০ শতাংশ দামে ১ কেজি চা পাতা দেওয়ার চিন্তাভাবনা করছে সরকার বলে মন্তব্য মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার

***ভুটানের মহামহিম রাজার সফর অসমের জন্য সৌভাগ্যের কথা, খেল মহারণ এর জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশংসার চিঠি, অসমের মহিলা ক্রিকেট খেলোয়াড় উমা ছেত্রীকে ১০ লক্ষ টাকার সাহায্য***

**সব্যসাচী শর্মা**

**গুয়াহাটি ঃ** আগামী ডিসেম্বর থেকে রাজ্য ৪০ লক্ষ নতুন রেশন কার্ড বিতরণের কাজ শুরু হবে বলে জানালেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তিনি বলেন ৪০ লক্ষ রেশন কার্ড অর্থাৎ ১০ লক্ষ পরিবারকে বিনামূল্যে চালের পাশাপাশি ৫০ শতাংশ দামে ১ কেজি চা পাতা দেওয়ার চিন্তাভাবনা করছে সরকার। তিনি বলেন রেশন কার্ডের ক্ষেত্রে দরিদ্র ব্যক্তিদের পাশাপাশি নিম্ন মধ্য বৃত্তের পরিবারদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

উল্লেখ্য রাজ্যে নতুনভাবে অন্তর্ভুক্ত হওয়া হিতাদিকারীদের মধ্যে আগামী ডিসেম্বরে ৪০ লক্ষ রেশন কার্ড বিতরণ করতে চলেছে অসম সরকার। মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা এক্ষেত্রে জানান ৪০ লক্ষ রেশন কার্ড অর্থাৎ ১০ লক্ষ পরিবারের সদস্যরা বিনামূল্যে চাল, চিনি পাওয়া ছাড়াও ৫ লক্ষ টাকা পর্যন্ত চিকিৎসা সুবিধা এর মাধ্যমে নিতে পারবেন। আগামী ডিসেম্বরে রাজ্যের প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে জনসভা আয়োজনের মাধ্যমে হিতাদিকারীদের এই রেশন কার্ড তুলে দেওয়া হবে। তবে সর্বাধিক তাৎপর্যপূর্ণ বিষয় এবার দরিদ্র পরিবারের পাশাপাশি নিম্ন মধ্যবিত্তের পরিবারের সদস্যরা রেশন কার্ডের সুবিধা পেতে চলেছেন বলে জানান তিনি। মুখ্যমন্ত্রী বলেন চা বাগান এলাকার উন্নয়ন তথা চা জনগোষ্ঠীর স্বার্থে রেশন কার্ডে বিনামূল্যে চাল, চিনি দেওয়ার সাথে ৫০ শতাংশ দামে ১ কেজি চা পাতা দেওয়ার চিন্তাভাবনা করা হচ্ছে। বর্তমান প্রতি কেজি চা পাতার মূল্য ২০০, ৩০০ কিংবা ৪৫০। ফলে এবার অর্ধেক মূল্য দিয়ে রেশন কার্ড থাকা পরিবার এক কেজি চা পাতা পাবে বলে উল্লেখ করেছেন তিনি।

মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা বলেন ভুটানের মহামহিম রাজা জিগমে খেসার নামগ্যাল ওয়াংচুকের অসম সফরে এসেছেন। তিনি বর্তমান কাজিরাঙ্গা সফরে ব্যস্ত। এটা অসমের জন্য এক সৌভাগ্যের বিষয়। কারণ এর মাধ্যমে রাজ্যের প্রতি যে মানুষের ইন্টারেস্ট বাড়ছে সেটা প্রমাণিত হয়েছে। তিনি বলেন ভুটান অসমের প্রতিবেশী হলেও সেখানে রাজা এর আগে এই রাজ্যে আসেননি। একটি দেশের মুরুব্বির এটাই প্রথম অসম সফর। এর জন্য রাজ্য সরকারের তরফে তার সুযোগ সুবিধার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তবে দুর্ভাগ্যজনক ভাবে জাপানের প্রধানমন্ত্রীর অসম সফর বাতিল হয়েছে। জি টোয়েন্টি সম্মেলনে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী তাকে স্বয়ং অসম সফরে আসার ক্ষেত্রে ইচ্ছা প্রকাশ করেছিলেন। এভাবে বিভিন্ন দেশের কর্তারা রাজ্য সফরে এলে অসম বিভিন্ন ক্ষেত্রে উপকৃত হবে বলে মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।

তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি খেল মহারণ এর ক্ষেত্রে রাজ্যের পদক্ষেপের প্রশংসা করে চিঠি পাঠিয়েছেন। এটা অসমের জন্য অত্যন্ত গৌরবের বিষয় বলে উল্লেখ করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তিনি জানান বর্তমান অব্যাহত থাকা খেল মহারণে মোট ৪৩২২৩৪৬ জন প্রতিযোগী বিভিন্ন খেলায় রেজিস্ট্রেশন করেছেন। তবে খেলোয়াড় হিসেবে মোট ১৪ লক্ষ ৪০ হাজার জন ব্যক্তি রয়েছেন। অন্যদিকে সাংস্কৃতিক মহরণের ক্ষেত্রেও বিভিন্ন প্রতিযোগী নানা গানের ক্ষেত্রে নাম লিখিয়েছে। এক্ষেত্রে সর্বাধিক জ্যোতি সংগীতের ক্ষেত্রে ৭৭০০০, বিষ্ণু সঙ্গীতের ক্ষেত্রে ৬৫০০০, ভূপেন্দ্র সংগীতের ক্ষেত্রে ৪৮০০০ এবং রবীন্দ্র সংগীতের ক্ষেত্রে চল্লিশ হাজার রেজিস্ট্রেশন ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে। তিনসুকিয়া জেলা থেকে সর্বাধিক ২৩০০০ প্রতিযোগী নাম লিখিয়েছে। তবে বর্তমান রেজিস্ট্রেশন অব্যাহত থাকার পাশাপাশি এসএমএস রেজিস্ট্রেশন এবং স্পট রেজিস্ট্রেশনের সুবিধা রয়েছে। ফলে পরবর্তীকালে প্রতিযোগীর সংখ্যা ৬ থেকে ৭ লক্ষ হবে বলে আশা প্রকাশ করেছেন তিনি।

অন্যদিকে অসমের মহিলা ক্রিকেট খেলোয়ার উমা ছেত্রী ভারতীয় মহিলা ক্রিকেট দলে স্থান লাভ করার জন্য প্রতিশ্রুতি অনুযায়ী কার হাতে ১০ লক্ষ টাকার চেক তুলে দিয়েছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। শনিবার মহানগরের জনতা ভবন অসম সচিবালয়ের লোকসেবা ভবনের নবনির্মিত নিজস্ব কার্যালয়ের মিডিয়া হলে আয়োজিত সাংবাদিক বৈঠকে তিনি উমা ছেত্রীর হাতে সেই চেক তুলে দিয়েছেন। উমা ছেত্রীর সঙ্গে তার মা সেখানে উপস্থিত ছিলেন। তাছাড়া অসাম ক্রিকেট সংস্থার সভাপতি তথা বিধায়ক তরঙ্গ গগৈ, ক্রীড়া মন্ত্রী নন্দিতা গার্লসা এই অনুষ্ঠানে অংশ নিয়েছেন।

# লামডিং থেকে শিলচরের সড়কের ড্রয়িং পরিবর্তন হওয়ার ফলে এই প্রকল্প ২০২৫ সালে সম্পূর্ণ হয়ে উঠবে বলে মন্তব্য মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার

**মহানগরের ভরলমুখের যানজট কমাবে ব্রহ্মপুত্রের পাশে বিকল্প এলিভেটেড সড়ক মার্চে উদ্বোধন বলে ঘোষণা**

**সব্যসাচী শর্মা**

**গুয়াহাটি ঃ** রাজ্যের যোগাযোগ ব্যবস্থা ক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন আসতে চলেছে। এক্ষেত্রে মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা বিস্তারিতভাবে বর্ণনা করেছেন। তিনি জানান লামডিং থেকে শিলচরের সড়কের ড্রয়িং পরিবর্তন করা হয়েছে। দুটি পাহাড়ের মধ্যে ব্রিজ নির্মাণ করা হচ্ছে। দ্রুত গতিতে নির্মাণ কাজ চলছে। বর্তমান স্থানীয় ব্যক্তিরা এক্ষেত্রে সহযোগিতা করছেন। ফলে এই প্রকল্পের কাজ ২০২৫ সালে সম্পূর্ণ হয়ে উঠবে। তাছাড়া গুয়াহাটি মহানগরের ভরলমুখের যানজট কমাতে ব্রহ্মপুত্রের পাশে বিকল্প এলিভেটেড সড়ক মার্চে উদ্বোধন করা হবে বলে ঘোষণা করেছেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন এর জন্য ভূতনাথ এবং মাছখোয়াতে দুটি রোটারি নির্মাণ করা হবে। এর ফলে বর্তমান ভরলমুখে সৃষ্টি হওয়া যানজটের সমস্যার সম্পূর্ণভাবে সমাধান সম্ভবপর হয়ে উঠবে বলে মন্তব্য করেছেন তিনি।

মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা বলেন ব্রহ্মপুত্র নদীর উপর গুয়াহাটি এবং উত্তর গুয়াহাটিকে সংযোগকারী নির্মীয়মান সেতুর কাজ শেষ হতে এখনো এক বছর সময় লাগবে। তবে এই প্রকল্পের একটি অংশ হিসাবে ব্রহ্মপুত্র নদীর উপর ভূতনাথ থেকে মাছখোয়া পর্যন্ত এলিভেটেড সড়ক আগামী মার্চের প্রথম সপ্তাহে উদ্বোধন করা হবে। তাছাড়া ভূতনাথ এবং মাছখোয়াতে দুটি রোটারি নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। এই বিকল্প ব্যবস্থা উদ্বোধন করার পর বর্তমান মাছখোয়া থেকে ভরলমুখ হয়ে মালিগাঁও আসাযাওয়ার সড়কটি শুধুমাত্র যাওয়ার ক্ষেত্রে ব্যবহার হবে। তাছাড়া আসার ক্ষেত্রে মালিগাঁও থেকে ভূতনাথ হয়ে ভরলমুখ না এসে ভূতনাথ থেকে এলিভেটেড সড়কের মাধ্যমে সরাসরি মাছখোয়া পর্যন্ত আসার ব্যবস্থা থাকবে। এর ফলে স্বাভাবিকভাবে ভরলামুখের যানজটের সমস্যা মিটে যাবে বলে মতামত ব্যক্ত করেছেন মুখ্যমন্ত্রী।

তিনি বলেন গুয়াহাটি মহানগরের চতুর্দিকে প্রস্তাবিত ১২১ কিলোমিটার দৈর্ঘ্যের ছয় লেন যুক্ত রিংরোড মর্ডান বাইপাস অফ গুয়াহাটি হিসাবে নামাকরণ করা হয়েছে। এই প্রকল্পের জন্য মোট ৫৮০০ কোটি টাকা ধার্য করা রয়েছে। এরমধ্যে ব্রহ্মপুত্র নদীর উপরে প্রস্তাবিত কুরুয়া থেকে চন্দ্রপুর পর্যন্ত ছয় লেন যুক্ত সেতু নির্মাণের খরচ অন্তর্ভুক্ত রয়েছে বলে জানান তিনি। তবে এই প্রকল্প ঘোষিত প্রকল্প নয় বরং অনুমোদিত প্রকল্প বলে বারংবার উল্লেখ করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তিনি জানান এই প্রকল্পের ব্যয় ৫০ শতাংশ কেন্দ্রীয় সরকার এবং ৫০ শতাংশ রাজ্য সরকার বহন করবে। ইতিমধ্যে এই প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের কাজ শুরু হয়ে গেছে। আগামী তিন বছরের মধ্যে মহানগরের প্রস্তাবিত এই রিংরোড নির্মাণ কাজ সম্পূর্ণ হয়ে উঠবে বলে উল্লেখ করেছেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন কাজিরাঙ্গায় মোট ৩৪.২৮ কিলোমিটার দৈর্ঘ্যের এলিভেটেড করিডোর নির্মাণের ক্ষেত্রে ইতিমধ্যে তৎপরতা শুরু করা হয়েছে। অতি শীঘ্র এক্ষেত্রে টেন্ডার প্রকাশ করা হবে। তাছাড়া ওয়াইল্ড লাইফ বোর্ড এই প্রকল্পের প্রশংসা করেছে। ফলে এই বোর্ড থেকে ক্লিয়ারেন্স পাওয়া শুধুমাত্র সময়ের অপেক্ষা। এই প্রকল্পের ক্ষেত্রে ৫৫০০ কোটি টাকা থেকে ৬০০০ কোটি টাকা খরচ হবে। তিনটি পর্যায়ে এই এলিভেটেড করিডর নির্মাণ করা হবে। চার লেন যুক্ত এই এলিভেটেড সড়কে যাত্রীদের জন্য টয়লেট ছাড়াও বন্যপ্রাণীদের দেখার জন্য ভিউ পয়েঃট সহ অন্যান্য ব্যবস্থা থাকবে। এক্ষেত্রে দুটি পাহাড়ের মধ্যে দুটি টানেল নির্মাণ করা হবে বলেও জানালেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।

তাছাড়া ব্রহ্মপুত্রের নিচ দিয়ে টানেল নির্মাণ করে গহপুরের ৫২ নম্বর জাতীয় সড়ক এবং নুমলিগড়ের ৩৭ নম্বর জাতীয় সড়ক সংযুক্ত করা হবে বলে জানালেন মুখ্যমন্ত্রী। তিনি বলেছেন এর ফলে গহপুর থেকে নুমলিগড়ের দূরত্ব ২২১ কিলোমিটার পরিবর্তে ৩৫ কিলোমিটারে হ্রাস পাবে। এর নির্মাণ খরচ ৮০ শতাংশ জাতীয় সড়ক কর্তৃপক্ষ এবং ২০ শতাংশ প্রতিরক্ষা মন্ত্রক ব্যয় করবে। যেহেতু এই টানেলের মাধ্যমে সেনাবাহিনীর জওয়ানরা আসাযাওয়া করবেন এর ফলে প্রতিরক্ষা মন্ত্রক এই প্রকল্পে বিনিযোগ করতে চলেছে বলে মন্তব্য করেছেন তিনি। মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা বলেন কামাখ্যা মন্দির থেকে কামাখ্যা রেল স্টেশনের প্রস্তাবিত ১.৬৭ কিলোমিটার রোপ ওয়ে নির্মাণের জন্য ১১৬ কোটি টাকা ব্যয় করা হবে। তিনি জানান বাইহাটা থেকে তেজপুর পর্যন্ত প্রস্তাবিত চারলেন যুক্ত জাতীয় সড়কে বাইহাটা, খারুপেটিয়া, শিপাঝার, মঙ্গলদৈ এবং ঢেকিয়াজুলিতে পাঁচটি বাইপাস নির্মাণ করা হবে। তাছাড়া প্রস্তাবিত এই সড়কের বিভিন্ন স্থানে পাঁচটি ফ্লাইওভার নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। অন্যদিকে শ্রীরামপুর থেকে লিডু পর্যন্ত সিমেন্ট কংক্রিটের সড়ক নির্মাণের পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এক্ষেত্রে যাতে সিমেন্ট কোম্পানিগুলো হঠাৎ করে দাম বাড়িয়ে না দিতে পারে সেটার জন্য তাদের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হবে বলে জানান মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।

# দেশে কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন প্রবর্তনের দাবিতে সর্বভারতীয় অধ্যক্ষ অনিল চৌধুরীর আমরণ অনশন আজও অব্যাহত রয়েছে বলে তথ্য প্রকাশ অসমের অধ্যক্ষ পঙ্কজ তালুকদারের

**গত ২৯ অক্টোবর জনসংখ্যা সমাধান ফাউন্ডেশনের গাজিয়াবাদ থেকে দিল্লি সীমান্তে আয়োজিত জনসভা এবং মিছিলে রাজ্যের আড়াইশোর অধিক কর্মীর অংশগ্রহণ**

**সব্যসাচী শর্মা**

**গুয়াহাটি ঃ** দেশে কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন প্রবর্তন করার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে নিজেদের আন্দোলন অব্যাহত রেখেছে জনসংখ্যা সমাধান ফাউন্ডেশন। সর্বভারতীয় স্তরে বিভিন্ন আন্দোলন কার্যসূচি পালন করা পাশাপাশি সংগঠনটির অসম রাজ্য কমিটির তরফেও বিভিন্ন সময়ে নানা ধরনের প্রতিবাদী পদক্ষেপ নেওয়া হয়েছে। এবার এই জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন কঠোর ভাবে প্রবর্তন করার দাবিতে সংগঠনটির সর্বভারতীয় অধ্যক্ষ অনিল চৌধুরী গাজিয়াবাদের লাজপথ নগরে আজও অনির্দিষ্টকালীন আমরণ অনশন অব্যাহত রেখেছেন বলে জানান জনসংখ্যা সমাধান ফাউন্ডেশনের অসমের অধ্যক্ষ পঙ্কজ তালুকদার।

প্রসঙ্গত গত ২৯ অক্টোবর জনসংখ্যা সমাধান ফাউন্ডেশন দেশে কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন প্রবর্তন করার দাবিতে গাজিয়াবাদ থেকে দিল্লি সীমান্তে জনসভা এবং মিছিল আয়োজেন করেছিল। এই আন্দোলন কার্যসূচিতে জনসংখ্যা সমাধান ফাউন্ডেশনের অসম কমিটির তরফে রাজ্যের আড়াইশোর অধিক কর্মীর অংশগ্রহণ করেছিলেন বলে জানান সংগঠনটির অসমের অধ্যক্ষ পঙ্কজ তালুকদার। শনিবার গুয়াহাটি মহানগরের গণেশগুড়ি স্থিত দিশপুর প্রেসক্লাবে এক সাংবাদিক বৈঠক আয়োজন করে তিনি বলেন একটি কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণ আইনের সমর্থনে দেশজুড়ে গড়ে ওঠা অরাজনৈতিক রাষ্ট্রবাদী সংগঠন জনসংখ্যা সমাধান ফাউন্ডেশন এর আহবানে গত ২৯ অক্টোবর দিল্লিতে আয়োজিত জনসভা এবং মিছিলে দেশের বিভিন্ন প্রান্ত থেকে ৩০ হাজারের অধিক কর্মী অংশ নিয়েছিলেন। পঙ্কজ তালুকদার বলেন কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন প্রণয়নের জন্য বিভিন্ন সময়ে সরকারের কাছে দাবি উত্থাপন করে গত ১০ বছর ধরে সারা দেশ জুড়ে আন্দোলন অব্যাহত রেখেছে জনসংখ্যা নিয়ন্ত্রণ ফাউন্ডেশন। কেন্দ্রীয় সরকার দেশে একটি কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন প্রণয়ন না করা পর্যন্ত গত ২৯ অক্টোবর রাত ১০.৪৫ থেকে সংগঠনটির তরফে অনির্দিষ্টকালীন আমরণ অনশনের এক প্রতিবাদী কার্যসূচী হাতে নেওয়া হয়েছে। প্রশাসনের তরফে নির্ধারণ করে দেওয়া দিল্লির পার্শ্ববর্তী এলাকা গাজিয়াবাদের লাজপথ নগরের এক স্থানে জনসংখ্যা নিয়ন্ত্রণ ফাউন্ডেশনের সর্বভারতীয় অধ্যক্ষ অনিল চৌধুরী আমরণ অনশন অব্যাহত রেখেছেন। সেখানে দেশের বিভিন্ন অঞ্চল থেকে শয়ে শয়ে সংগঠনটির কর্মীরা উপস্থিত হয়ে অনশন কার্যসূচির সঙ্গে মৌন সমাবেশ পালন করছেন বলে জানান তিনি।

জনসংখ্যা সমাধান ফাউন্ডেশনের অসমের অধ্যক্ষ পঙ্কজ তালুকদার বলেন পরবর্তীকাল এই আমরণ অনশন কার্যসূচি দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে দেওয়ার জন্য সংগঠনটির কর্মকর্তারা চিন্তা চর্চা করছেন। এদিনের সাংবাদিক সম্মেলনে অধ্যক্ষ পঙ্কজ তালুকদার ছাড়াও জনসংখ্যা সমাধান ফাউন্ডেশনের অসমের প্রভারী তথা সংগঠক সচিব মৃণাল গোস্বামী, উপাধ্যক্ষ ড০ রঞ্জন কুমার মেধি, অপরূপা বরঠাকুর, মহাসচিব পরাগ ডেকা, মহিলা শক্তির সংগঠন সচিব রূপরেখা গোস্বামী, সংগঠনটির আইনি উপদেষ্টা আইনজীবী জয়শ্রী বৈশ্য প্রমুখ শীর্ষস্থরের নেতারা উপস্থিত ছিলেন।




# টুকরো খবর

## সকাল সকাল এক ব্যক্তি ঝুলন্ত দেহ উদ্ধারকে কিরে চাঞ্চল্য ছড়ালো রাঙাপানি স্টেশন মোড়ে

**শিলিগুড়ি ঃ** সকাল সকাল এক ব্যক্তি ঝুলন্ত দেহ উদ্ধারকে কিরে চাঞ্চল্য ছড়ালো রাঙাপানি স্টেশন মোড়ে ।বাগডোগরা থানার অন্তর্গত রাঙাপানি স্টেশন মোড়ে কাছে একটি গ্যারেজের দোকানে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী করে বয়সে ২২ বিষ্ণু রায়। জানা যায় গ্যারেজ মালিক রাত সাড়ে নটা দোকান বন্ধ করে বাড়ি চলে যায় আর সেই যুবককে গ্যারেজেই ঘুমায়। সকালে গ্যারজ খুলতে দেখে যুবকের ঝুলন্ত দেহ। ঘটনা খবর দেওয়া হয় পুলিশকে, ঘটনা খবর পেয়ে রাঙাপানির আউট পোস্ট ফারি পুলিশ এসে মৃত ব্যক্তির উত্তর বঙ্গ মেটিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়।

## গোরু পাচার করতে গিয়ে বিএসএফের গুলিতে মৃত্যু হল এক পাচারকারীর

**ইসলামপুর ঃ** গোরু পাচার করতে গিয়ে বিএসএফের গুলিতে মৃত্যু হল এক পাচারকারীর। যদিও ওই পাচারকারীর নাম ও পরিচয় জানা যায়নি। তবে বিএসএফের অনুমান মৃত ব্যক্তির বাড়ি বাংলাদেশে। এদিন গোরু পাচার করতে গিয়ে ইসলামপুরের সোনামতি বিওপি এলাকায় বিএসএফকে লক্ষ্য করে পরপর গুলি চালায় পাঁচ পাচারকারী। বিএসএফ রুখে দাঁড়ালে চার জন সেখান থেকে পালিয়ে যায়, একজনের গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয়। বর্তমানে ওই পাচারকারীর মৃতদেহ রাখা হয়েছে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে মর্গে। পাচারকারীদের হামলায় জখম হয়েছেন সংশ্লিষ্ট এলাকায় কর্তব্যরত ১৫২ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ান চন্দ্রপাল সাইনি। মৃত পাচারকারীর কাছ থেকে উদ্ধার হয়েছে তারকাটার মেশিন, মোবাইল ফোন, বাংলাদেশি সিম কার্ড, ও অস্ত্র। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে। এরা প্রত্যেকেই গরু পাচার চক্রের সঙ্গে জড়িত বলে বিএসএফের দাবি।

## তালা ভেঙে দুঃসাহসিক চুরি

**নদিয়া ঃ** আবারো ফের বন্ধ বাড়িতে তালা ভেঙে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটলো নদীয়ার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী কৃষ্ণগঞ্জ থানার তারক নগরের সুকান্ত পল্লী এলাকায়। পুলিশ ও পরিবার সূত্রে জানা গেছে, দুর্গাপূজা উপলক্ষে এই দিন রাতে বাড়ি তালা বন্ধ করে দুই মেয়ে ও এক ছেলেকে নিয়ে পাশের গ্রামে ঠাকুর দেখতে গিয়েছিলেন সুকান্তপল্লীর বাসিন্দা বন্দনা বিশ্বাস। বাড়ি ফিরে দরজার তালা ভাঙ্গা অবস্থায় দেখতে পান তিনি। এছাড়াও ঘরের ভেতরে প্রযোজনীয় জিনিসপত্র তছনছ করার পাশাপাশি আলমারি ভেঙে সোনা, রুপার গহনা ও নগদ কিছু টাকা সহ প্রায় তিন লক্ষ টাকার জিনিস নিয়ে চম্পট দিয়েছে চোরেরা বলে অভিযোগ করেন বাড়ির মালিক। বন্দনা বিশ্বাস। এরপর ঘটনাটি জানিয়ে কৃষ্ণগঞ্জ থানায় লিখিত অভিযোগ করেন বন্দনা দেবী। জানা গেছে গত দুবছর আগে মারন ব্যাধি করোনা রোগে আক্রান্ত হয়ে বন্দনা বিশ্বাসের স্বামী মিলন বিশ্বাসের মৃত্যু হয়। এরপর থেকে স্কুল পড়ুয়া দুই মেয়ে ও এক পুত্র সন্তানকে নিয়ে বিড়ি বেঁধে কোনমতে জীবন অতিবাহিত করছিলেন বন্দনা দেবী। এই দিন বাড়ি ফাঁকা থাকার সুযোগে চোরেরা বাড়ির তালা ভেঙে তাঁর সঞ্চয়ের সর্বস্ব লুট করে পালিয়ে যায়। আগামী দিনে সন্তানদের নিয়ে কিভাবে তিনি জীবন অতিবাহিত করবেন তা ভেবে কার্যত দিশেহারা হয়ে পড়েছেন বন্দনা বিশ্বাস। অভিযোগের ভিত্তিতে ঘটনাটি তদন্ত শুরু করেছে কৃষ্ণগঞ্জ থানার পুলিশ।

## শোয়ার ঘরের ভিতর বিষাক্ত সাপ

**জলপাইগুড়ি ঃ** গভীর রাতে গৃহস্থের বাড়িতে বিষধর কালাচ সাপে ঢুকে পাড়ার ঘটনায় জলপাইগুড়ি তে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে পরিবারের সদস্যদের মধ্যে। রাতের ঘুম উঠলো পরিবারের লোকজনের। বুধবার গভীর রাতে জলপাইগুড়ি শহরের রায়কতপাড়া শনি মন্দির এলাকায় এক ব্যক্তির ঘরের ভেতরে সাপ দেখতে পান। এরপর খবর দেওয়া হয় গ্রীন জলপাইগুড়ি স্বেচ্ছাসেবী সংস্থার কর্মীদের। তবে প্রথমে সাপটিকে নির্বিষ ভেবেছিল পরিবারের লোকেরা পরবর্তীতে সংস্থার কর্মীরা সেখানে গেলে দেখতে পান সেটি একটি বিষধর সিন্ধু কালাচ সাপ, যাকে আঞ্চলিক ভাষায় জলুয়া আলাত বলা হয়ে থাকে। এরপর দীর্ঘ প্রচেষ্টার পর সাপটিকে উদ্ধার করে প্রাথমিক সুস্থতা করে জঙ্গলে ছেড়ে দেন স্বেচ্ছাসেবী সংস্থার কর্মীরা, এরপরেই আতঙ্ক মুক্ত হয় ওই পরিবারটি।

## বাংলাদেশে পাচারের আগে ২৫টি গরু আটক করেছে পুলিশ

**শিলিগুড়ি ঃ** গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে ২৫ টি গরু পাচারের আগে উদ্ধার করল পুলিশ। বৃহস্পতিবার ভোরবেলায় একটি পিকআপ ভ্যান থেকে ওই গরুগুলিকে উদ্ধার করে ঘোষপুকুর ফাঁড়ির পুলিশ। জানা গিয়েছে, ফাসিদাওয়া থেকে ওই গরুগুলিকে বাংলাদেশে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। ঘোষপুকুর টোল প্লাজার কাছে অভিযান চালিয়ে ওই গরুগুলিকে উদ্ধার করে পুলিশ। কিন্তু পুলিশের অভিযানের আগে ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সক্ষম হয় গাড়ির চালক। পুলিশ গরুগুলিকে উদ্ধার করে ফুলবাড়ী খোয়ারে পাঠিয়েছে। গোটা ঘটনা তদন্ত শুরু করেছে পুলিশ।

## উত্তর দিনাজপুরে পথ দুর্ঘটনায় ভাই বোনের মৃত্যু হয়েছে

**উত্তর দিনাজপুর ঃ** পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক সিভিক ভলান্টিয়ার সহ দুই জনের। বুধবার রাতে ঘটনাটি ঘটে চোপড়ার চুয়া গাড়ি এলাকায়। সম্পর্কে দুইজনেই জামাইবাবু ও সালক। মৃত ওই সিভিক ভলান্টিয়ারের নাম সঞ্জয় সিংহ। বয়স আনুমানিক (৩৮)। তিনি চাকুলিয়া থানায় সিভিক ভলান্টিয়ার হিসাবে কর্মরত ছিলেন। বাড়ি চাকুলিয়া থানার পাগলা এলাকায়। অন্যদিকে মৃত পীযূষ চন্দ্র সিংহ (২৫) বাড়ি ঘিরনীগাঁও গ্রাম পঞ্চায়েতের কাঠালডাঙ্গি এলাকায়। জানা গিয়েছে মৃত সিভিক ভলান্টিয়ার চোপড়া কাঠালডাঙ্গি এলাকায় শশুর বাড়িতে গিয়েছিল। এরপর বুধবার ওই সিভিক ভলান্টিয়ার তার সালককে বাইকে করে মেলা ঘুরতে কাঁচাকালি এলাকায় গিয়ে ছিল। মেলা ঘুরে বাড়ি ফেরার পথ দুর্ঘটনার কবলে পড়ে দুইজনেই গুরুতর ভাবে জখম হয়। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে চোপড়া দোলুয়া স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসক তাদেরকে মৃত্যু বলে ঘোষণা করেন। পুলিশ মৃতদেহটি গুলি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ইসলামপুর মহকুমা হাসপাতালে পাঠিয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। গোটা ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে আসে।

## বাড়িতেই চলছিল মধুচক্র, অভিযোগে শিলিগুড়ির আশ্রমপাড়ার একটি বাড়ি থেকে গ্রেফতার পাঁচজন যুবতী এবং এক যুবক

**শিলিগুড়ি ঃ** বাড়িতেই চলছিল মধুচক্রের আসর।স্থানীয় বাসিন্দাদের তরফে অভিযোগ পাওয়ার পরই সেখানে হানা দিয়ে গৃহকর্ত্রী সহ এক যুবককে গ্রেফতার করল শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশ।ধৃতরা হল রিতা দে চৌধুরী ও শচীন ভগত। স্থানীয়দের অভিযোগ, শিলিগুড়ির ১৪ নম্বর ওয়ার্ডের অন্তর্গত আশ্রমপাড়ার সারদামনি রোডের বাসিন্দা রিতা দে চৌধুরী তার বাড়িতে মধুচক্র চালাচ্ছিলেন।সেখানে অচেনা বহু যুবক যুবতিদের যাতায়াত ছিল।তাদের সন্দেহ হওয়াতে গতকাল রাতে পানিট্যাঙ্কি ফাঁড়িতে এই বিষয়ে অভিযোগ জানান বাসিন্দারা।অভিযোগের ভিত্তিতে ঘটনাস্থলে পৌঁছে বাড়িটিতে হানা দেয় পুলিশ।সেখানে এক যুবতী এবং এক যুবককে আপত্তিকর অবস্থায় পাওয়া যায়।এরপরই শচীন ভগত নামে এক যুবককে গ্রেফতার করে পুলিশ এবং বাড়ি থেকে উদ্ধার করা হয় পাঁচজন যুবতীকে।পরবর্তীতে আজ সকালে গ্রেফতার করা হয় বাড়ির গৃহকর্ত্রী রিতা দে চৌধুরীকে।ধৃতদের আজ শিলিগুড়ি আদালতে তোলা হয়।

## ফুলহর নদীতে মাছ ধরার সময় জেলেদের জালে ধরা পড়লো ৪ ফুটের একটি ঘড়িয়াল

**মালদা ঃ** ফুলহর নদীতে মাছ ধরার সময় জেলেদের জালে ধরা পড়লো ৪ ফুটের একটি ঘড়িয়াল। রবিবার ঘটনাটি ঘটেছে রতুয়া থানার কাহালা এলাকায়। এক নজরে ঘড়িয়ালটিকে দেখতে ভিড় জমে স্থানীয়দের।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সকালে ফুলহর নদীতে মাছ ধরার জন্য জাল ফেলেছিলেন কাহালা সূর্যাপুর এলাকার অসিত মহালদার। তার জালে ধরা পড়ে প্রায় ৪ ফিটের একটি ঘড়িয়াল শাবক । সেই ঘড়িয়াল দেখতে ভিড় জমায় স্থানীয়রা। প্রথমে অনেকের ধারণা কুমির বলে মনে হয়। খবর ছড়িয়ে পরতেই চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। ঘটনার খবর দেওয়া হয় রতুয়া থানা ও বনদপ্তর বিভাগে। এদিন রতুয়া থানার এ এস আই মুকলেসুর রহমান ও এসআই রেজাউল করিম ঘটনাস্থলে পৌঁছায়। সেখান থেকে ঘড়িয়াল শাবকটিকে উদ্ধার করে রতুয়া থানায় নিয়ে যায় পুলিশ।এরপর ঘড়িয়াল শাবকটিকে বনদপ্তরের কর্মীদের হাতে তুলে দেওয়া হয়।

## কোচবিহারের ৪০০ বছরের পুরোনো রাজপরিবারের মহালক্ষ্মীকে জোড়া পায়রা বলি দিয়ে অন্নভোগ দেওয়ার রীতি রয়েছে

**কোচবিহার ঃ** আজও রাজ আমলের রীতি মেনে পূজা হয় কোচবিহারের প্রায় ৪০০ বছর পুরনো রাজ পরিবারের মহালক্ষ্মীর। এক সময় কোচবিহারের রাজপ্রাসাদের এই মহালক্ষীর পূজো হলেও বর্তমানে এই মহালক্ষ্মী পুজো হয় কোচবিহার মদনমোহন মন্দিরে। কোজাগরী পূর্ণিমা তিথিতে একসময় রাজবাড়ীতেই মহালক্ষ্মীর পূজা হত। সয়ং মহারাজা ও রাজপরিবারের সদস্যরা অংশ নিতেন সেই পূজাতে। বর্তমানে এই পুজোর দায়িত্ব পালন করে কোচবিহার দেবত্র ট্রাস্টবোর্ড। রাজা বা রাজার রাজত্ব না থাকলেও সেই পুরনো নিয়ম মেনেই মহালক্ষ্মী পুজো আজও হয় ধুমধাম করেই। লক্ষ্মী পূজার দিন রাজ পরিবারের এই মহালক্ষ্মীর পাশাপাশি দেবরাজ ইন্দ্রের পুজো হয় মদনমোহন মন্দিরে। লক্ষ্মী পুজোর দিন পুজো দেখতে আজও ঢল নামে ভক্তদের। আর দশটি লক্ষ্মী পূজার সঙ্গে এই রাজ আমলের মহালক্ষ্মী পূজার অনেকটাই পার্থক্য রয়েছে। রাজ পরিবারের এই মহালক্ষ্মী পুজোয় রয়েছে বলি প্রথা। লক্ষ্মী পূজার দিন এই মহালক্ষ্মী পুজোতে জোড়া পায়রা বলি দিয়ে অন্নভোগ দেওয়ার রীতি রয়েছে এই রাজ আমলের পূজায়। সাধারণ লক্ষ্মী প্রতিমার সঙ্গে মহালক্ষ্মীর প্রতিমার অনেক পার্থক্য রয়েছে। এখানে মহালক্ষ্মীর বাহন হিসেবে প্যাঁচার পরিবর্তে থাকে হাতি । কোচবিহারের রাজ প্রহরহিত হীরেন্দ্রনাথ ভট্টাচার্য জানান, রাজ আমলের সমস্ত নিয়ম মেনেই এই মহালক্ষ্মী পুজো অনুষ্ঠিত হয়। এই মহালক্ষীর পূজো প্রায় ৪০০ বছর পুরনো। একসময় রাজবাড়ীতেই এই মহালক্ষীর পূজা হতো। সেই সময় মহারাজা নিজেই এই পুজোয় অংশগ্রহণ করতো। বর্তমানে মদনমোহন মন্দিরে সেই রাজ আমলের রীতি মেনেই পুজো হয়। বহু ভক্ত লক্ষ্মী পুজোর দিন মহালক্ষীর পূজা করতে মদনমোহন মন্দিরে আসেন। এবং পূজায় অংশগ্রহণ করেন।

## ব্যাগ ও জুতা তীরে ফেলে মহানন্দা নদীতে ঝাঁপ যুবতীর

**মালদা।** পুরাতন মালদার মঙ্গলবাড়ী মহানন্দা নদীর সেতুতে এক যুবতী তার ব্যাগ এবং জুতা খুলে রেখে ঝাঁপ দিয়ে দেয় এবং প্রত্যক্ষদর্শীরা জানাই নদীতে ঝাঁপ দেওয়ার পর ওই মেয়েটি প্রচন্ড বাঁচার চেষ্টা করে কিন্তু পরবর্তীতে ভাসতে ভাসতে সাহাপুরের দিকে চলে যায় এবং ক্ষনিকের মধ্যে মহানন্দা নদীর জলে তলিয়ে যায়, যদিও স্থানীয় কিছু লোক বাঁচানোর চেষ্টা করলেও তলিয়ে যাওয়ায় চেষ্টা ব্যর্থ হয় আর কোন খোঁজ পাওয়া যায়নি। তবে ঝাঁপ দেওয়া মেয়েটির এখনো কোনো পরিচয় পাওয়া যায়নি ঘটনা স্থলে এসেছে মালদা থানার পুলিশ তার যুবতীর ব্যাগের জিনিসপত্র দেখলে তার মেয়েটির আসল পরিচয় এবং রহস্য জানা যাবে।

## বিশ্বকাপে শ্রীলঙ্কা-বাংলাদেশ ম্যাচ যেভাবে চ্যাম্পিয়ন্স ট্রফির 'বাছাইপর্ব' হতে যাচ্ছে



**কলকাতা ঃ** বিশ্বকাপের সেরা আটটি দল ২০২৫ সালের চ্যাম্পিয়ন্স ট্রফি খেলবে, আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের এমন ঘোষণার পর চলতি বিশ্বকাপের পয়েন্ট তালিকার তলানিতে থাকা দলগুলোর এখন লক্ষ্য এখন সেই টুর্নামেন্টে জায়গা করে নেয়া। সেজন্য শ্রীলঙ্কা ও বাংলাদেশ ম্যাচটির গুরুত্ব কম নয়। বাংলাদেশ সাত ম্যাচে ১ জয় নিয়ে আছে নয় নম্বরে। আর শ্রীলঙ্কা সাত ম্যাচে ২টি জয় নিয়ে আছে সাত নম্বরে। তবে দুই দলের মধ্যে নেট রান রেটের ব্যবধান খুব বেশি না। তাই আজকে ম্যাচে যে দলই জয় পাবে তাদের চ্যাম্পিয়ন্স ট্রফির স্পট অর্থাৎ সেরা আটে থাকার সম্ভাবনা অনেক বেশি। বিশ্বকাপে শ্রীলঙ্কা বাংলাদেশের বিপক্ষে বরাবরই দাপটের সাথে জয় তুলে নিয়েছে। কখনো তো প্রথম ওভারেই খেলা শেষ করে দিয়েছে শ্রীলঙ্কা, যেমনটা ২০০৩ সালে ঘটেছিল। সেইবার শ্রীলঙ্কার নামকরা বাহাতি ফাস্ট বোলার চামিন্ডা ভাসের করা প্রথম ওভার শেষে বাংলাদেশের স্কোরলাইন ছিল ৫ রানে চার উইকেট। ২০০৭ সালের বিশ্বকাপেও শ্রীলঙ্কার বিপক্ষে বাংলাদেশ সুবিধা করতে পারেনি। ম্যাচের কোনও মুহূর্তেই মনে হয়নি বাংলাদেশ কিছু করতে পারবে। বল হাতে ৩১৮ রান দেয়ার পর ব্যাট হাতে প্রথম চার ওভারের মধ্যে সাত রান তুলে দুই ওপেনার সাজঘরে ফিরে গিয়েছিলেন। ২০১৫ বিশ্বকাপের খেলায় বালাদেশ ব্যাট হাতে কিছু রান তুলেছে, কিন্তু বল হাতে পুরো ৫০ ওভারে মাত্র এক উইকেট নিয়েছিল সেবার। আর ২০১৯ বিশ্বকাপে বৃষ্টির কারণে দেখা হয়নি দুই দলের। ব্রিস্টলের বৃষ্টিভেজা দিনে কেবল অপেক্ষা করেই সময় কাটিয়েছে দুই দল। সেই সম্ভাবনা নাকি আজও আছে। দিল্লির বাতাসে দূষণের কারণে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল বলেছে তারা পর্যবেক্ষণ করবে, পরিস্থিতি খেলার জন্য অনুপযুক্ত হলে ম্যাচ বাতিলও হতে পারে। বাংলাদেশের বিশ্বকাপ এখনও পর্যন্ত বিবর্ণ, মলিন। সাকিব আল হাসান সম্পর্কেও একই কথা বলা যায়। ২০১৯ বিশ্বকাপে যিনি ওয়ানডে বিশ্বকাপ ইতিহাসেরই অন্যতম সেরা পারফরম্যান্স দেখিয়েছিলেন এবারের বিশ্বকাপে সেই সাকিব নিজের অর্ধেকও সক্ষমতা দেখাতে পারেননি। শুরুটা হয়েছিল আফগানিস্তানের বিপক্ষে জয় দিয়ে, যেখানে সাকিবের তিনটি উইকেট আছে। ওই শুরু ওখানেই শেষ। এরপর আর জয়ের মুখ দেখেনি বাংলাদেশ। সাকিবও তেমন ভালো বোলিং বা ব্যাটিং কিছুই করতে পারেননি। সাকিবের নামের পাশে বিশ্বকাপের বেশ কয়েকটি রেকর্ড জ্বলজ্বল করছে। কিন্তু এমন বিবর্ণ বিশ্বকাপের পরে সেগুলোর খুব একটা মূল্য থাকবে না বলেই মনে হচ্ছে। বিশ্বকাপে স্পিনারদের মধ্যে সাকিবের উইকেট সংখ্যা ৪১, যা দ্বিতীয় সর্বোচ্চ, এক নম্বরে আছেন ৬৮ উইকেট নেয়া শ্রীলঙ্কান কিংবদন্তী মুরালিধরন। বাহাতি স্পিনারদের মধ্যে সাকিবই আছেন এক নম্বরে। নিউজিল্যান্ডের সাবেক অধিনায়ক ড্যানিয়েল ভেটোরিকে পার করেছেন তিনি চলতি বিশ্বকাপেই। ব্যাট হাতেও সাকিব বিশ্বকাপের অলটাইম রান সংগ্রাহকদের তালিকায় শীর্ষ দশে আছেন। কিন্তু গতবারের সাথে মেলাতেই পারবেন না এবার। গত বিশ্বকাপে ৮ ইনিংস ব্যাট করে ৭ বারই ৫০ বা তার বেশি রান তুলেছিলেন। যার মধ্যে ইংল্যান্ড এবং ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সেঞ্চুরিও ছিল। এবার ৬ ইনিংস খেলে এখন পর্যন্ত ১০৪ রান করেছেন। দুইবার মাত্র ৪০ স্পর্শ করেছেন। ২০১৯ বিশ্বকাপে সাকিব দলীয় মোট রানের ২৭ তুলেছিলেন, এবার তুলেছেন মাত্র ৮.৬, তবু তিনি সবার চেয়ে কম নন। শুধু সাকিবই নন এবার বাংলাদেশের গোটা ব্যাটিং ইউনিট ব্যর্থ হয়েছে, ২০২৩ বিশ্বকাপে প্রথম দশ ওভারে সবচেয়ে বেশি মোট ১৬টি উইকেট হারিয়েছে বাংলাদেশ। এই সময়ে বাংলাদেশের রান রেট ছিল ৪.৬, যা গোটা বিশ্বকাপের দলগুলোর মধ্যে সবচেয়ে কম। নাজমুল হোসেন শান্ত প্রথম ম্যাচে একটি ফিফটি তুলেছেন, এরপরের ছয় ম্যাচে তিনি ৪৮ বল খেলে ২৪ রান তুলেছেন মাত্র। বাংলাদেশের বোলারদের পারফরম্যান্সও ছিল যাচ্ছেতাই,চলতি বিশ্বকাপে সবচেয়ে খরুচে বোলিং ইউনিটগুলোর একটি বাংলাদেশ। শ্রীলঙ্কার রান রেট ছিল ৬.৪, পাকিস্তানের ৬.৩, বাংলাদেশের ৬.১। বাংলাদেশ একটি উইকেট নিতে এবারের বিশ্বকাপে প্রায় ৪৪ বল করতে হয়েছে যা বিশ্বকাপে সবচেয়ে বাজে। বাংলাদেশ ৭ ম্যাচ খেলে মাত্র ৪২ উইকেট নিয়েছে প্রতিপক্ষের, এটাও চলতি বিশ্বকাপে সবচেয়ে কম। শ্রীলঙ্কার পরে কেবল অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ বাকি আছে বাংলাদশের। বাংলাদেশের চেয়ে এক ম্যাচ বেশি জিতলেও শ্রীলঙ্কার সামগ্রিক অবস্থা শোচনীয়। চলতি বিশ্বকাপে ভারতের বিপক্ষে ৫৫ রানে অলআউট হয়েছে শ্রীলঙ্কা। এশিয়া কাপের ফাইনালে ৫০ রানে অলআউট হয়েছিল দলটি। এর আগে চলতি বছরের জানুয়ারি মাসে ভারতের বিপক্ষেই ৭৩ রানে গুটিয়ে গিয়েছিল। শ্রীলঙ্কার গোটা ক্রিকেট বোর্ডকে বরখাস্ত করেছে ক্রীড়া মন্ত্রণালয়। শ্রীলঙ্কা প্রথম দুই ম্যাচে দক্ষিণ আফ্রিকা ও পাকিস্তানের বিপক্ষে ইতিবাচক শুরু করেছিল, কিন্তু ম্যাচ হেরে গেছে। নেদারল্যান্ডস ও ইংল্যান্ডের বিপক্ষে জয় পেয়েছে দলটি। টুর্নামেন্টের মাঝপথে দাসুন শানাকা চোটের কারণে দল থেকে ছিটকে যান, এরপর কুশাল মেন্ডিস অধিনায়কত্ব পেয়ে ব্যাট হাতে রান পাননি আর। সব মিলিয়ে একটা জটিল পরিস্থিতিতে পড়ে গিয়েছে শ্রীলঙ্কা। এখন টুর্নামেন্ট শেষে বড় রদবদল আসতে যাচ্ছে বলেই ধারণা করা হচ্ছে। ইংল্যান্ডেরও হতাশাসূচক একটা বিশ্বকাপ কাটছে। সাত ম্যাচে মাত্র একটি জয়, দুটি ম্যাচ বাকি রয়েছে নেদারল্যান্ডস ও পাকিস্তানের বিপক্ষে। এমন একটি টুর্নামেন্ট শেষে ইংল্যান্ডের অলরাউন্ডার সহ অধিনায়ক মইন আলী বলেছেন, তিনি এখন তরুণ ক্রিকেটারদের নেয়ার পক্ষে। ৩৬ বছর বয়সী মইন আলী বলেন, আমি দায়িত্বে থাকলে এখন তরুণ ক্রিকেটারদের নিতাম। এখন আবারও নতুন করে শুরু করতে হবে, আমি নিশ্চিত এটাই করা হবে। মইন আলী নিজের ক্যারিয়ারের ইতি টানার প্রসঙ্গেও কথা বলেন, আমি জস বাটলার ও ম্যাথু মটের সাথে কথা বলবো, দেখবো তারা আসলে আমার থেকে কী চায়। তারা যদি তরুণ ক্রিকেটারদের চায় সেক্ষেত্রে আমি খুশিই হবো। শনিবার অস্ট্রেলিয়ার বিপক্ষে হারের পর ইংল্যান্ডের এই টুর্নামেন্টের গাণিতিক হিসেবও শেষ হয়ে গেছে। আফগানিস্তান, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা ও ভারতের কাছে টানা মাচ হেরেছে ইংল্যান্ড। এই দলটাই ২০১৬ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনাল খেলেছে। ২০১৭ সালের চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনাল খেলেছে, ২০১৯ সালে ওয়ানডে বিশ্বকাপ ও ২০২২ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপে জয় পেয়েছে। মইন আলীর মতে সব ভালো জিনিসেরই একটা শেষ আছে। গত মাসেই মইন আলী ইংলিশ ক্রিকেট বোর্ডের সাথে এক বছরের নতুন চুক্তি করেছে। মইন আলী মনে করেন টি-টোয়েন্টি ক্রিকেটটা ভিন্ন ফরম্যাট তাই এটা নিয়ে ভাবার জায়গা আছে। তবে ইংল্যান্ড এখন চ্যাম্পিয়ন্স ট্রফিতে জায়গা নিশ্চিত করার জন্য খেলবে এটুকু নিশ্চিত।

# আড়াই হাজার 'সিগারেট খেয়ে' আজ দিল্লির মাঠে বাংলাদেশ ও শ্রীলঙ্কা

**নয়া দিল্লি ঃ** গত প্রায় দিন সাতেক হল দিল্লির খবরের কাগজগুলোতে 'স্মগ' আর 'একিউআই' ছাড়া আর যেন কোনও খবরই নেই। এই দুটো বিদঘুটে ইংরেজি শব্দই এখন শহরের আমজনতার মুখে মুখে! দিল্লির আকাশ-বাতাস গত ক'দিন ধরেই ছেয়ে আছে ঘন বিষাক্ত ধোঁয়াটে আস্তরণে, ভরদুপুরে বেলা সাড়ে বারোটাতেও যেন সাঁঝবেলার আঁধার!

বাচ্চাদের স্কুল বন্ধ করে দিতে হয়েছে, বয়স্কদের বাড়ি থেকে বেরোতে পইপই করে নিষেধ করা হচ্ছে, খুশখুশে কাশি শুরু হয়ে গেছে, লোকজন রাস্তাঘাটে বেরোচ্ছেন মাস্ক পরে - আর এরই মধ্যে দিল্লির ফিরোজ শাহ কোটলা স্টেডিয়ামে সোমবার অনুষ্ঠিত হতে যাচ্ছে ক্রিকেট বিশ্বকাপের ম্যাচ!

বাংলাদেশ ও শ্রীলঙ্কার মধ্যে গ্রুপ পর্যায়ের এই ম্যাচটাই এই ভেন্যুতে টুর্নামেন্টের শেষ ম্যাচ - কিন্তু নভেম্বরের প্রথম সপ্তাহে দিল্লিতে বিশ্বকাপের ম্যাচ আইসিসি কীভাবে রাখতে পারল, সে প্রশ্নটাই এখন ঘুরেফিরে আসছে।

রবিবার দুপুরের দিকে তবু একটু রোদ উঠেছিল - কিন্তু সোমবার স্থানীয় সময় বেলা দুটোয় ম্যাচ শুরুর আগে পরিস্থিতির যথেষ্ঠ উন্নতি না হলে ম্যাচ রেফারি শেষ মুহুর্তেও ম্যাচ বাতিল ঘোষণা করতে পারেন। সে ক্ষেত্রে দু'দলই একটি করে পয়েন্ট পেয়ে যাবে। তবে দিল্লিতে আইসিসির ছোট-বড়-মেজ কোনও কর্মকর্তাই 'ম্যাচ বাতিল' শব্দটা ঘুণাক্ষরেও উচ্চারণ করছেন না - অনেক চাপাচাপিতে তারা শুধু এটুকুই বলছেন, সোমবার বেলার দিকে পরিস্থিতি দেখে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে!

একিউআই বা এয়ার কোয়ালিটি ইনডেক্স শব্দটা আজকাল অনেকেরই পরিচিত - গত বুধবার (২রা নভেম্বর) থেকেই দিল্লির সেই একিউআই একটানা পাঁচশো-ছ'শোর আশেপাশে ঘোরাফেরা করছে, যা বিশ্ব স্বাস্থ্য সংস্থার স্কেলে 'অতি বিপজ্জনক'।

আর 'স্মগ' শব্দটা এসেছে স্মোক আর ফগ-কে যুক্ত করে। কেউ কেউ এটাকে ধোঁয়া কুয়াশা ধোঁয়াশা বলে বর্ণনা করলেও আসলে এর সঠিক বাংলা অনুবাদ করা মুশকিল, কারণ দুনিয়ার বাংলা ভাষাভাষী অঞ্চল এ জিনিস কখনো দেখেনি হলফ করে বলা যায়!

দিল্লির এই বিচিত্র ও বিপজ্জনক 'স্মগ' একান্তভাবে দিল্লিরই নিজস্ব - 'পরালি', গাড়ির ধোঁয়া ও আরও নানা বিষাক্ত উপাদানের মিশেলে যে মারাত্মক ককটেল পৃথিবীর আর কোথাও খুঁজে পাওয়া মুশকিল!

আসলে প্রতি বছর অক্টোবরের শেষ বা নভেম্বরের শুরু থেকেই দিল্লিতে এই পরিস্থিতি প্রায় রুটিন - দিল্লির নিজস্ব যানবাহনের আর শিল্পের দূষণ তো আছেই, কিন্তু বছরের এই সময়টায় তার সঙ্গে যোগ হয় পাঞ্জাবের 'পরালি'! 'পরালি' হল ফসলের গোড়া, ক্ষেত থেকে যা উপড়ে না ফেললে নতুন বীজ লাগানো যায় না। কিন্তু সেই পরালি ওপড়ানোর সব আধুনিক পদ্ধতিই বেশ খরচসাপেক্ষ, তাই পাঞ্জাবের কৃষকরা শরতের শেষ দিক থেকেই ঢালাওভাবে পরালি জ্বালাতে শুরু করে দেন।

ঠিক মাসখানেক আগে বিশ্বকাপে বাংলাদেশের প্রথম দুটো ম্যাচ কভার করতে যখন পাঞ্জাবের ওপর দিয়ে সড়কপথে ধরমশালা যাচ্ছিলাম, তখনই সেখানে এই পরালি জ্বালানো শুরু হয়ে গেছে পুরোদমে - হাইওয়ের দু'পাশে গমের ক্ষেতের ওপর পুরু হয়ে তৈরি হচ্ছে বিষাক্ত সাদা ধোঁয়ার চাদর।



পশ্চিমা বাতাসের কল্যাণে সেই ধোঁয়ার চাদরই এতদিনে যথানিয়মে রাজধানী দিল্লিতে এসে পৌঁছেছে - আর অনিশ্চিত করে ফেলেছে বিশ্বকাপ ক্রিকেটের ৩৮তম ম্যাচটিকে!

অনেকে যাকে ভারতের সেরা ক্রিকেট স্টেডিয়াম বলে মনে করেন, সেই পাঞ্জাবের মোহালি এবারের বিশ্বকাপে কোনও ম্যাচ পায়নি।

ভারতের বিরোধী দলগুলো এমনও অভিযোগ করেছে, পাঞ্জাবে আম আদমি পার্টি ক্ষমতায় আছে বলেই বিজেপি-প্রভাবিত ভারতীয় ক্রিকেট বোর্ড মোহালিকে অযথা 'শাস্তি' দিয়েছে।

এখন সেই পাঞ্জাবের পরালিই যখন দিল্লির ম্যাচকে অনিশ্চিত করে দিয়েছে, তখন সেটাকে মোহালির অভিশাপ ছাড়া আর কীই বা বলা যায়?, খানিকটা বিদ্রূপ মিশিয়েই বললেন ক্রিকেট ভাষ্যকার আদেশ গুপ্তা।

বাংলাদেশ ও শ্রীলঙ্কা দুটো দলই যথারীতি ম্যাচের আগে একাধিক প্র্যাকটিস সেসন বাতিল করতে বাধ্য হয়েছে - দু'টো দলেরই প্রায় অর্ধেক ক্রিকেটার রবিবারও অনুশীলন 'স্কিপ' করেছেন।

তাহলে দিল্লির পরিবেশ কি বছরের এই সময় আদৌ আন্তর্জাতিক ক্রিকেটের উপযুক্ত? এই প্রশ্নের জবাবে বাংলাদেশের কোচ চন্ডিকা হাথুরুসিংহে জানালেন তিনি এই প্রশ্নের জবাব দেওয়ার জন্য উপযুক্ত ব্যক্তি নন!

কিন্তু পরিস্থিতিটা যে মোটেই 'আদর্শ নয়' এবং এই মারাত্মক দূষণ ক্রিকেটারদের ভোগাচ্ছে, সেটা তিনি স্বীকার করে নিলেন কোনও রাখঢাক না করেই! সন্ধ্যায় শ্রীলঙ্কা অধিনায়ক কুশল মেন্ডিসও সাংবাদিক সম্মেলনে এসে জানিয়ে দিলেন, তারা আইসিসির কাছে দিল্লি থেকে ম্যাচ সরানোর দাবি জানিয়েছেন এই খবর পুরোপুরি ঠিক নয়।

তবে বাংলাদেশ যেভাবে প্র্যাকটিস সেসন বাতিল করতে বাধ্য হয়েছে এবং তারা নিজেরা দিল্লিতে নামার পর বাইরের অবস্থা যা চোখে দেখছেন - তাতে শ্রীলঙ্কা দল আইসিসির কাছে অবশ্যই তাদের 'উদ্বেগ' জানিয়েছে।

আমরা জানতে চেয়েছি পরিকল্পনাটা ঠিক কী? তারপর দেখলাম আইসিসি এখানে কিছু যন্ত্রপাতি বসিয়েছে, পরিস্থিতিটা অ্যাড্রেস করার জন্য বিশেষজ্ঞদেরও ডেকে এনেছে, বলছিলেন কুশল মেন্ডিস।

ওরা আমাদেরে এর মধ্যেই জানিয়ে দিয়েছে যে ম্যাচ হবে বলেই ঠিক আছে। তো এখন আইসিসি এখন আমাদের যা বলবে আমরা সেই অনুযায়ীই চলব, কোনও 'বিদ্রোহে'র জল্পনায় জল ঢেলে দিয়েই জানালেন শ্রীলঙ্কার ক্যাপ্টেন।

দিল্লির কাছে গুরগাঁওয়ের সুপরিচিত মেদান্তা হসপিটালের নামী বক্ষ বিশেষজ্ঞ অরবিন্দ কুমার সম্প্রতি দিল্লির দূষণের সঙ্গে এমন একটি তুলনা টেনেছেন, যা রাজধানীতে বেশ আলোড়ন ফেলে দিয়েছে। দিল্লির একিউআই আর স্মগের পরিসংখ্যান দেখে ড.কুমার বলেছেন, এই মুহুর্তে দিল্লির বাতাসে নিঃশ্বাস নেওয়ার অর্থ হল রোজ অন্তত পঁচিশ থেকে তিরিশটা সিগারেট টানা!

দুটোরই প্রভাব আসলে শরীরের জন্য সমান ক্ষতিকর - এটাই আসলে বলতে চেয়েছেন তিনি। দিল্লির ছেলে ও পরিবেশ গবেষক পলাশ মুখার্জি এখন কানাডাতে থাকলেও বিশ্বকাপ নিয়েও খুঁটিনাটি খবর রাখছেন - তিনি এই তুলনার রেশ টেনেই একটা ইন্টারেস্টিং স্ট্যাটিসটিক্স বিবিসির সঙ্গে শেয়ার করলেন।

ইডেনের ম্যাচ খেলে বাংলাদেশ টিম দিল্লিতে নেমেছে বুধবার বিকেলে। তার মানে সোমবার ম্যাচ খেলতে নামার সময় তাদের প্রায় পুরো পাঁচদিন দিল্লিতে কাটানো হয়ে যাবে।

এখন একদিন নিঃশ্বাস নেওয়া মানে যদি ধরি ২৮টা সিগারেটের সমান, তাহলে প্রথম এগারোর ক্রিকেটাররা সবাই মিলে ১১ গুণিতক ২৮ গুণিতক ৫ দেড় হাজারেরও বেশি সিগারেট খেয়ে খেলতে নামছেন ধরে নিতে হবে, হাসতে হাসতে বলছিলেন পলাশ মুখার্জি।

একই ভাবে শ্রীলঙ্কা টিম যেহেতু মুম্বাইয়ে ভারতের বিরুদ্ধে ম্যাচ খেলে শুক্রবার শহরে এসেছে, তারা দিল্লিতে খেলতে নামছে তিনদিন কাটানোর পর। সেই হিসেবে শ্রীলঙ্কা দলেরও এগারোজন ক্রিকেটার ততক্ষণে প্রায় হাজারখানেক সিগারেটের সমান 'ধূমপান' করে ফেলবেন!

ফলে দুটো দলের বাইশজন ক্রিকেটার প্রায় আড়াই হাজার সিগারেটের সমান দূষণ গিলে বিশ্বকাপের একটা ম্যাচ খেলতে নামবেন - ভাবা যায়?, বলছিলেন দিল্লির সেন্টার ফর সায়েন্স অ্যান্ড এনভায়রনমেন্টের এই সাবেক বিজ্ঞানী।

ঠিক এই কারণেই সোমবারের ম্যাচটির ভবিষ্যৎ সুতোর ওপর ঝুলছে বলা যেতে পারে - আইসিসি, বিসিসিআই আর হোস্ট বডি দিল্লি ক্রিকেট সংস্থা প্রবল উৎকন্ঠার সঙ্গে নজর রাখছে সোমবারের একিউআই আর স্মগ ফ্যাক্টরের ওপর!

দূষণ নিয়ে এই সর্বগ্রাসী দুশ্চিন্তায় এই ম্যাচকে ঘিরে যাবতীয় ক্রিকেটীয় আলাপ-আলোচনা আড়ালে চলে গেছে, তা বলাই বাহুল্য।

শ্রীলঙ্কা ও বাংলাদেশ দুটো দলই বিশ্বকাপে সেমিফাইনালের লক্ষ্য থেকে অনেক আগেই ছিটকে গেছে, কিন্তু ২০২৫র চ্যাম্পিয়ন্স ট্রফিতে যোগ্যতা অর্জনের লড়াই তাদের এখনও জারি। আর ঠিক সে কারণেই এই ম্যাচটায় জেতা দুই দলের জন্যই খুব জরুরি - যাতে পয়েঃট তালিকায় তারা অন্তত আট নম্বরে শেষ করতে পারে।

এই প্রসঙ্গেই বিবিসির এক প্রশ্নের জবাবে হাথুরুসিংহে বললেন, আমি এখনও মনে করি বাংলাদেশের পক্ষে চ্যাম্পিয়ন্স ট্রফির একটা স্পট অর্জন করা খুবই সম্ভব।

তার কারণটাও খুব সহজ - বাংলাদেশ এখনও তাদের সেরা ক্রিকেটের ধারেকাছেও পৌঁছতে পারেনি।

আমরা যতটা ভাল খেলার ক্ষমতা রাখি, বাকি দুটো ম্যাচে সেটা দেখাতে পারলে অবশ্যই আমাদের চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলার সম্ভাবনা থাকবে, জানালেন তিনি।

অন্য দিকে শ্রীলঙ্কার ক্যাপ্টেন কুশল মেন্ডিস জানালেন বাংলাদেশ তাদের খুব চেনা প্রতিপক্ষ - এই বছরেই অনেকগুলো ম্যাচ খেলেছি বাংলাদেশের সঙ্গে, ওদের নিয়ে অবশ্যই আমাদের নির্দিষ্ট পরিকল্পনা আছে - কিন্তু আলাদা করে বিরাট প্রস্তুতির দরকার নেই! গত ম্যাচেই ভারতের কাছে তিনশোরও বেশি রানে বিধ্বস্ত হয়ে হেরেছে শ্রীলঙ্কা, কিন্তু সেই ৫৫ রানে অল আউট হওয়ার দুস্বপ্ন যে ক্রিকেটাররা দ্রুত ভুলে যেতে চাইছেন, জানালেন সে কথাও।

এবং এটাও মনে করিয়ে দিতে ভুললেন না, বাংলাদেশের জন্য যেমন, শ্রীলঙ্কার জন্যও বাকি দুটো ম্যাচে জেতার অনুপ্রেরণা হল চ্যাম্পিয়ন্স ট্রফির হাতছানি।

কুশল মেন্ডিসের কথায়, বাকি দুটো ম্যাচে জিততে পারলে আমাদের পক্ষেও চ্যাম্পিয়ন্স ট্রফির যোগ্যতা অর্জন অবশ্যই সম্ভব।

শ্রীলঙ্কা টিম দেশে যে বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ নিয়ে থাকে, তিনি এই মুহুর্তে অন্য কাজে দিল্লিতে এসেছেন বলে দলকে সাহায্য করছেন - তা ছাড়া আইসিসির মেডিক্যাল টিমও সব সময় হাতের কাছেই আছেন।

অধিনায়ক জানালেন, তাদের উপদেশ ছাড়া ক্রিকেটাররা একটা পা-ও ফেলছেন না বা মাস্ক পর্যন্ত খুলছেন না - কারণ ঘুরেফিরে দুশ্চিন্তা সেই দিল্লির দূষণই!



# কিছু দেশে তৈরি পোশাক প্রত্যাহারের বিষয়ে কী জানা যাচ্ছে

**ঢাকা (ওয়েবডেস্ক)ঃ** কানাডাসহ কয়েকটি দেশে বাংলাদেশের কারখানায় তৈরি হওয়া নানা ব্র্যান্ডের পোশাক বাজার থেকে তুলে নিতে বলা হয়েছে বলে একটি পত্রিকায় খবর প্রকাশের পর এ নিয়ে আলোচনা শুরু হয়েছে। তবে বাংলাদেশের কর্মকর্তারা বলছেন, ব্র্যান্ড কোম্পানির চাহিদা, নমুনা এবং নির্দেশিত উপকরণ দিয়েই বাংলাদেশি কারখানাগুলো পোশাক তৈরি করে সরবরাহ করে। ফলে পোশাক প্রত্যাহারের সাথে কারখানাগুলোর আসলে কোন দায় বা সংশ্লিষ্টতা নেই। বাংলাদেশে একটি দৈনিক পত্রিকায় প্রকাশিত খবরে বলা হয়েছে, বিশ্বের ১২টি দেশ থেকে নানা ধরনের পোশাক প্রত্যাহার করার নির্দেশ দিয়েছে সেসব দেশের নিয়ন্ত্রক সংস্থা। পোশাকগুলো স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ হয়ে উঠতে পারে এই আশঙ্কা থেকে বাজারে থাকা এসব পোশাকের বিক্রি বন্ধ রাখতে হয়েছে।

সেইসাথে এরইমধ্যে যেসব পণ্য বিক্রি হয়ে গিয়েছে সেগুলো ভোক্তাদের কাছ থেকে ফেরত নেয়ার নির্দেশও দেয়া হয়েছে।



তবে বাজার থেকে পণ্য তুলে নেয়ার এই সিদ্ধান্তে বাংলাদেশের কোন দায় নেই বলে জানিয়েছেন তৈরি পোশাক খাত সংশ্লিষ্টরা।

বিজিএমইএ বলছে, ক্রেতারা অর্ডার দেয়ার সময় পণ্যের যাবতীয় বিবরণ দিয়ে থাকে এবং সেই অনুযায়ী পণ্য বানানো হয়। এরপর নমুনা পাঠানো হলে সেটির অনুমোদনের পর মালামাল শিপমেন্ট করা হয়। স্যাম্পল অনুযায়ী পণ্য না পাঠানো হলে অর্ডারই বাতিল হয়ে যেতে পারে। ফলে এক্ষেত্রে বাংলাদেশি কারখানাগুলোর কোন দায় নেই।

তাদের দাবি, বাংলাদেশ থেকে যখন বিদেশে পণ্য যায়, তখন সেটি সব ধরনের মান উত্তীর্ণ হয়ে ক্রেতাদের চূড়ান্ত অনুমোদন শেষেই পাঠানো হয়।

যেসব পোশাক প্রত্যাহারের কথা বলা হচ্ছে, এমনকি সেসব পোশাকের দামও মিটিয়ে দিয়েছে ব্র্যান্ড কোম্পানিগুলো। এখন সেই কারখানায় ডিজাইনে কিছুটা পরিবর্তন এনে ওই ব্র্যান্ডের পোশাকের উৎপাদন চলছে বলে জানানো হয়েছে।

কিন্তু বিভিন্ন দেশের সংবাদমাধ্যমে বাজার থেকে তুলে নেয়া এসব পণ্যের প্রস্তুতকারক দেশ হিসেবে বাংলাদেশের নাম প্রচার করায় এই শিল্পে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে বলে মনে করেন সংশ্লিষ্টরা।

বাংলাদেশের তথ্যমন্ত্রী হাছান মাহমুদও এ নিয়ে প্রতিক্রিয়া জানিয়ে বলেছেন, এট একটি ভুল সংবাদ।

তবে এ ধরনের ঘটনা একেবারে নতুন কিছু নয়। উন্নত দেশগুলোতে নিয়ন্ত্রক সংস্থা নানা কারণে অনেক সময় বিভিন্ন পোশাক ও পণ্য বাজার থেকে প্রত্যাহার করে নেয়ার নির্দেশ দিয়ে থাকে। অতীতে যুক্তরাষ্ট্র ও ইউরোপের বাজারে বিভিন্ন দেশ থেকে আমদানি করা পোশাক, প্রসাধনী পণ্য বাজার থেকে তুলে নেয়ার উদাহরণ হয়েছে।

সর্বশেষ কানাডার সরকারি ওয়েবসাইটে, জর্জ ব্র্যান্ডের শিশুদের গলা থেকে পা পর্যন্ত ঢাকা স্লিপার জাতীয় পোশাকটি এ পর্যন্ত যা বিক্রি হয়েছে, তা ক্রেতাদের থেকে পূর্ণ অর্থ পরিশোধ বাবদ ফেরত নিতে বলা হয়েছে চেইনশপ ওয়ালমার্টকে।

গত চৌঠা অক্টোবরের ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়, জর্জ ব্র্যান্ডের এই স্লিপারগুলো বারবার ধোয়ার কারণে এর জিপার পুল এবং পায়ের গ্রিপ পড়ে যেতে পারে বা সরে যেতে পারে।

এতে জিপার চেপে গিয়ে শিশুর দম বন্ধ হয়ে যেতে পারে। সেইসাথে খুলে আসা পায়ের গ্রিপের টুকরাগুলো শিশুর মুখে চলে যেতে পারে।

এসব কারণ দেখিয়ে ভোক্তাদের অবিলম্বে এই স্লিপার ব্যবহার বন্ধ করা উচিত বলে কানাডার ওই ওয়েবসাইটে আহ্বান জানানো হয়।

যদিও ২১শে সেপ্টেম্বর পর্যন্ত, কোম্পানিটি কানাডায় এ ধরনের কোন ঘটনা বা স্বাস্থ্য সমস্যার অভিযোগ পায়নি। কানাডা কনজিউমার প্রোডাক্ট সেফটি অ্যাক্ট অনুযায়ী একবার যে পণ্য প্রত্যাহার করা হয় সেগুলো ওই দেশে পুনরায় বিতরণ, বিক্রি বা এমনকি বিনামূল্যে দেয়াও নিষিদ্ধ। এছাড়া ইউরোপীয় কয়েকটি দেশের বাজার থেকেও এভাবে পোশাক সরিয়ে নেয়ার নির্দেশ দিয়েছে সেদেশের নিয়ন্ত্রক সংস্থা।

ওয়ালমার্টের স্টোরগুলোয় গত বছরের নভেম্বর থেকে চলতি বছর জুন পর্যন্ত অন্তত দুই লাখ ১৬ হাজারের বেশি পিস স্লিপার বিক্রি হয়ে গিয়েছে, যা এখন তাদের ফেরত নিতে হবে।

স্লিপারগুলো প্রস্তুত করেছে বাংলাদেশের ইউনিক ডিজাইনার্স লিমিটেড নামে একটি প্রতিষ্ঠান এবং হংকংয়ের পিডিএস ফারইস্ট লিমিটেড সেগুলো বিতরণ করেছে বলে জানা যায়।

ইউনিক ডিজাইনার্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ফরিদ আহমেদ জানিয়েছেন, তাদের গাজীপুরের কারখানায় জর্জ ব্র্যান্ডের ওই স্লিপারগুলো তৈরি করা হয়েছে। এখানে জিপার নিয়ে যে অভিযোগ উঠেছে সেই জিপার ওয়ালমার্টের অনুমোদিত স্লিক কোম্পানির। সেইসাথে গ্রিপসহ পণ্যের সার্বিক সবকিছু মান পরীক্ষা শেষেই পাঠানো হয়েছে।

তাই কানাডার সরকার যে অভিযোগ তুলেছে তা নিয়ে বাংলাদেশের প্রস্তুতকারকদের কোন দায় নেই। এ নিয়ে ওয়ালমার্টও তাদের কাছে কোন অভিযোগ করেনি।

সৈয়দ ফরিদ আহমেদ বলেন, সিঙ্গাপুরভিত্তিক বায়িং হাউস পিডিএসফারইস্ট লিমিটেড আমাদের পণ্যের গুনগত মান পরীক্ষা করে এরপর ওয়ালমার্টে পাঠায়।

পিডিএস আমাদের কাছে সমস্যার কথা বলেছে। আমরা বলেছি যে ওয়ালমার্ট যে মানের জিপার চেয়েছে আমরা সেটাই দিয়েছি। এখানে আমাদের কোন দায় নেই। ক্ষতি হয়েছে কোম্পানির তিনি যুক্ত করেন।

বাংলাদেশের প্রস্তুতকারকরা ইতোমধ্যে ওই অর্ডারের পেমেন্ট পেয়ে গিয়েছেন। তাই বাংলাদেশের এখানে কোন আর্থিক ক্ষতির আশঙ্কাও নেই।

ওয়ালমার্ট আমাদের অর্ডার দেয়া বন্ধ করেনি। আমাদের কারখানায় উৎপাদন চলছে। তবে এবার তারা আমাদের ভিন্ন রকম জিপার লাগাতে বলছে, আমরা সেটাই করছি। বলেন মি. আহমেদ।

এ বিষয়ে তৈরি পোশাকশিল্প মালিকদের সংগঠন বিজিএমইএর সহসভাপতি শহীদউল্লাহ আজিম বিবিসি বাংলাকে জানান, ক্রেতারা অর্ডার দেয়ার সময় পণ্যের যাবতীয় বিবরণ দিয়ে দেয় এবং আমরা সে অনুযায়ী বানাই।

এরপর সব পণ্য পরীক্ষা নিরীক্ষা করে কোম্পানির কাছে স্যাম্পল (নমুনা) পাঠানো হয়। সেখানে অনুমোদন পেলেই পণ্যগুলো পাঠানো হয়। তিনি বলেন।

মি. আজিম জানান, আমরা স্যাম্পল অনুযায়ী পণ্য তৈরি না করলে সমস্যা আমাদের, এক্ষেত্রে অর্ডারই বাতিল হয়ে যাবে, পণ্য বাজারে পৌঁছাবে না।

তার মতে, পণ্য বাজারে পৌঁছেছে মানে এটি মান উত্তীর্ণ হয়েই গিয়েছে।

এক কথায় তাদের প্রেসক্রিপশন অনুযায়ী পণ্য তৈরির পর যদি সমস্যা হয় তাহলে সেই দায় আমাদের না। তিনি বলেন।

এদিকে সোয়েটশার্ট বা ট্রাউজারের ফিতা জড়িয়ে দুর্ঘটনার যে আশঙ্কার কথা বলা হয়েছে এখানেও বাংলাদেশের প্রস্তুতকারকদের কোন দায় নেই বলে তিনি উল্লেখ করেন।

মি. আজিম বলেন, পোশাকের ডিজাইন কেমন হবে, গলার মাপ, ফিতা থাকবে কি থাকবে না, সব তারা বলে দেয়, আমার শুধু তাদের ফলো করি। পণ্য একবার পাঠানো হয়ে গেলে আমাদের কিছু করার নেই।

এ ব্যাপারে বিজিএমইএ এখন পর্যন্ত কোন ক্রেতা দেশের থেকে আনুষ্ঠানিকভাবে কোন অভিযোগ পায়নি। ক্রেতাদের চাহিদা ও সরবরাহ করা ডিজাইন অনুযায়ী বাংলাদেশের কারখানাগুলোয় পণ্য তৈরি করা হয় বলে কর্মকর্তারা বলছেন।

এ ধরনের ঘটনায় বাংলাদেশের পোশাক শিল্পে কোন প্রভাব ফেলবে না বলে তিনি মনে করেন।

তবে তার মতে, বিদেশি সংবাদমাধ্যমে ঝুঁকির আশঙ্কা থাকা এসব পণ্যের প্রস্তুতকারক হিসেবে বাংলাদেশের নাম উঠে আসায় অকারণে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে।

যদিও বিভিন্ন দেশের নিয়ন্ত্রক সংস্থা প্রায়শই নানান দেশের পণ্যের ওপর এ ধরনের নিষেধাজ্ঞা দিয়ে থাকে। এতে ওই শিল্পে বড় ধরনের কোন প্রভাব পড়ার নজির নেই বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।




## টুকরো খবর

### শিক্ষকের বাড়িতে কলা গাছের মাঝখান থেকে মোচা

**জলপাইগুড়ি ঃ** সম্প্রতি জলপাইগুড়ির বামন পাড়ার রত্না সরকারের বাড়িতে এই বিরল দৃশ্য চোখে পরতেই ভিড় জমায় অনেকে। যদিও এই প্রসঙ্গে জলপাইগুড়ি সাইন্স এন্ড নেচার ক্লাবের সম্পাদক ড.রাজা রাউত বলেন, এটি কোনো বিরল বা অলৌকিক ঘটনা নয়। আমাদের মধ্যে অনেকেই যেমন কিছু জন্মগত ত্রুটি নিয়ে জন্মায় ঠিক তেমন এই কলা গাছের ক্ষেত্রেও কোনো জন্মগত ত্রুটির কারণেই গাছ টির মাঝখান দিয়ে নতুন ফুল বা মোচা বেরিয়ে এসেছে। অপরদিকে রত্না সরকার বলেন এই সব গাছ আমিই লাগিয়েছি। এমন দৃশ্য আগে দেখিনি, পূজো দিলাম কারণ এখানে বিষ্ণু অবতারের অবস্থান রয়েছে। বাড়ির কর্তা পেশায় শিক্ষক সুব্রত সরকার বলেন, হঠাৎ একদিন স্কুল থেকে বাড়ি ফেরার পর স্ত্রী এই দৃশ্য দেখালো, তারপর থেকে পুজো দি, ধুপকাঠি জ্বালিয়ে রাখি কলা গাছের সামনে।

### জাতীয় সড়কে হাতির পাল দেখতে পর্যটকদের ভীড়

**জলপাইগুড়িঃ** নাগরাকাটার গ্রাসমোড় চাবাগানের চার নং ফাটকে ১৭ নং জাতীয় সড়ক হাতির পাল দেখার জন্য পর্যটকদের দর্শনীয় স্থান হয়ে দাঁড়িয়েছে। বৃহস্পতিবার সকালেও তিনদফায় হাতির দল ভুটান থেকে ফিরে ১৭ নং জাতীয় সড়ক পার করে ডায়না জঙ্গলে ফিরে গিয়েছে। হাতির দলের জাতীয় সড়ক পারাপারের সেই দৃশ্য দেখতে অন্যান্য দিনের মতো এদিনও ভীড় জমিয়েছে স্থানীয় বাসিন্দা থেকে শুরু করে পর্যটকেরা। এদিন ভোর সাড়ে পাঁচটা থেকে সকাল সাড়ে সাতটা পর্যন্ত ৪৫টি হাতির দল তিনটি ভাগে ভাগ করে জাতীয় সড়ক পার করে ডায়নার জঙ্গলে ফিরে গিয়েছে। তবে অঘটন যাতে না ঘটে, সেজন্য হাতির দলটিকে পাহাড়া দিয়ে রেস্কিউ করে ডায়না রেঞ্জের বনকর্মীরা ডায়নার জঙ্গলে ফিরিয়েছে বলে জানিয়েছেন ডায়না রেঞ্জের রেঞ্জার অশেষ পাল।

### মাটিগাড়ায় নাবালক হত্যা মামলার আসামিদের জামিন আবেদন খারিজ

**শিলিগুড়ি ঃ** শিলিগুড়ির মাটিগাড়ায় নাবালক খুনের মামলায় অভিযুক্তকে বৃহস্পতিবার আবার আদালতে পেশ করা হয়েছে। যেখানে আদালত তার জামিনের আবেদন নাকচ করে তাকে বিচার বিভাগীয় হেফাজতে ফেরত পাঠায়। ৯০ দিনের মধ্যে চার্জশিট পেশ করতে হয়।তবে এই সময়সীমার অনেকটা আগেই আদালতে চার্জশিট জমা করেছে মাটিগাড়া থানার পুলিশ।বর্তমানে ফরেনসিক রিপোর্টের অপেক্ষা করছে আদালত।এই রিপোর্ট আসলেই নাবালিকা হত্যাকান্ডের সমস্ত তথ্য পাওয়া যাবে। এদিকে আজ ফের একবার অভিযুক্ত আব্বাসকে আদালতে পেশ করা হলে তাঁর আইনজীবী ফের আদালতের কাছে জামিনের আর্জি জানায়।যদিও বিচারক তা খারিজ করে দেন।পুজোর পর নভেম্বর মাস থেকে নাবালিকা খুনের মামলার ট্রায়াল শুরু হবে।এর পাশাপাশি চার্জশিটে যাদের নাম রয়েছে তাদের বয়ান রেকর্ড করা হবে বলে জানা গিয়েছে।

### শিলিগুড়িতে ছুরি দেখিয়ে ১০ বছরের এক কিশোরীকে ধর্ষণের চেষ্টা

**শিলিগুড়ি ঃ** দশ বছরের আদিবাসী নাবালিকাকে ধর্ষণের চেষ্টা ও চাকু দেখিয়ে খুনের হুমকি অভিযোগে গ্রেফতার এক যুবক। জানা যায় গতকাল শিলিগুড়ি মহকুমা পরিষদের অন্তর্গত ফাঁসিদেওয়া ব্লকের বাঘাভিটা নিচালাইন এলাকার ঘটনা। গতকাল দুপুরের নাগাদ বাড়িতে কেউ না থাকায় এক যুবক জোরপূর্বক সেই নাবালিকাকে ধর্ষণের চেষ্টা করে। এর পরেই ভয় পেয়ে চিৎকার চেঁচামেচি শুরু করতে কোনক্রমে বাড়ি থেকে বেরিয়ে কান্না করতে থাকে সেই নাবালিকা। এরপরেই প্রতিবেশী এক মহিলা দৌড়ে এসে সেই নাবালিকাকে উদ্ধার করে। এবং বিষয়টি জানতে পেরেই সেখান থেকে পালিয়ে যায় সেই যুবক। এবং প্রতিবেশী মহিলা গ্রামবাসীদের ডেকে নেয় এরপরে সমস্ত গ্রামবাসী এক হয়ে ওই যুবক বিরুদ্ধে শাস্তির দাবি তোলেন।অন্যদিকে ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আছেন অল ইন্ডিয়া আদিবাসী ওয়েলফেয়ার সোসাইটি সভাপতি বিনয় মুর্মু সহ ওয়েলফেয়ারের সদস্যরা।এবং এলাকার পঞ্চায়েত সদস্য স্থানীয় বাসিন্দারা জানান এভাবে দিনের আলোয় এক নাবালিকার উপরে এভাবে ধর্ষণের চেষ্টা তবে নারীরা কোথায় সুরক্ষিত। ছোট ছোট শিশু ও নাবালিকাদের উপরে এভাবে অত্যাচার মেনে নেওয়া যায় না। তবে প্রশ্ন উঠছে প্রতিনিয়ত আদিবাসী সম্প্রদায়ের মহিলাদের উপর এভাবে ধর্ষণ নির্যাতন ও ধর্ষণের চেষ্টা পাশাপাশি ভয় দেখিয়ে খুনের হুমকি দেওয়া হয়। এরপরেই খবর দেওয়া ঘোষপুকুর ফাঁড়ির পুলিশকে। পুলিশ এসে অভিযুক্ত যুবককে গ্রেফতার করে। নাবালিকা পরিবারের পক্ষ থেকে একটি লিখিত অভিযোগ করা হয়। অভিযুক্ত যুবকের নাম মুক্তিপ্রকাশ কাছোয়া(২৭)। ধৃতকে আজ শিলিগুড়ি মহাকুমা আদালতের পাঠানো হয়। ধৃতর বিরুদ্ধে পক্সো আইনে মামলার রুজু করা হয়েছে। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে ঘোষপুকুর ফাঁড়ির পুলিশ।

### ৭১ তম বর্ষে রবীন্দ্র সংঘের নিবেদন আমরা তো অল্পেতে খুশি, কি হবে দুঃখ করে? আমাদের দিন চলে যায় সাধারণ ভাত কাপরে

**শিলিগুড়ি ঃ** ৭১ তম বর্ষে রবীন্দ্র সংঘের নিবেদন আমরা তো অল্পেতে খুশি, কি হবে দুঃখ করে? আমাদের দিন চলে যায় সাধারণ ভাত কাপরে।পূজা কমিটির পক্ষে সাধারণ গরীব খেটে খাওয়া মানুষের জীবণ যাত্রা নিখুঁতভাবে তুলে ধর হয়ে এই মন্ডসজ্জার মধ্যদিয়ে।আজ মহা তৃতীয়াতে মন্ডপের দাড় খুলে দেন পূজা কমিটি।আজ শুভ উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট আইনজীবী জয়জীৎ চৌধুরী ২১ নম্বর ওর্য়াড কাউন্সিলর কুন্তল রায় পূজা কমিটির সভাপতি ডাঃ মৈনাক মুখার্জি ডাঃ শংখ সেন সহ ক্লাবের পক্ষে তপন দত্ত স্বপন নন্দী স্বপন মিত্র উদয়ন দাসগুপ্ত সহ ক্লাবের অন্যান্য সদস্যরা।আজকের এই শুভক্ষণে কালো মেঘের ছায়া ফেলেছে সিকিমের বন্যা।এই বন্যায় মৃত ব্যক্তিদের শ্রদ্ধা জানাবার পাশাপাশি ত্রান বাবদ ১০ হাজার টাকার চেক তুলে দেন ক্লাব সভাপতি সমাজ সেবী দেবাশীষ সরকারের হাতে।

### প্রতিশোধ নিতে চতুর্থীর রাতে এক গৃহবধূকে গণধর্ষণ করার অভিযোগ

**মালদা ঃ** জমি নিয়ে গন্ডগোল। প্রতিশোধ নিতে চতুর্থীর রাত্রে এক গৃহবধূকে গণধর্ষণ করার অভিযোগ উঠল। মালদার ইংলিশ বাজার থানার নরহাট্রা গ্রাম পঞ্চায়েত এলাকার ঘটনা। আশঙ্কাজনক অবস্থায় গৃহবধূ বর্তমানে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। খবর পেয়ে গতকাল গভীর রাতে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে আসে ইংলিশ বাজার মহিলা থানার পুলিশ। আজ গৃহবধুর পরিবারের পক্ষ থেকে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হবে বলে জানা গেছে। নির্যাতিতা গৃহবধূ স্বামীর অভিযোগ, ২০১৬ সাল থেকে ১৮ শতক জায়গা নিয়ে স্থানীয় তিন ব্যক্তির সাথে তাদের গন্ডগোল। গতকাল সন্ধ্যায় খড়ির পাতা আনতে গিয়ে একা পেয়ে তার স্ত্রীকে ওই তিন ব্যক্তি গণধর্ষণ করে এবং মারধর করে বলে অভিযোগ। পরে তার স্ত্রীকে আশঙ্কা জনক অবস্থায় উদ্ধার করে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসা হয়। তিনি আরো জানান গতকাল রাত্রেই হাসপাতালে মহিলা থানার পুলিশ এসেছিল। আজ থানায় লিখিত অভিযোগ দায়ের করা হবে। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তুলেছেন তিনি।

### দুর্গামাতা চা বাগানে দুটি চিতাবাঘের শাবকের মৃতদেহ উদ্ধার

**শিলিগুড়ি ঃ** বৃহস্পতিবার খড়িবাড়ির বুড়াগঞ্জে দুর্গামাতা চা বাগানে দুটি চিতাবাঘের শাবকের মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য। এদিন বাগানে কাজ করতে গিয়ে দুটি চিতাবাঘের শাবকের মৃতদেহ দেখতে পান চা শ্রমিকরা। পরে শ্রমিকরা বনকর্মীদের খবর দিলে টুকুরিয়াঝাড় বনকর্মীরা মৃত চিতাবাঘের শাবক দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বেঙ্গল সাফারিতে পাঠায়। চিতাবাঘের শাবক মধ্যে লড়াইয়ের জেরে এই মৃত্যু হতে পারে বলে অনুমান বনকর্মীদের। তবে ময়নাতদন্তের পর মৃত্যুর কারণ পরিস্কার হবে।

### সাতসকালে গ্রামে দাপিয়ে বেড়াচ্ছে ৩০টি বুনো হাতির দল

**আলিপুরদুয়ার ঃ** সাতসকালে গ্রামে দাপিয়ে বেড়াচ্ছে ৩০টি বুনো হাতির দল।আলিপুরদুয়ার জেলার মাদারিহাট মেঘনাৎ সাহা নগড় এলাকায় শুক্রবার সকালে গ্রামে দাপিয়ে বেড়াচ্ছে ৩০ টি বুনো হাতির দল। জলদাপাড়া জাতীয় উদ্যানের জঙ্গল থেকে বুনো হাতির দল গ্রামে প্রবেশ করে দাপিয়ে বেড়াচ্ছে। এদিন সকালে পথ চলতি মানুষরা হাতির মুখোমুখি হয়ে পড়ে। দিনের আলোতে গ্রামের রাস্তায় চলছে হাতির দল।ঘটনাস্থলে জলদাপাড়া বনবিভাগের বনকর্মীরা পৌঁছেছে।






## বিএনপি'র দাবি 'গ্রেফতার ঝড়' চলছে, নতুন কর্মসূচির সন্ধান

**ঢাকা ঃ** বাংলাদেশে নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে আগামী সংসদ নির্বাচন আয়োজনের দাবিতে আন্দোলনরত বিএনপি বলছে তাদের ওপর দিয়ে এখন 'গ্রেফতার ঝড়' চলছে। যদিও 'মাঠের রাজনীতিতে খুব একটা সক্রিয় নন' এমন কিছু নেতার গ্রেফতার দলের মধ্যেই অনেককে বিস্মিত করছে। পাশাপাশি দীর্ঘ সময় ধরে আন্দোলন চালিয়ে যেতে হতে পারে -এই বিবেচনায় হরতাল অবরোধ ছাড়াও নতুন কী ধরনের কর্মসূচি দেয়া যায় তা নিয়ে ভাবতে শুরু করেছে দলটি। বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাদের সাথে কথা বলে এমন তথ্য পাওয়া গেছে। দলটি এখন ৪৮ ঘণ্টার অবরোধ কর্মসূচি পালন করছে, যা চলবে মঙ্গলবার ভোর ছয়টা পর্যন্ত। এরপর বুধ ও বৃহস্পতিবারের জন্য নতুন কর্মসূচি আসবে বলে ধারণা করা হচ্ছে। তবে দলীয় সূত্রগুলো বলছে, হরতাল কিংবা অবরোধ ছাড়াও আর কী কী ধরনের কর্মসূচি দেয়া যায় তা নিয়ে চিন্তা করতে দলের নেতাদের পরামর্শ দেয়া হয়েছে শীর্ষ পর্যায় থেকে। বিএনপির আন্দোলন দারুণভাবে চলছে এবং আমরা এগিয়ে যাচ্ছি। আমরা চেষ্টা করছি সহিংস না হয়ে আন্দোলন চালিয়ে যেতে। সামনের পরিবেশ পরিস্থিতিই বলে দিবে আমরা কোন দিকে যাবো, দলটির জাতীয় স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বলছিলেন।



# গাজাকে দুই অংশে বিভক্ত করে ফেলার দাবি ইসরায়েলের

**ইসরায়েল (এজেন্সী) ঃ** ইসরায়েলের সামরিক বাহিনী দাবি করেছে, তারা গাজাকে কার্যত দুই ভাবে বিভক্ত করে ফেলেছে। সেনাবাহিনীর মুখপাত্র ড্যানিয়েল হাগারি বলেছেন, সেনারা গাজায় প্রবেশ করে উপকূল পর্যন্ত পৌঁছে গেছে এবং কার্যতভাবে তারা গাজা উপত্যকাকে দুই ভাগ করে ফেলেছে। একটি হচ্ছে উত্তর গাজা এবং আরেকটি দক্ষিণ গাজা। এর আগে তিনি বলেন, সেনারা গাজার শহরটিকেও ঘিরে ফেলেছে।

মি. হাগারি বলেন, ইসরায়েল এখনো গাজার উত্তরাঞ্চল থেকে দক্ষিণাঞ্চলে যেতে বাসিন্দাদের জন্য একটি 'করিডর' খোলা রেখেছে। ইসরায়েল ঘোষণা করেছে তারা হামলা আরো জোরদার করবে এবং গাজা উপত্যকা এবং গাজা শহর ঘিরে স্থল অভিযানও আরো শক্তিশালী করা হবে।

গাজায় হামাস পরিচালিত স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, গত সাতই অক্টোবর হামাসের হামলার পর থেকে ইসরায়েলের অব্যাহত বিমান হামলায় এখনো পর্যন্ত ১০ হাজারের মতো ফিলিস্তিনি নিহত হয়েছে।

এদিকে, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন এরইমধ্যে তুরস্কে পৌঁছেছেন। ওই এলাকায় কূটনৈতিক সফরের অংশ হিসেবে তিনি তুরস্কে গেলেন। তিনি যুদ্ধ বিরতির বিষয়ে আলোচনার দিকে জোর দিচ্ছেন। এর আগে বাগদাদে অ্যান্টনি ব্লিঙ্কেন বলেন, আঞ্চলিক নেতাদের উচিত গাজায় মানবিক বিরতির প্রস্তাবকে 'স্বাগত' জানানো।

ইসরায়েল অবশ্য বলেছে, কোন ধরনের বিরতিতে সম্মত হওয়ার আগে তারা জিম্মিদের বিষয়ে অগ্রগতি চায়।

গাজা উপত্যকায় থাকা বিবিসির প্রতিবেদকের মতে, রবিবার রাতে চালানো বিমান হামলা এ পর্যন্ত হওয়া হামলাগুলোর মধ্যে সবচেয়ে বেশি তীব্র ছিল।

গাজায় প্যারাস্যুটের মাধ্যমে চিকিৎসা সরঞ্জাম দিয়েছে জর্ডান।

জর্ডানের বাদশাহ আব্দুল্লাহ জানিয়েছেন, তাঁর দেশের বিমান বাহিনী গাজা উপত্যকায় স্থাপিত জর্ডানের মাঠ পর্যায়ের হাসপাতালে জন্য জরুরি চিকিৎসা ও ওষুধ সহায়তা পাঠিয়েছে। বিমান থেকে এসব সহায়তা ছুড়ে ফেলা হয় বলে জানা যায়।

সোশ্যাল মিডিয়ায় দেয়া এক পোষ্টে বলা হয়, গাজায় যারা আহত হয়েছে তাদের সহায়তা করা তার সামরিক বাহিনীর দায়িত্বের অংশ।

তিনি বলেন, তার ভাষায় জর্ডান তারা ফিলিস্তিনি ভাইদের সহায়তায় সবচেয়ে শক্তিশালী সমর্থক হয়ে থাকবে।

এ বিষয়ে ইসরায়েলের সামরিক বাহিনী তাৎক্ষণিক কোন মন্তব্য করেনি।

ইসরায়েলি বাহিনীর মুখপাত্র ড্যানিয়েল হাগারি লেবাননের হেজবুল্লাহর সাথে সংঘাতের বিষয়টি তুলে ধরেন।

এর আগে এক প্রতিবেদনে বলা হয়, লেবানন জানিয়েছে, একটি গাড়িকে লক্ষ্য করে ইসরায়েলের চালানো বিমান হামলায় চার জন বেসামরিক নাগরিক নিহত হয়েছে।

মি. হাগারি ওই অবস্থার কথা সরাসরি উল্লেখ না করলেও তিনি বলেন, লেবাননের দক্ষিণাঞ্চলে সন্ত্রাসী টার্গেট করে হামলা চালিয়েছে আইডিএফ। ট্যাঙ্ক বিধ্বংসী ক্ষেপণাস্ত্র হামলার জবাবে এই হামলা চালানো হয়েছে। ওই হামলায় এক ইসরায়েলি নাগরিক নিহত হয়েছিল।

আইডিএফ সন্ত্রাসীদের অবকাঠামো এবং সন্ত্রাসী দল এবং তাদের যানবাহনকে লক্ষ্য করে আরো বেশ কয়েকটি হামলা চালিয়েছে।

গাজায় একটি মানবিক বিরতির বিষয়ে কূটনৈতিক তৎপরতা চালিয়ে যাচ্ছে ওয়াশিংটন।

রবিবার আম্মানে আরব পররাষ্ট্রমন্ত্রীরা মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর সাথে বৈঠক করেন যেখানে আরব রাষ্ট্রগুলো মানবিক বিরতির পরিবর্তে জরুরী অস্ত্রবিরতির প্রস্তাব আনেন।

জেরুসালেমে থাকা বিবিসির সংবাদদাতা লাইস ডুসেট বলেন, জর্ডানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী আয়মান সাফাদি জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের শীর্ষ কূটনীতিক অ্যান্টনি ব্লিঙ্কেনের সাথে খুব বিস্তারিত, স্পষ্ট এবং খোলামেলা আলোচনা হয়েছে।

তিনি বলেন, সব আরব দেশ বেসামরিক নাগরিকদের মুক্তির আহ্বান জানাচ্ছে। কিন্তু তিনি ইসরায়েলের বিরুদ্ধে ২৩ লাখ ফিলিস্তিনিকে জিম্মি করার অভিযোগ আনেন। ইসরায়েল এসব মানুষদের নিত্য প্রয়োজনীয় সেবা পাওয়ার সুযোগ না দেয়া এবং তাদের বাড়িঘর ধ্বংস করার মাধ্যমে জিম্মি করেছে বলে অভিযোগ করেন তিনি।

গত সপ্তাহে জর্ডান তেল আবিব থেকে তার রাষ্ট্রদূতকে প্রত্যাহার করে নিয়েছে। এ ধরনের পদক্ষেপ নেয়া জর্ডানই প্রথম আরব দেশ।

ইসরায়েলের সাথে জর্ডানের শান্তি চুক্তি ঝুঁকিতে পড়তে পারে কিনা এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, সবকিছু নিয়েই আলোচনার সুযোগ রয়েছে।

তিনি আরো বলেন, ইসরায়েল সরকারের মতো আমরা রাগের বশবর্তী হয়ে কিছু করছি না এবং এ কারণে আমরা সামগ্রিক চিত্রটি থেকে বঞ্চিত হচ্ছি না।

এর আগে ইসরায়েলের সামরিক বাহিনীর মুখপাত্র ড্যানিয়েল হাগারি বলেন ঃ আমরা অনেক শক্তি নিয়ে হামলা করছি। আজ রাতে এবং প্রতিদিনই। আজ রাতের হামলাটি উল্লেখযোগ্য ছিল। গাজায় থাকা বিবিসির প্রতিবেদক রুশদি আবুআলুফ অবশ্য বলেছেন, তিনি মনে করেন, যুদ্ধ শুরুর পর থেকে এ পর্যন্ত গত রাতের বিমান হামলাই সবচেয়ে তীব্র ছিল।

তিনি বলেন, গাজার উত্তর পশ্চিমাঞ্চলকে লক্ষ্য করেই বেশি হামলা হয়েছে। উপকূলে থাকা শাতি শরণার্থী শিবিরে প্রচণ্ড হামলা চালানো হয়েছে।

গাজা এরই মধ্যে টেলিফোন নেটওয়ার্ক এবং ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন রয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান টেড্রোস আধানম ঘেব্রেয়েসুস বলেন, তারা যোগাযোগ বিচ্ছিন্নতা এবং ভারী বোমাবর্ষণ নিয়ে খুবই উদ্বিগ্ন।

যোগাযোগ ব্যবস্থা ছাড়া বাসিন্দাদের মধ্যে যাদের জরুরী ভিত্তিতে চিকিৎসা দরকার তারা হাসপাতাল ও অ্যাম্বুলেন্সের সাথে যোগাযোগ করতে পারবে না, তিনি বলেন।

যোগাযোগের সব চ্যানেল জরুরি ভিত্তিতে চালু করা উচিত।

ইসরায়েলকে লক্ষ্য করে হামলা গাজা উপত্যকায় ইসরায়েলি বিমান হামলা চলমান থাকার সময়ে দেশটির সামরিক বাহিনী জানিয়েছে, ইসরায়েলের কেন্দ্রীয় এলাকায় বিমান হামলার সাইরেন বাজতে শোনা গেছে। গাজা থেকে রকেট ছোঁড়ার কারণে এই সাইরেন বেজেছে বলে জানানো হয়।

এক্স এর এক পোস্টে আইডিএফ জানিয়েছে, লাখ লাখ ইসরায়েলি বাসিন্দা আশ্রয় কেন্দ্রের দিকে ছুটে যাচ্ছে। একই সাথে তারা হামলার হুমকিতে থাকা জায়গাগুলো নির্দেশ করে একটি মানচিত্রও প্রকাশ করেছে।

আইডিএফ সম্প্রতি জানিয়েছে, গত সাতই অক্টোবর থেকে এ পর্যন্ত আট হাজার রকেট ইসরায়েলকে লক্ষ্য করে ছোড়া হয়েছে।

ফিলিস্তিনি শরণার্থীদের জন্য জাতিসংঘের সংস্থা ইউএনআরডাব্লিউএ জানিয়েছে, যুদ্ধ শুরু হওয়ার পর থেকে গাজায় জাতিসংঘের ৪৮টি স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে।

সংস্থাটি বলেছে যে, গাজার ১৫ লাখ বাসিন্দা বাস্তুচ্যুত হয়েছে এবং এর মধ্যে প্রায় অর্ধেকই তাদের স্থাপনায় আশ্রয় নিয়েছে।

জাতিসংঘ বলছে, তাদের আশ্রয় কেন্দ্রগুলোতে ক্রমে ভিড় বাড়ছে এবং দক্ষিণাঞ্চলের আশ্রয় কেন্দ্রগুলো নতুন আসা শরণার্থীদের আর গ্রহণ করতে পারছে না। ইউএনআরডাব্লিউএ এর স্থাপনাগুলোর কাছে রাস্তায় অনেক বাস্তুচ্যুত মানুষ ঘুমাচ্ছে। ইসরায়েল গাজার উত্তরাঞ্চলকে খালি করার নির্দেশ দিয়েছে এবং ওই এলাকাটি হামাসের বিরুদ্ধে পরিচালিত সামরিক অভিযানের মূল লক্ষ্য।

গাজা থেকে যেসব বিদেশি নাগরিক মিশরে আশ্রয় নিয়েছে তাদের দেশটি ছাড়ার জন্য ৭২ ঘণ্টা বা তিন দিন সময় বেধে দেয়া হয়েছে। এরমধ্যে ব্রিটিশ নাগরিকও রয়েছেন।


শুক্রবার রাফাহ ক্রসিং দিয়ে শত শত বিদেশি নাগরিককে মিশরে সরিয়ে নেয়া হয়েছে।

ম্যানচেস্টারের একজন শিক্ষক নাসের আলশান্তি বিবিসি নিউজকে বলেন, তার গর্ভবতী মেয়ে ইউসরা মিশরে আটকে পড়েছেন কারণ তার স্বামী ব্রিটিশ নাগরিক নন। তারা আশঙ্কা করছেন যে, বেধে দেয়া তিন দিনের মধ্যে তারা মিশর ত্যাগ করতে পারবে না।

ইউসরা যুক্তরাজ্যে বেড়ে উঠেছেন এবং তিনি ২০১৫ সালে বিশ্ববিদ্যালয়ের জন্য গাজায় যান। সেখানে ইব্রাহিমের সাথে তার পরিচয় হয় এবং তারা বিয়ে করেন। তখন থেকেই গাজায় বসবাস করে আসছেন এবং দম্পতি। যুদ্ধ শুরুর প্রথম সপ্তাহে তাদের এলাকায় বোমা হামলা শুরু হলে তাদেরকে বাড়ি ঘর ছাড়তে হয়।








# ইহুদি বিদ্বেষ এবং ইহুদিবাদ বিরোধিতা এই দুইয়ের মধ্যে পার্থক্য কী?

**ইসরায়েল ঃ** গাজায় ইসরায়েল হামাস যুদ্ধ তীব্র হওয়ার সাথে সাথে সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেকেই অ্যান্টি সেমিটিজম বা ইহুদি বিদ্বেষ এবং অ্যান্টি জায়োনিজম বা জায়নবাদ বিরোধিতা, এই দুটি বিষয়ের মধ্যে পার্থক্য কী সেই প্রশ্নের উত্তর খুঁজছেন।

অ্যান্টি সেমিটিজম বা ইহুদি বিদ্বেষ বলতে ইহুদিদের বিরুদ্ধে কুসংস্কার, বৈষম্য এবং ধর্মীয় গোঁড়ামি থাকাকে বোঝায় যা শত শত বছর ধরে অনেকের মধ্যে বিদ্যমান রয়েছে। অন্যদিকে ইসরায়েল রাষ্ট্রের অস্তিত্বের বিরোধিতা করাকে অ্যান্টি জায়োনিজম বা জায়নবাদ বিরোধিতা বলে বর্ণনা করা যেতে পারে। ব্রিটেনের আদালত বলছে, ইহুদি বলতে যেমন একটি ধর্মীয় বিশ্বাসকে বোঝায় পাশাপাশি ইহুদি বলতে একটি জাতিগোষ্ঠীকেও বোঝায়। কিন্তু দুটি সম্পূর্ণ ভিন্ন বিষয়।

ইহুদিরা বহু শতাব্দী ধরে ধর্মীয় গোঁড়ামি, বৈরিতা ও নিপীড়নের সম্মুখীন হয়েছে।

উদাহরণ হিসেবে বলা যায়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়, নাৎসি এবং তাদের মিত্ররা প্রায় ষাট লাখ ইহুদিকে হত্যা করেছিল। ওই গণহত্যা 'হলোকাস্ট' নামে পরিচিত।

সমসাময়িক অ্যান্টি সেমিটিজম বা ইহুদি বিদ্বেষকে অনেকভাবে দেখা যেতে পারে। এর মধ্যে একটি হল ইহুদিদের নিয়ে প্রচলিত ষড়যন্ত্র তত্ত্ব বিশ্বাস করে ঘৃণা ছড়ানো।

এসব ষড়যন্ত্র তত্ত্ব অনুযায়ী, ইহুদিরা বিশ্বের আর্থিক ব্যবস্থা এবং সংবাদ মাধ্যমের প্রচার প্রচারণা নিয়ন্ত্রণ করে। এই ধারণা থেকে ইহুদিদের প্রার্থনালয় সিনাগগে আক্রমণ, আজেবাজে গালিগালাজ করা বা ঘৃণা ছড়ানো বক্তব্য দেয়া হয়ে থাকে। সেই সাথে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা আপত্তিকর মিমস এবং কন্টেন্ট তৈরি করা বা শেয়ার করাকে অ্যান্টি সেমিটিজম অর্থাৎ ইহুদি বিদ্বেষের উদাহরণ বলা যেতে পারে।

তবে কিছু মন্তব্য বা মতামত ইহুদি বিরোধী কিনা তা নিয়ে আবার অনেকে দ্বিমত পোষণ করেন। বিশেষ করে যারা ইসরায়েল সম্পর্কে ভিন্ন দৃষ্টিভঙ্গি রাখেন তারা কখনও কখনও কিছু মন্তব্য বা মত প্রকাশকে ইহুদি বিদ্বেষী বলতে রাজি নন।

যেমন ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরায়েলের আচরণ ও সরকারি নীতির সমালোচনা করা মানে অ্যান্টি সেমিটিজম বা ইহুদি বিদ্বেষ নয়।

বেশিরভাগ ক্ষেত্রে এই আলোচনা বা সমালোচনাগুলো ইসরায়েল এবং জায়োনিজম বা জায়নবাদের সঙ্গে সম্পর্কিত।

জায়োনিজম বা জায়নবাদ কি?

ঊনবিংশ শতাব্দীর শেষের দিকে ইউরোপে ইহুদীবাদ একটি রাজনৈতিক আন্দোলন হিসেবে গড়ে ওঠে। এই আন্দোলনের লক্ষ্য ছিল ইহুদি বিরোধিতা প্রতিরোধ করা এবং ফিলিস্তিন ভূখণ্ডে একটি ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠা করা।

যাকে ইহুদিরা ইসরায়েলের প্রাচীন ভূমি বা ইসরায়েলের ঐতিহাসিক ভূখণ্ড বলে মনে করে। জায়োনিজম বা ইহুদিবাদ বলতে মধ্যপ্রাচ্যে এই ইহুদি রাষ্ট্র গঠনের আন্দোলনকে বোঝায়।

১৯১৭ সালের বেলফোর ঘোষণায় ফিলিস্তিনে একটি ইহুদি রাষ্ট্র ঘোষণার প্রস্তাবে ব্রিটেন সমর্থন দেয়। ১৯৪৮ সালে ফিলিস্তিনের উপর ব্রিটিশ আধিপত্যের অবসানের সাথে সাথে জাতিসংঘ সুপারিশ করেছিল যে ফিলিস্তিনি এলাকাকে - ইহুদি ও আরব রাষ্ট্র এই দুটি ভাগে ভাগ করা হবে। ওই প্রথম ইসরাইল রাষ্ট্র গঠনের বিষয়টি সামনে আসে। জায়োনিস্ট বা ইহুদিবাদীরা মূলত এভাবেই আধুনিক ইসরায়েল রাষ্ট্রের প্রতি তাদের সমর্থন জানায়। কিন্তু ফিলিস্তিন ও এর আশেপাশের আরব প্রতিবেশীদের বেশিরভাগই ইসরায়েল রাষ্ট্র গঠনের বিপক্ষে অবস্থান নেয়। ফিলিস্তিন এবং আশেপাশের অঞ্চলে বসবাসকারী আরবরা ইহুদিবাদীদের ওই দাবিকে অন্যায় বলে মনে করেন। তারা মনে করতেন, ইসরায়েলের স্বীকৃতি দেয়া মানে আরব জনগণের অধিকারকে খর্ব করা।

হিব্রু বাইবেলে জিওন শব্দটি দিয়ে জেরুজালেমকে বোঝানো। যে অঞ্চলকে ঘিরেই মূলত ইসরায়েল ফিলিস্তিনের সংঘাত চলছে।

বর্তমানে, যারা ইহুদি রাষ্ট্র হিসেবে ইসরায়েলের সুরক্ষা ও সম্প্রসারণে বিশ্বাসী তারা সাধারণত জায়োনিজম বা ইহুদিবাদী আন্দোলনের অংশ বলে মনে করা হয়।

কিন্তু অ্যান্টি জায়োনিস্ট বা জায়নবাদ বিরোধীরা ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার দাবির বিরোধিতা করে। জায়নবাদ বা জায়োনিজমকে ঘিরে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি রয়েছে। যেমন, কিছু ইহুদিবাদী ইসরায়েলের বর্তমান সীমানার বাইরে অন্যান্য ভূমিতে ইসরায়েলের দখলদারিত্বের অধিকারে বিশ্বাস করে, আবার অন্য একটি অংশ এই দখলদারি বিশ্বাসের বিরুদ্ধে।

আবার আরেকটি অংশ ধর্মীয় বা রাজনৈতিক কারণে ইহুদীবাদের বিরোধিতা করে।

অনেক ইহুদি, ইহুদীবাদের মৌলিক নীতিগুলোকে সমর্থন করে বা সহানুভূতি প্রকাশ করে। যেমন ইহুদিদের মৌলিক নীতি অনুযায়ী বর্তমানে যেখানে ইসরায়েল ভূখণ্ড রয়েছে সেখানে একটি ইহুদি রাষ্ট্র থাকা উচিত।

সাধারণত যারা জায়োনিস্ট বা ইহুদিবাদী আন্দোলনের সাথে যুক্ত তারা ইহুদি জাতি হিসেবে ইসরায়েলের সুরক্ষা ও উন্নয়নে বিশ্বাস করে। তবে ইহুদি সম্প্রদায়ের অনেকেই মনে করে যে জায়োনিস্ট বা জায়নবাদী শব্দটি নানাভাবে অপব্যবহার করা হচ্ছে। বিশেষ করে এই শব্দের মাধ্যমে ইহুদিদের বিরুদ্ধে ধর্মীয় গোঁড়ামি এবং বর্ণবাদ প্রকাশ করা হচ্ছে।

তবে সব ইহুদি জনগণ জায়নবাদে বা ইহুদীবাদের সমর্থন করে না আবার যারা ইহুদি না, তারাও জায়নবাদী বা জায়োনিস্ট হতে পারেন। অর্থাৎ জায়োনিস্ট বা ইহুদিবাদী হওয়া এবং ইহুদি হওয়া এক জিনিস নয়।



উদাহরণস্বরূপ অনেক ইহুদিবাদী আছেন যারা ইসরায়েলি সরকারের দখলদারিত্বের নীতির সমালোচনা করেন। আবার অনেক ইহুদি আছেন যারা ইহুদীবাদের বিরোধিতা করেন।

আবার অনেকের মতে জায়নবাদ এক ধরনেররাজনৈতিক প্রকল্প যা পশ্চিমা সরকার, অইহুদি এবং মার্কিন খ্রিস্টান সম্প্রদায় দ্বারা সমর্থিত।

সাধারণত যারা ইসরায়েল রাষ্ট্রের অস্তিত্বের বিরোধিতা করে তাদেরকে অ্যান্টি জায়োনিজম বা জায়নবাদ বিরোধী হিসাবে সংজ্ঞায়িত করা যেতে পারে। অনেক ইহুদিবাদী আছেন যারা ইসরায়েলি সরকারের নীতির সমালোচনা করে বিশেষ করে পশ্চিম তীরের দখলদারিত্ব, বসতি নির্মাণ, সেইসাথে পশ্চিম তীরে এবং তার চারপাশে ইসরায়েল যে দেয়াল নির্মাণ করছে তার বিরোধিতা করে। সেই সাথে এই দেয়াল নির্মাণের পেছনে ফিলিস্তিনি অনুপ্রবেশকারীদের আক্রমণ প্রতিরোধের দাবিরও সমালোচনা করে থাকে অনেক ইহুদিবাদী। কিন্তু অ্যান্টি জায়োনিজম বা জায়নবাদ বিরোধীরা ইসরায়েলের এসব তৎপরতাকে, ফিলিস্তিনিদের আরও ভূমি হাতিয়ে নেওয়ার হাতিয়ার হিসেবে দেখে। কিছু ক্ষেত্রে, যখন ইসরায়েলের বিরুদ্ধে কঠোর ভাষায় সমালোচনা করা হয়, তখন সেই সমালোচনার ইহুদি বিরোধী উদ্দেশ্য আছে কিনা তা নির্ধারণ করা কঠিন হয়ে পড়ে। এই ইস্যুটিকে ঘিরে অভিযোগ উঠেছে যে, অ্যান্টি জায়োনিস্ট বা জায়নবাদ বিরোধী হওয়া অর্থাৎ ইহুদি রাষ্ট্রের বিরোধিতা করা - আসলে ইহুদি বিরোধিতার একটি আধুনিক রূপ।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে ইহুদি গণহত্যা স্মরণে আন্তর্জাতিক জোট ইন্টারন্যাশনাল হলোকাস্ট রিমেমব্রেন্স কোয়ালিশন বলছে যে ইসরায়েল সম্পর্কে কিছু দাবি এবং এর বিরুদ্ধে অভিযোগ ইহুদি বিরোধী বা অ্যান্টি সেমেটিক। যারা এই দাবির বিরোধিতা করে তাদের মতে, এই যুক্তির মাধ্যমে ইসরায়েলের বিরুদ্ধে যুক্তিসঙ্গত সমালোচনাকে দমন করা হয় এবং ইসরায়েলের সমর্থকরা এই যুক্তিকে তাদের বিরুদ্ধে বস্তুনিষ্ঠ সমালোচনার হাতিয়ার হিসেবে ব্যবহার করে। একে বর্ণবাদী আচরণ বলে মনে করে তারা। অন্যদের মতে, ইসরায়েলি সরকার এবং তার সমর্থকরা সমালোচনা এড়াতে ইচ্ছাকৃতভাবে অ্যান্টি সেমিটিজম বা ইহুদি বিদ্বেষের পরিবর্তে অ্যান্টি জায়োনিজম বা জায়নবাদ বিরোধী শব্দটি ব্যবহার করে, যাদের তাদের কর্মকাণ্ড নিয়ে কেউ কথা বলতে না পারে।

